| **আলোচ্যসূচি-০৫। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অর্থ ব্যয়ের অনুমোদন ও নতুন প্রকল্প গ্রহন**<br>ক) সভায় উপজেলা নির্বাহী জানান,নিম্ন বর্নিত খাত সমুহে নীতিমালা অনুযায়ি তাৎক্ষনিকভাবে ব্যয় করার নির্দেশনা দেওয়া হয়েছে যার বিল বকেয়া আছে। বিদ্যমান নীতিমালার আলোকে মাসিক সভায় অনুমোদন হবার পর দাখিলকৃত বকেয়া বিল পরিশোধ করা হবে।<br>১) চলতি মাসের ০৩ টি মডেমের ইন্টারনেট ব্যয়-৩৪৭১/-<br>২) চলতি মাসের সংবাদপত্রের বিল-১৫৫০/<br>৩) উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরের ১ টি ও উপজেলা পরিষদ কার্যালয়ের ১ টি ল্যাপটপের এসএসডি সাউন্ড বক্স সহ কিছু কম্পিউটার সামগ্রি ক্রয়-১৩,০০০/-<br>৪) উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরে পুরাতন মিটার স্থাপন/- ২৫,০০০/-<br><br>সভায় ১-৪ নং ক্রমিকে বর্নিত ব্যয় পরিশোধের অনুমোদন গ্রহণের জন্য ব্যয় বিবরণী/বিল ভাউচার | ক) সরকারি বিধি অনুযায়ি সিডিউল বিক্রির অর্থ হতে টেন্ডার সংক্রান্ত ব্যয় নির্বাহ করার পর অবশিশষ্ট অর্থ সরকারি কোষাগারে ফেরত দিতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার। |

দাখিল করা হয়। সভায় জানানো হয় দাখিলকৃত বিল ভাউচার সঠিক আছে। এ বিষয়ে বিস্তারিত আলোচোনান্তে দাখিলকৃত ব্যয় সমুহ উপজেলা পরিশোধের রাজস্ব তহবিল হতে পরিশোধের ব্যপারে সকলে একমত পোষণ করেন।

এছাড়া সভায় জানানো হয় বিদ্যুত না থাকলে দাপ্তরিক কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি হয় এজন্য আইপিএস স্থাপনের প্রস্তাব পেশ করা হয়। এছাড়া উপজেলা পরিষদের গ্যারেজের ও অস্থায়ী আনসার ক্যাম্প মেরামত করা প্রয়োজন বলে সভায় জানানো হলে সর্বসম্মতিক্রমে প্রস্তাব ানুমোদন করা হয় এবং উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মোঃ মাসুদুর রহমানকে সভাপতি করে ২,০০,০০০/- টাকার নিম্নরুপ প্রকল্প অনুমোদন করা হয়।

| ক্র | প্রকল্পের নাম | বরাদ্দ | বাস্তবায়ন পদ্ধতি |
|---|---|---|---|
| ১ | চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদ কার্যালয়ে অইপিএস স্থাপন এবং উপজেলা পরিষদের গ্যারেজ ও অস্থায়ী আনসার ক্যাম্প মেরামত। | ২,০০,০০০/- | ১।মোঃমাসুদুর রহমান,ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ প্রকল্প সভাপতি।<br>২ মোঃ ইব্রাহিম হামিদ শাহিন, সিনিয়র উপঃ মৎস্য অফিসার- সদস্য সচিব<br>৩। উত্তম কুমার কুন্ডু,উপজেলা শিক্ষা অফিসার-সদস্য।<br>৪। বিকাশ কুমার সাহা, মাধ্যমিক শিক্ষা অফিসার -সদস্য সচিব<br>৫। মোঃ আব্দুল হান্নান,পরিবার পরিকল্পনা কর্মকর্তা -সদস্য<br>৬। মোঃ জাহাঙ্গীর আলম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা-সদস্য<br>৭। মোঃ রেজাউল করিম ঈমাম-সদস্য |

**৬।বিবিধঃ**

**১। চলমান করোনা ভাইরাস প্রসঙ্গেঃ**
উপজেলা নির্বাহী অফিসার বলেন, করোনা ভাইরাসের ২য় দফায় আক্রান্তের হার অনেক বেশি। তিনি সরকার কর্তৃক আরোপিত লকডাউন জনসাধারনকে কঠোরভাবে মানতে বাধ্য করতে মোবাইল কোর্ট অব্যাহত আছে বলে জানান। তিনি জনসাধারণকে লকডাউন মানাতে জনপ্রতিনিধিদেরকে মাঠে নামার আহবান জাানিয়ে বলেন, জনসাধারনের লকডাউন মানার ক্ষেত্রে কিছুটা অনিহা পরিলক্ষিত হচ্ছে। তিনি এক্ষত্রে জনপ্রতিধিদেরকে দায়িত্ব পালনের অনুরোধ করেন। তিনি সভায় জনপ্রতিনিধিদের উদ্দেশ্যে বলেন,আপনারা জনগনের প্রতিনিধি জনগন আপনাদের কথা শুনবে । আপনারা সরকার কর্তৃক আরোপিত স্বাস্থ্যবিধি মানতে জনগনকে সচেতন করতে মাঠে কাজ করেন। তিনি আরো বলেন, লকডাউন চলাকালিন সকল শিক্ষা প্রতিষ্ঠান এবং মাদ্রাসা বন্ধ থাকবে। কোন মাদ্রাসা খোলা হচ্ছে কিনা এ বিষয়ে ইউপি চেয়ারম্যানদের সজাগ দৃষ্টি রাখতে অনুরোধ করেন ।
বিষয়ে উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় বলেন, জনগণকে স্বাস্থ্যবিধি মানাতে জনপ্রতিধিনিধিদের সঙ্গে নিয়ে প্রশাসনকে কাজ করতে হবে। সবার সহযোগিতায় লকডাউন শতভাগ কার্যকর করা সম্ভব হবে।

**২। উপজেলা ভাইস চেয়ারম্যানঃ** সভায় উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, মোঃ মাসুদুর রহমান উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি বলেন,আমরা জনপ্রতিনিধি আপনাদের সহযোগিতা নিয়ে কাজ করতে চাই। তিনি সভায় উপস্থিত সকল দপ্তর প্রধানকে উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করতে অনুরোধ করেন।

**৩। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানঃ** সভায় উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান, মোছাঃ সাহাজাদী বলেন,হস্তান্তরিত দপ্তরপ্রধানগন উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করলে ভাল হয়। তিনি উপজেলা কমিটি সমুহের সভা আয়োজনে আরো বেশি আন্তরিক হতে সভায় উপস্থিত বিভিন্ন দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন। তিনি জানান, উপজেলা পরিষদের সিদ্ধান্ত মোতাবেক প্রতি মাসের **১ম** বৃহঃবার উপজেলা কমিটির সভা করা হবে।

**৪। উপজেলা নির্বাচন অফিসঃ** সভায় উপজেলা নির্বাচন অফিসার বলেন, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৫। উপজেলা পরিসংখ্যান অফিসঃ** সভায় উপজেলা পরিসংখ্যান অফিসার বলেন, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন (পজীপ)ঃ** প্রকল্প কর্মকর্তা পজীপ সভায় জানান, এ দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৭। আমার বাড়ী আমার খামারঃ** আমার বাড়ী আমার খামার উপজেলা সমন্বয়কারী সভায় জানান, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৮। পল্লীবিদ্যুৎঃ** সভায় উপস্থিত পল্লীবিদ্যুৎ চুয়াডাঙ্গা জোনাল অফিসের এজিএম জানান, বিদ্যুৎ বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভায় উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন।

**৯। জঙ্গীবাদ/ সন্ত্রাসবাদ এর কুফল সম্পর্কে উদ্বুদ্ধকরণঃ**
এ উপজেলায় আলোচ্য মাসে কোন জঙ্গী তৎপরতা পরিলক্ষিত হয়নি। ইউপি চেয়ারম্যানগণ জানান যে, জঙ্গীবাদের কুফল সম্পর্কে মসজিদে জুম্মার দিন খুৎবার সময় আলোচনা করা হয়ে থাকে। এ ছাড়া ইউনিয়ন পরিষদে অনুষ্ঠিত সভা সমূহেও বিষয়টির ওপর আলোচনা করা হয়ে থাকে।

১০। **উপজেলা ডিজিটাল সেন্টারঃ** উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা ডিজিটাল সেন্টারের সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। ডিজিটাল সেন্টার চালু হওয়ার পর থেকে জনসাধারনের এ অফিস থেকে সেবা পাওয়া অধিকতর সহজলভ্য হয়েছে। এছাড়া সরকারী **১৭** টি দপ্তর উপজেলা ডিজিটাল সেন্টার হতে বিভিন্ন ধরনের ই-সেবা গ্রহন করছে।

সভাপতি আলোচনায় সক্রিয় অংশ গ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্সন করে বলেন, আমাদেরকে পূর্বের মত সুশৃংখল ভাবে কাজ করতে হবে ও দায়িত্ব পালনে আরো যত্নশীল হতে হবে। উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করতে হবে। গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহনে আরো বেশি যত্নবান হতে সকলকে তিনি অনুরোধ জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আসাদুল হক বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চুয়াডাঙ্গা সদর,চুয়াডাঙ্গা।

উপজেলা পরিষদ কার্যালয়
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ঃ ৪৬.৪৪.১৮২৩.০০০.০৬.০০২.২১- (৪০) । ১০/০৮/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলঃ–

১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-১/২ ।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা সদর ।
৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৮। উপজেলা...............................................অফিসার, চুয়াডাঙ্গা সদর ।
৯। চেয়ারম্যান, আলুকদিয়া, মোমিনপুর, কুতুবপুর, শংকরচন্দ্র,বেগমপুর,তিতুদহ,পদ্মবিলা,গড়াইটুপি ইউপি।
১০। জনাব............................................................................... ।

সভা নং ঃ ০৪/২০২১-২২ অর্থবছর।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
**তারিখ ঃ ১৪.১০.২০২১ খ্রিঃ।**
**সময় ঃ** সকাল ১১.০০ ঘটিকা।

সভাপতি ঃ মোঃ আসাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "ক"

সভায় উপস্থিত মাননীয় সভাপতি মহোদয় সভার সকল সদস্যকে শুভেচ্ছা জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার জনাব শামীম ভূইয়া সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করেন।

**সভার আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **আলোচ্যসূচি-১। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ ও অনুমোদন।**<br>১। গত অক্টোবর/২১ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। | সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | - |
| **আলোচ্যসূচি-২। উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা।**<br>**যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক উপজেলা কমিটিঃ**<br>উপজেলা প্রকৌশলী জানান, তার দপ্তরের উপজেলা কমিটির সভা বিগত ০১/০৮/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে। তিনি উক্ত সভার কার্যচিত্র উপস্থাপন করে বলেন, ২০২১-২২ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) এ ১,৪৫,,২৬,২৮৬/- টাকা জমা হয়েছে। এছাড়া বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি তহবিলে এখনও কোন বরাদ্দ পাওয়া যায়নি । | কাজের গুনগত মান নিশ্চিত করতে তদারকি অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী। |
| **মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক উপজেলা কমিটিঃ**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, বিগত ০১/০৪/২০২১খ্রি: তারিখে তার দপ্তরের উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, চুয়াডাঙ্গা সদর উপজেলার শতভাগ শিক্ষককে শিক্ষক বাতায়নের সদস্য করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| **প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক উপজেলা কমিটিঃ**<br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, বিগত ০১/০৪/২০২১ খ্রি: তারিখে তার দপ্তরের উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, করোনা ভাইরাস প্রাদুর্ভাবকালীন বিদ্যালয়ে শিক্ষকদের সাথে এবং অভিভাবকদের সাথে যোগাযোগ অব্যাহত আছে।" ঘরে বসে শিখি" বাংলাদেশ বেতার থেকে প্রচারিত পাঠদান কার্যক্রমে শিক্ষার্থীরা অংশগ্রহণ করছে এছাড়া এপ্রিল- জুন মাসের উপবৃত্তির টাকা বিতরনের লক্ষ্যে "নগদ" পোর্টালে ২১১৬৫ জন শিক্ষার্থীর জন্য ৮৯৫৪৭০০/- টাকা প্রদান করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| **আলোচ্যসূচি-৩। হস্তান্তরিত দপ্তর সমুহের বিভাগীয় চলমান কার্যক্রম পর্যালোচনা।**<br>১। উপজেলা স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, ২৭ টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে চলতি মাসে ১৯১৭৬ জন রুগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং ৬০ জন রুগির উন্নত চিকিৎসার জন্য অন্যত্র রেফার্ড করা হয়েছে। কমিউিনিটি ক্লিনিকে আগত মা এবং শিশুদের পুষ্টি বিষয়ে স্বাস্থ্য শিক্ষা প্রদান অব্যাহত আছে। চলতি মাসে কোন অপুষ্টিজনিত শিশু পাওয়া যায় নাই। তিনি জানান,করোনা ভাইরাসে আক্রান্ত রুগিদেরকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পৃথকভাবে চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে । তিনি আরো জানান, সদর হাসপাতালে করোনা ভাইরাসের টিকা প্রদান (২য় ডোজ) কার্যক্রম শেষ হয়েছে। তিনি জানান, করোনা ভাইরাসের ২য় ঢেউয়ে চুয়াডাঙ্গা সদর উপজেলায় আক্রান্তের হার অনেক বেশি। সবচাইতে ঝুকির বিষয় এ দফায় ভারতীয় ধরণ শনাক্ত হচ্ছে। এজন্য তিনি সকলকে সামাজিক দুরত্বসহ বিধি নিষেধ পালনে আন্তরিক হওয়ার পরামর্শ দেন। | ইউপি চেয়ারম্যানদের করোনা ভাইরাস সম্পর্কে জনগণকে সচেতন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপঃ স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান। |

| | | |
|---|---|---|
| ২। উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, চুয়াডাঙ্গা সদর উপজেলায় চলতি ২০২০-২১ অর্থবছরে খরিপ-১ মওসুমে ৩৮০০ জন কৃষকের মাঝে আউস প্রোনোদনা কর্মসূচি গ্রহণ করা হয়েছে। সে মোতাবেক অত্র উপজেলায় প্রতিটি ইউনিয়নে বিভাজন সম্পন্ন করে ইউনিয়ন চেয়ারম্যান বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। তাছাড়া চলতি মওসুমে আউস ১৫৬৮৫ হেক্টর, পাট ৮১০ হেক্টর, মরিচ ২৩০ হেক্টর, শাকসবজি ৩১৮৫ হেক্টর লক্ষ্যমাত্র নির্ধারণ করা হয়েছে। এছাড়া তিনি জানান, অত্র উপজেলায় উইরিয়া সার ৫৩৬ মে.টন, টিএসপি সার ১২৭ মে. টন, এমওপি সার ১৪৮ মে. টন ও ডিএপি সার ৩২০ মে.টন মজুদ রয়েছে। চলতি খরিপ-১ মৌসুমে কৃষক পর্যায়ে রাসায়নিক সার সহজলভ্যতার জন্য ডিলার পর্যায়ে সারের মনিটরিং জোরদার করা হচ্ছে। তিনি আরো জানান, অত্র উপজেলায় বানিজ্যিক ভাবে আনারের চাষ শুরু হয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আউস প্রোনোদনা প্রদানের ক্ষেত্রে প্রকৃত কৃষকদেরকে নির্বাচন করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৩। উপজেলা মৎস্য বিভাগঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, ধারাবাহিক কাজের অংশ হিসাবে এ মাসে ২৬ টি মৎস্য খামার ও প্রদর্শনী খামার পরিদর্শন সহ পরামর্শ প্রদান করা হয়েছে। তিনি বলেন, মৎস্য সংরক্ষণ আইন-১৯৫০ এর আওতায় বাজারে মাছে ফরমালিন পরীক্ষা অব্যাহত আছে। মাঠ পর্যায়ে টেস্ট কিটের মাধ্যমে চাষীর পুকুরে মাটি ও পানি পরীক্ষা পূর্বক পরামর্শ প্রদান অব্যাহত আছে । এছাড়া তিনি বলেন, ১ নভেম্বর ২০২০ হতে ৩০ জুন ২০২১ খ্রিঃ পর্যন্ত মোট ০৮ মাস জাটকা ধরা, বিক্রি, পরিবহন,মজুদ,বিপনন ও বিনিময় সম্পূর্ন নিশিদ্ধ। তিনি এ ক্ষেত্রে উপজেলা প্রশাসন ও পুলিশ প্রশাসনের সহযোগিতা কামনা করেন। তিনি আরো জানান, মৎস্য অধিদপ্তরাধীন" জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদন বৃদ্ধি" শীর্ষক প্রকল্পের মাধ্যমে পাকশির বিল, নুরুল্লাপুর বিল, ও উজলপুর বিল পূন: খননের কাজ চলমান আছে কাজের মান সন্তোষজনক বলে তিনি সভাকে জানান। | বিল পূন: খননের কাজ পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| ৪। উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, চলতি মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ৬৬৭ টি, শংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ ২৫৮টি এবং টিকা প্রদান সম্প্রসারণ গবাদী পশু ৪৩৪০, হাঁস-মুরগী ১১২৭০০। এছাড়া তিনি জানান, এ মাসে ১০১২ টি গবাদি পশু এবং ১১৩৫৩ টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এছাড়াও তিনি সভায় তার দপ্তরের চলতি মাসের নিম্নরুপ কর্মকান্ডের চিত্র উপস্থাপন করেনঃ পোষা প্রাণীর চিকিৎসা প্রদান ৪ টি,রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষনাগারে প্রেরণ ২০ টি,খামারী প্রমিক্ষণ ৪২৭টি মাংশ প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ ৬৮টি,উঠান বৈঠক ২টি, ডিম উৎপাদন- ৩৭৩০০০০০ টি,দুধ উৎপাদন-১৫২৩মেঃ টন,মাংশ উৎপাদন-১৮৬৪ মেঃটন। ঘাষ চাষ সম্প্রসারণ-৩.০০ একর ,খামার পরিদর্শন-০ এবং নতুন খামার রেজিস্ট্রেষন ৩। এছাড়া অন্যান্য বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উঃ প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৫। মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিভাগঃউপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, করোনাকালীন সময়ে ছাত্র-ছাত্রীরা যাতে বাড়ীতে বসে ক্লাস করতে পারে সেজন্য উপজেলার প্রত্যেকটি প্রতিষ্ঠানে অনলাইন ক্লাস চলমান আছে। এছাড়া ছাত্র-ছাত্রীদের মূল্যায়ন করার জন্য এ্যাসাইনমেন্টের ব্যবস্থা করা হয়েছে। তিনি জানান, এ বিষয়ে চুয়াডাঙ্গা সদর উপজেলার সকল প্রধানশিক্ষকদের সাথে জুমে যোগাযোগ অব্যাহত আছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপঃ মাঃ শিক্ষা কর্মকর্তা |
| ৬। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগঃ<br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, করোনা ভাইরাস প্রাদুর্ভাবকালীন সদর উপজেলার ২৮৭১১ জন শিক্ষার্থীর মাঝে প্রতি সপ্তাহের শনিবার অভিভাবকদের সাথে যোগাযোগ করে তাদের বাড়ীতে ওয়ার্কশীট পৌছানো চলমান আছে। সপ্তাহ শেষে ওয়ার্কশীট ফেরত নিয়ে মূল্যায়নপূর্বক স্টুডেন্ট প্রোফাইলে রাখা হচ্ছে। তাছাড়া জানুয়ারি- জুন/২১ পর্যন্ত ৬ মাসের ৪,৫৫,৮২,১০০/-টাকা উপবৃত্তির চাহিদা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। ২০19-২০ অর্থবছরে স্লিপগ্রান্ট বাবদ ১২১ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনুকুলে ৭৫,৮০,০০০/- টাকা , ৫১ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনূকুলে ওয়াশব্লক মেইনটেইনেন্স বাবদ ১০,২০,০০০/- টাকা এবং ৭৪ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনূকুলে রুটিন মেইনটেইনেন্স বাবদ ২৯,৬০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। বিদ্যারয় গুলিতে কাজ চলমান আছে। তিনি আরো বরেন, এবছর ক্ষুদ্র বা বড় ধরনের মেরামত কাজের কোন বরাদ্দ পাওয়া যায় নাই। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনূকুলে যেসকল বরাদ্দ দেওয়া হয়েছে তার কাজের গুনগতমান নিশ্চিত করতে কাজ চলাকালিন পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| ৭। উপজেলা প্রকৌশল বিভাগঃ সভায় উপজেলা প্রকৌশলী জানান, তার দপ্তরের সামগ্রিক কাজকর্ম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। সভায় উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ ২০২০-২১ অর্থবছরে গৃহীত উন্নয়ন প্রকল্প সমুহ বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে তিনি বলেন, কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে। ৩০ জুনের মধ্যে শতভাগ কাজ সম্পন্ন হবে বলে তিনি সভাকে অভিহিত করেন। | গৃহীত উন্নয়ন প্রকল্পের কাজ পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | উঃ প্রকৌঃ/উঃ নিঃ অঃ/ উঃ চেঃ |

| | | |
|---|---|---|
| ০৮। উপজেলা সমাজসেবা বিভাগঃ উপজেলা সমাজসেবা অফিসার সভায় বলেন, বয়স্ক, বিধবা, প্রতিবন্ধিসহ সকল ভাতার ডিজিটালাইজেশনের লক্ষে ভাতাভোগীদের বিকাশ এ্যাকাউন্ট খোলার কার্যক্রম চলমান রয়েছে। বয়স্ক, বিধবা ও অস্বচ্ছল প্রতিবন্ধি ভাতাভোগীদের মৃত্যুজনিত প্রতিস্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া তিনি জানান, ভিক্ষুক পূনর্বাসন কার্যক্রমের আওতায় ৭ জন ভিক্ষুককে সহায়তা প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| ০৭। উপজেলা জনস্বাস্থ্য বিভাগঃ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান, ২০২০-২১ অর্থবছরে যে সকল গভির অগভির নলকুপের বরাদ্দ পাওয়া গেছে তার কাজ চলমান রয়েছে । | কাজের গুনগত মান নিশ্চিত করতে হবে। | উপঃজনস্বাস্থ্য প্রকৌশলী। |
| ০৮। উপজেলা মহিলা বিসয়ক দপ্তরঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, এ অফিসের সার্বিক কাজ স্বাভাবিক ভাবে চলছে। | ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উঃ মহিলা বিঃকর্মকর্তা। |
| ০৯। উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, চলতি অর্থবছরে তার দপ্তরের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ, ঋণ বিতরণ ও আদায় শতভাগ অর্জন সম্ভব হয়েছে। তিনি আরো জানান, এ দপ্তরের ঋণ কার্যক্রম এবং যুব ও যুব মহিলাদের মাঝে প্রশিক্ষণ প্রদান অব্যাহত আছে। এ দপ্তরের কোন ঋণ খেলাপি নেই,আদায়ের হার ১০০%। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি জানান, ২০২০-২১ অর্থবছরে টিআর = ৪৫,৯২,৫৫৩/- টাকা , কাবিটা = ৫৭,০৮,৯৭১/-. টাকা বরাদ্দ পাওয়া যায়। টিআর এ ৬৪ টি এবং কাবিটায় ১৪ টি প্রকল্প গ্রহণ করা হয়। যার কাজ চলমান আছে। উপজেলা নির্বাহী অফিসার বলেন, এবছর ভিজিএফ চালের পরিবর্তে জনপ্রতি ৫০০ টাকা প্রদান করা হবে।‸ খাতে সদর উপজেলায় ২.৫০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। জনসংখ্যার ভিত্তিতে ইউনিয়ন ভিত্তিক বরাদ্দ করে পত্র প্রেরণ করা হবে বলে তিনি সভাকে অবহিত করেন। | ভিজিএফ প্রদানে উপকার ভোগীদের তালিকা প্রণয়নে স্বচ্ছতা নিশ্চিত করতে হবে।। | উঃ প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| ১৩। উপজেলা বন বিভাগঃ ভারপ্রাপ্ত কর্মকর্তা সামাজিক বনায়ন বিভাগ সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। গড়াইটুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বলেন, তার ইউপির অভ্যন্তরে সরকারি সড়কের পাশে ৪০-৫০ টি মরে ঝুকিপূর্ন অবস্থায় ।তিনি জানান, গাছগুলো ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে কাটার সুযোগ আছে কিনা। উপজেলা নির্বাহী অফিসার জানতে চাইলে বন বিভাগের কর্মকর্তা জানান,নিয়মানুযায়ি উক্ত গাছের ভুমি মালিক বিভাগীয় বন কর্মকর্তা বরাবর আবেদন করবেন । | নিয়মানুযায়ি বিদ্যমান ঝুকিপূর্ন গাছ অপসারনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ভারঃ কর্মঃ সাঃ বনায়ন বিভাগ। |
| **<u>আলোচ্যসূচি-০৪ । ২০২১-২২ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) তহবিলের বিপরীতে পিআইসি প্রকল্প গ্রহণ প্রসঙ্গেঃ</u>**<br>সভায় উপজেলা প্রকৌশলী জানান, ২০২১-২২ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিলে ১,৪৫,২৬,২৮৬/- ( এক কোটি পঁয়তাল্লিশ লক্ষ ছাব্বিশ হাজার দুইশত ছিয়াশি) টাকা পাওয়া গেছে। তিনি জানান উক্ত তহবিলের ৩০% অর্থ প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়নের সুযোগ রয়েছে । সে মতে ৪০.০০ লক্ষ টাকার ২০ টি প্রকল্প বিগত ০১/০৭/২০২১ খ্রিঃ তারিখের প্রকল্প বাছাই কমিটির সভায় ব্াছাই করা হয়েছে। তিনি বলেন, নিয়মানুযায়ি প্রকল্প বাছাই কমিটির সুপারিশপ্রাপ্ত প্রকল্প সমুহ উপজেরা পরিষদের মাসিক সভায় অনুমোদন নিতে হবে। তিনি নিম্নবর্নিত ২০ টি পিআইসি প্রকল্প ানুমোদনের জন্য সভায় পেশ করেন। উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় সভায় উপস্থিত সদস্যদের কোন আপত্তি আছে কিনা জানতে চাইলে সকলে জানান, কোন আপত্তি নাই অনুমোদন দেওয়া যেতে পারে । এ বিষয়ে বিস্তারিত অলোচোনান্তে ৪০.০০ লক্ষ টাকার ন্মিরুপ ২০ টি প্রকল্প অনুমোদন দেওয়া হয়।<br>অনুমোদিত ২০ টি প্রকল্প ও প্রকল্প কমিটি পরিশিষ্ট “খ” তে দেখানো হলো। | কাজের এ ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী |
| **<u>আলোচ্যসূচি-০৫। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অর্থ ব্যয়ের অনুমোদন ও নতুন প্রকল্প গ্রহন</u>**<br>ক) সভায় উপজেলা নির্বাহী জানান,নিম্ন বর্নিত খাত সমুহে নীতিমালা অনুযায়ি তাৎক্ষনিকভাবে ব্যয় করার নির্দেশনা দেওয়া হয়েছে যার বিল বকেয়া আছে। বিদ্যমান নীতিমালার আলোকে মাসিক সভায় অনুমোদন হবার পর দাখিলকৃত বকেয়া বিল পরিশোধ করা হবে।<br>১) চলতি মাসের ০৩ টি মডেমের ইন্টারনেট ব্যয়-৩৪৭১/-<br>২) চলতি মাসের সংবাদপত্রের বিল-১৫৫০/<br>৩) উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরের ১ টি ও উপজেলা পরিষদ কার্যালয়ের ১ টি ল্যাপটপের এসএসডি সাউন্ড বক্স সহ কিছু কম্পিউটার সামগ্রি ক্রয়-১৩,০০০/-<br>৪) উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরে পুরাতন মিটার স্থাপন/- ২৫,০০০/-<br><br>সভায় ১-৪ নং ক্রমিকে বর্নিত ব্যয় পরিশোধের অনুমোদন গ্রহণের জন্য ব্যয় বিবরণী/বিল ভাউচার দাখিল করা হয়। সভায় জানানো হয় দাখিলকৃত বিল ভাউচার সঠিক আছে। এ বিষয়ে বিস্তারিত আলোচোনান্তে দাখিলকৃত ব্যয় সমুহ উপজেলা পরিশোধের রাজস্ব তহবিল হতে পরিশোধের ব্যপারে সকলে একমত পোষণ করেন। | ক) সরকারি বিধি অনুযায়ি সিডিউল বিক্রির অর্থ হতে টেন্ডার সংক্রান্ত ব্যয় নির্বাহ করার পর অবশিশষ্ট অর্থ সরকারি কোষাগারে ফেরত দিতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার। |

এছাড়া সভায় জানানো হয় বিদ্যুত না থাকলে দাপ্তরিক কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি হয় এজন্য আইপিএস স্থাপনের প্রস্তাব পেশ করা হয়। এছাড়া উপজেলা পরিষদের গ্যারেজের ও অস্থায়ী আনসার ক্যাম্প মেরামত করা প্রয়োজন বলে সভায় জানানো হলে সর্বসম্মতিক্রমে প্রস্তাব ানুমোদন করা হয় এবং উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মোঃ মাসুদুর রহমানকে সভাপতি করে ২,০০,০০০/- টাকার নিম্নরুপ প্রকল্প অনুমোদন করা হয়।

| ক্র | প্রকল্পের নাম | বরাদ্দ | বাস্তবায়ন পদ্ধতি |
|---|---|---|---|
| ১ | চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদ কার্যালয়ে অইপিএস স্থাপন এবং উপজেলা পরিষদের গ্যারেজ ও অস্থায়ী আনসার ক্যাম্প মেরামত। | ২,০০,০০০/- | ১।মোঃমাসুদুর রহমান,ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ প্রকল্প সভাপতি।<br>২ মোঃ ইব্রাহিম হামিদ শাহিন, সিনিয়র উপঃ মৎস্য অফিসার- সদস্য সচিব<br>৩। উত্তম কুমার কুন্ডু,উপজেলা শিক্ষা অফিসার-সদস্য।<br>৪। বিকাশ কুমার সাহা, মাধ্যমিক শিক্ষা অফিসার -সদস্য সচিব<br>৫। মোঃ আব্দুল হান্নান,পরিবার পরিকল্পনা কর্মকর্তা -সদস্য<br>৬। মোঃ জাহাঙ্গীর আলম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা-সদস্য<br>৭। মোঃ রেজাউল করিম ঈমাম-সদস্য |

**৬।বিবিধঃ**

**১। চলমান করোনা ভাইরাস প্রসঙ্গেঃ**

উপজেলা নির্বাহী অফিসার বলেন, করোনা ভাইরাসের ২য় দফায় আক্রান্তের হার অনেক বেশি। তিনি সরকার কর্তৃক আরোপিত লকডাউন জনসাধারনকে কঠোরভাবে মানতে বাধ্য করতে মোবাইল কোর্ট অব্যাহত আছে বলে জানান। তিনি জনসাধারণকে লকডাউন মানাতে জনপ্রতিনিধিদেরকে মাঠে নামার আহবান জাানিয়ে বলেন, জনসাধারনের লকডাউন মানার ক্ষেত্রে কিছুটা অনিহা পরিলক্ষিত হচ্ছে। তিনি এক্ষত্রে জনপ্রতিধিদেরকে দায়িত্ব পালনের অনুরোধ করেন। তিনি সভায় জনপ্রতিনিধিদের উদ্দেশ্যে বলেন,আপনারা জনগনের প্রতিনিধি জনগন আপনাদের কথা শুনবে । আপনারা সরকার কর্তৃক আরোপিত স্বাস্থ্যবিধি মানতে জনগনকে সচেতন করতে মাঠে কাজ করেন। তিনি আরো বলেন, লকডাউন চলাকালিন সকল শিক্ষা প্রতিষ্ঠান এবং মাদ্রাসা বন্ধ থাকবে। কোন মাদ্রাসা খোলা হচ্ছে কিনা এ বিষয়ে ইউপি চেয়ারম্যানদের সজাগ দৃষ্টি রাখতে অনুরোধ করেন ।

বিষয়ে উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় বলেন, জনগণকে স্বাস্থ্যবিধি মানাতে জনপ্রতিধিনিধিদের সঙ্গে নিয়ে প্রশাসনকে কাজ করতে হবে। সবার সহযোগিতায় লকডাউন শতভাগ কার্যকর করা সম্ভব হবে।

**২। উপজেলা ভাইস চেয়ারম্যানঃ** সভায় উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, মোঃ মাসুদুর রহমান উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি বলেন,আমরা জনপ্রতিনিধি আপনাদের সহযোগিতা নিয়ে কাজ করতে চাই। তিনি সভায় উপস্থিত সকল দপ্তর প্রধানকে উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করতে অনুরোধ করেন।

**৩। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানঃ** সভায় উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান, মোছাঃ সাহাজাদী বলেন,হস্তান্তরিত দপ্তরপ্রধানগন উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করলে ভাল হয়। তিনি উপজেলা কমিটি সমুহের সভা আয়োজনে আরো বেশি আন্তরিক হতে সভায় উপস্থিত বিভিন্ন দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন। তিনি জানান, উপজেলা পরিষদের সিদ্ধান্ত মোতাবেক প্রতি মাসের **১ম** বৃহঃবার উপজেলা কমিটির সভা করা হবে।

**৪। উপজেলা নির্বাচন অফিসঃ** সভায় উপজেলা নির্বাচন অফিসার বলেন, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৫। উপজেলা পরিসংখ্যান অফিসঃ** সভায় উপজেলা পরিসংখ্যান অফিসার বলেন, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন (পজীপ)ঃ** প্রকল্প কর্মকর্তা পজীপ সভায় জানান, এ দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৭। আমার বাড়ী আমার খামারঃ** আমার বাড়ী আমার খামার উপজেলা সমন্বয়কারী সভায় জানান, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৮। পল্লীবিদ্যুৎঃ** সভায় উপস্থিত পল্লীবিদ্যুৎ চুয়াডাঙ্গা জোনাল অফিসের এজিএম জানান, বিদ্যুৎ বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভায় উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন।

**৯। জঙ্গীবাদ/ সন্ত্রাসবাদ এর কুফল সম্পর্কে উদ্বুদ্ধকরণঃ**

এ উপজেলায় আলোচ্য মাসে কোন জঙ্গী তৎপরতা পরিলক্ষিত হয়নি। ইউপি চেয়ারম্যানগণ জানান যে, জঙ্গীবাদের কুফল সম্পর্কে মসজিদে জুম্মার দিন খুৎবার সময় আলোচনা করা হয়ে থাকে। এ ছাড়া ইউনিয়ন পরিষদে অনুষ্ঠিত সভা সমূহেও বিষয়টির ওপর আলোচনা করা হয়ে থাকে।

**১০। উপজেলা ডিজিটাল সেন্টারঃ** উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা ডিজিটাল সেন্টারের সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। ডিজিটাল সেন্টার চালু হওয়ার পর থেকে জনসাধারনের এ অফিস থেকে সেবা পাওয়া অধিকতর সহজলভ্য হয়েছে। এছাড়া সরকারী **১৭** টি দপ্তর উপজেলা ডিজিটাল সেন্টার হতে বিভিন্ন ধরনের ই-সেবা গ্রহন করছে।

সভাপতি আলোচনায় সক্রিয় অংশ গ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্সন করে বলেন, আমাদেরকে পূর্বের মত সুশৃংখল ভাবে কাজ করতে হবে ও দায়িত্ব পালনে আরো যত্নশীল হতে হবে। উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করতে হবে। গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহনে আরো বেশি যত্নবান হতে সকলকে তিনি অনুরোধ জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আসাদুল হক বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চুয়াডাঙ্গা সদর,চুয়াডাঙ্গা।

উপজেলা পরিষদ কার্যালয়
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ঃ ৪৬.৪৪.১৮২৩.০০০.০৬.০০২.২১- (৪০) । ১০/০৮/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলঃ–

১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-১/২ ।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা সদর ।
৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৮। উপজেলা.................................................অফিসার, চুয়াডাঙ্গা সদর ।
৯। চেয়ারম্যান, আলুকদিয়া, মোমিনপুর, কুতুবপুর, শংকরচন্দ্র,বেগমপুর,তিতুদহ,পদ্মবিলা,গড়াইটুপি ইউপি।
১০। জনাব.................................................................................।

(শামীম ভুইয়া)
উপজেলা নির্বাহী অফিসার
চুয়াডাঙ্গা সদর,চুয়াডাঙ্গা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ ঃ ২২.১১.২০২১ খ্রিঃ।
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভাপতি ঃ জনাব মোঃ আসাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "ক"

সভায় উপস্থিত মাননীয় সভাপতি মহোদয় সভার সকল সদস্যকে শুভেচ্ছা জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার জনাব শামীম ভূইয়া সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করেন।

**সভার আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **আলোচ্যসূচি-১। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ ও অনুমোদন।**<br>১। গত অক্টোবর/২১ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। | সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | - |
| **আলোচ্যসূচি-২। উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা।**<br>**কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটিঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, বিগত ০৪/১১/২০২১ খ্রিঃ তারিখে কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, চুয়াডাঙ্গা সদর উপজেলায় চলতি ২০২০-২১ অর্থবছরে চলতি মওসুমে ভূট্টা ১৩,২৩০ হেক্টর, গম ৫২ হেক্টর, মরিচ ৬০ হেক্টর, শরিষা ১৬০ হেক্টর, আখ ৭৬০ হেক্টর, মশুর ২২২ হেক্টর, বীজতলা ১৮০ হেক্টর সহ শাকসবজি ২৩৮৪ হেক্টর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এছাড়া তিনি জানান, অত্র উপজেলায় উইরিয়া সার ৫৩৬ মে.টন, টিএসপি সার ১২৭ মে. টন, এমওপি সার ১৪৮ মে. টন ও ডিএপি সার ৩২০ মে.টন মজুদ রয়েছে। চলতি মৌসুমে কৃষক পর্যায়ে রাসায়নিক সার সহজলভ্যতার জন্য ডিলার পর্যায়ে সারের মনিটরিং জোরদার করা হচ্ছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ডিলার পর্যায়ে সারের মনিটরিং অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| **স্বাস্থ্য ও পরিবার কল্যান বিষয়ক উপজেলা কমিটিঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বিগত ০৪/১১/২০২১ খ্রিঃ তারিখে তার দপ্তরের উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি তার দপ্তরের চলতি মাসের নিম্নরুপ কাজের চিত্র তুলে ধরেন; পরিবার পরিকল্পনা সামগ্রী ব্যবহারকারীর হার ৮৩.১৭%। এছাড়া চলতি মাসে নরমাল ডেলিভারী সেবা ৫৯ জন , গর্ভবতী সেবা ১৩৩৪ জন এবং ৩২৫ জনকে প্রসবোত্তর সেবা প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| **পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক উপজেলা কমিটিঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, বিগত ০৪/১১/২০২১ খ্রিঃ তারিখে তার দপ্তরের উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, চলতি মাসে তার দপ্তরের লক্ষ্যমাত্রা অনুযায়ী সমিতি গঠন ৫,সদস্য ভর্তি ২, পুঁজি গঠন ৩.০৬ লক্ষ, ঋণ বিতরণ ৯৭.৮২ লক্ষ ও আদায় ৬১.০২ লক্ষ। তিনি আরো জানান, পিআরডিপি-৩ প্রকল্পের কার্যক্রম সদর উপজেলার কুতুবপুর ও তিতুদহে বাস্তবায়িত হচ্ছে। এ অর্থবছরে ৪ টি স্কিমের বরাদ্দ পাওয়া গেছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক।<br>সমবায়ঃ উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, এ দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।<br><br>বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা।<br><br>উপজেলা সমবায় কর্মকর্তা। |
| **আলোচ্যসূচি-৩। হস্তান্তরিত দপ্তর সমুহের বিভাগীয় চলমান কার্যক্রম পর্যালোচনা।**<br>**০১। উপজেলা স্বাস্থ্য বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, ২৭ টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে চলতি মাসে ১৮৫৮৫ জন রুগীকে স্বাস্থ্য সেবা ও স্বাস্থ্য শিক্ষা প্রদান করা হয়েছে । ৫০ জন রুগির উন্নত চিকিৎসার জন্য অন্যত্র রেফার্ড করা হয়েছে। কমিউনিটি ক্লিনিকে আগত মা এবং শিশুদের পুষ্টি বিষয়ে স্বাস্থ্য শিক্ষা প্রদান অব্যাহত আছে। চলতি মাসে কোন অপুষ্টিজনিত শিশু পাওয়া যায় নাই। তিনি জানান,সদর হাসপাতালে করোনা ভাইরাসের টিকা কার্যক্রম চলমান আছে। তিনি জানান, বর্তমানে করোনা ভাইরাসে চুয়াডাঙ্গা সদর উপজেলায় আক্রান্তের হার কিছুটা কম হলেও ঝুকিমুক্ত নয়। এজন্য তিনি সকলকে সামাজিক দুরত্বসহ বিধি নিষেধ পালনে আন্তরিক হওয়ার পরামর্শ দেন। | করোনা ভাইরাস সম্পর্কে জনগণকে সচেতন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপঃ স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান। |

| | | |
|---|---|---|
| **০২। উপজেলা মৎস্য বিভাগঃ** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, ধারাবাহিক কাজের অংশ হিসাবে এ মাসে ২৬ টি মৎস্য খামার ও প্রদর্শনী খামার পরিদর্শন সহ পরামর্শ প্রদান করা হয়েছে। তিনি বলেন, মৎস্য সংরক্ষণ আইন-১৯৫০ এর আওতায় বাজারে মাছে ফরমালিন পরীক্ষা অব্যাহত আছে। মাঠ পর্যায়ে টেস্ট কিটের মাধ্যমে চাষীর পুকুরে মাটি ও পানি পরীক্ষা পূর্বক পরামর্শ প্রদান অব্যাহত আছে । | মৎস্য খামার পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| **০৩। উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, চলতি মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ৪৭১ টি, টিকা প্রদান সম্প্রসারণ গবাদী পশু ৬৩০৫ মাত্রা, হাঁস-মুরগী ৮৮০০০ মাত্রা। এছাড়া তিনি জানান, এ মাসে ২৭৩৯ টি গবাদি পশু এবং ২০১৬১ টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এছাড়াও ডিম উৎপাদন- ৪২৮০০০০ টি, দুধ উৎপাদন-১৪৮৫ মেঃ টন, মাংশ উৎপাদন- ২০৭৬ মেঃটন। ঘাষ চাষ সম্প্রসারণ-১.৫০ একর ,খামার পরিদর্শন- ১২ টি। এছাড়া অন্যান্য বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উঃ প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| **০৪। মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, চুয়াডাঙ্গা সদর উপজেলার সকল সরকারি বেসরকারি স্কুল,কলেজ ও মাদ্রাসা সমুহের ছাত্রীদের জন্য ফলিক এসিড ট্যাবলেট ১ম পর্ব প্রতিষ্ঠানের অনুকূলে বিতরণ করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উঃ মাঃ শিক্ষা কর্মকর্তা। |
| **০৫। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, ১২/০৯/২০২১ থেকে বিদ্যালয়ে স্বাস্থ্যবিধি মেনে নির্ধারিত রুটিন ও কোভিড-১৯ পরিস্থিতিতে প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের শিখন ঘাটতি পূরণে শিখন ত্বরান্বিত করণ পরিকল্পনা (এআরএলপি) অনুসারে শ্রেণীকক্ষে শ্রেণি কার্যক্রম সুষ্ঠ ভাবে পরিচালিত হচ্ছে। ১ম-৫ম শ্রেনীর শিক্ষার্থীদের মাঝে নিয়মিত অন্তবর্তীকালিন শ্রেণী ভিত্তিক পাঠ পরিকল্পনা অনুযায়ি বাড়ীর কাজ প্রদান ও ধারাবাহিক মূল্যায়ন করা হচ্ছে। ১ম-৪র্থ শ্রেণী পর্যন্ত উপস্থিতির হার ৮৬% এবং ৫ম শ্রেণিতে উপস্থিতির হার ৯৭% পাওয়া গেছে। এছাড়া তিনি জানান, ২০২১ সালে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হবে না। | প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণী কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| **০৬। উপজেলা প্রকৌশল বিভাগঃ** সভায় উপজেলা প্রকৌশলী জানান, তার দপ্তরের সামগ্রিক কাজকর্ম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। সভায় উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ ২০২১-২২ অর্থবছরে গৃহীত উন্নয়ন প্রকল্প সমুহ বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে তিনি বলেন, প্রকল্প কমিটির মাধ্যমে ৩৮ টি প্রকল্প বাস্তবায়ন শতভাগ সম্পন্ন হয়েছে। এছাড়া টেন্ডারে বাস্তবায়নযোগ্য ১৪৮ টি প্রকল্পের প্রাক্কলণ প্রস্তুত করা হচ্ছে। | ২০২১-২২ অর্থবছরের সকল কাজের তালিকা অগ্রগতি সহ পরবর্তী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হলো। | উঃ প্রকৌঃ |
| **০৭। উপজেলা সমাজসেবা বিভাগঃ** উপজেলা সমাজসেবা অফিসার সভায় বলেন, বয়স্ক, বিধবা, প্রতিবন্ধিসহ সকল ভাতার ডিজিটালাইজেশনের লক্ষে ভাতাভোগীদের বিকাশ এ্যাকাউন্ট খোলার কার্যক্রম শেষ হয়েছে। বয়স্ক, বিধবা ও অস্বচ্ছল প্রতিবন্ধি ভাতাভোগীদের মৃত্যুজনিত প্রতিস্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া তিনি জানান, ভিক্ষুক পূনর্বাসন কার্যক্রমের আওতায় ৭ জন ভিক্ষুককে সহায়তা প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| **০৮। উপজেলা জনস্বাস্থ্য বিভাগঃ** উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান, ২০২০-২১ অর্থবছরে যে সকল গভীর অগভীর নলকূপের বরাদ্দ পাওয়া গেছে তার কাজ চলমান রয়েছে । | কাজের গুনগত মান নিশ্চিত করতে হবে। | উপঃজনস্বাস্থ্য প্রকৌশলী। |
| **০৯। উপজেলা মহিলা বিষয়ক দপ্তরঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, এ অফিসের সার্বিক কাজ স্বাভাবিক ভাবে চলছে। | ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উঃ মহিলা বিঃকর্মকর্তা। |
| **১০। উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, চলতি অর্থবছরে তার দপ্তরের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ, ঋণ বিতরণ ও আদায় শতভাগ অর্জন সম্ভব হয়েছে। তিনি আরো জানান, এ দপ্তরের ঋণ কার্যক্রম এবং যুব ও যুব মহিলাদের মাঝে প্রশিক্ষণ প্রদান অব্যাহত আছে। এ দপ্তরের কোন ঋণ খেলাপি নেই,আদায়ের হার ১০০%। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| **১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি জানান, ২০২১-২২ অর্থবছরে টিআর মোট = ৪৭,৫৭,৫৫৩/- টাকার বিপরীতে ৬১ টি প্রকল্প নেওয়া হয়েছে, কাবিটা = ৫৯৮৬৫৫১/- টাকার বিপরীতে ১৩ টি প্রকল্প নেওয়া হয়েছে। কাবিটা চাল ও গম ২৫৫.০৫৫ মে:টন = ২৮ টি প্রকল্প নেওয়া হয়েছে। | ভিজিএফ প্রদানে উপকার ভোগীদের তালিকা প্রণয়নে স্বচ্ছতা নিশ্চিত করতে হবে।। | উঃ প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| **১২। উপজেলা বন বিভাগঃ** ভারপ্রাপ্ত কর্মকর্তা সামাজিক বনায়ন বিভাগ সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি জানান, কিছু কিছু জায়গায় বন্য পাখি শিকারের খবর পাওয়া যাচ্ছে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন, পাখি শিকার কারীদেরকে আইনের আওতায় এনে শাস্তি দেওয়া হবে। এ জন্য তিনি তাৎক্ষনিক ভাবে অবহিত করা সহ সকলকে এ বিষয়ে সচেতনতা তৈরি করতে বলেন। | পাখি শিকার কারীদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ভারঃ কর্মঃ সাঃ বনায়ন বিভাগ। |

**<u>আলোচ্যসূচি-০৫ উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের আওতায় নিম্নরুপ ৬টি সক্ষমতা উন্নয়ন (সিডিএসপি) উপ-প্রকল্প অনুমোদনঃ</u>**

উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে ৫ম পর্যায়ে উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়নের নিমিত্তে বিগত ১৮/১১/৫২০২১ খ্রিঃ তারিখের উপজেলা প্রকল্প বাছাই কমিটির সভায় নিম্নবর্ণিত ০৬টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প বাছাই করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরনী উপস্থাপন করে বলেন, বিধিমতে প্রকল্প কমিটির বাছাই করা প্রকল্প গুলো পরিষদের সভায় অনুমোদন নিতে হবে । সে মতে তিনি বাছাইকৃত ০৬ টি উপ-প্রকল্পের প্রস্তাব বাজেট সহ সভায় উপস্থাপন করেনঃ

**প্রস্তাবিত বাজেটসহ উপ-প্রকল্পসমূহের তালিকা ঃ**

| উপপ্রকল্পের আইডি নং | উপ-প্রকল্পের শিরোনাম | প্রাস্তাবিত বাজেট (ভ্যাট ও কর ব্যতিত) | আয়কর | ভ্যাট | প্রস্তাবিত বাজেট (ভ্যাট ও কর সহ) (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| সিডি-২০২০-২১ ৪০১৮২৩-০১ | নারী নির্যাতন ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধ কল্পে সকল শ্রেণী / পেশার মানুষের জন্য দায়িত্বশীল আচরন ও সচেতনতামূলক প্রশিক্ষণ | ১৪৪৩৬০.০০ | ৩০৬৪.০০ | ৫০৪০.০০ | ১৫২৪৬৪.০০ |
| সিডি-২০২০-২১ ৪০১৮২৩-০২ | এসএসসি/ সমমান পাশ বেকার যুবদের (বয়স ঃ ২০-৩২ বছর) কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে পেশাগত মোটর/ কার ড্রাইভিং প্রশিক্ষণ | ১৮৪৬৫০.০০ | ১০১২৮.০০ | ৫২০৫.০০ | ১৯৯৯৮৩.০০ |
| সিডি-২০২০-২১ -৪০১৮২৩-০৩ | বেকার যুব মহিলাদের (বয়স ঃ ১৮-৪০ বছর) কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে পেশাগত এমব্রয়ডারী, নকশী কাঁথা তৈরী ও ব্লক-বুটিক এর উপর সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ | ১৮২২৬০.০০ | ৪৮৩৩.০০ | ৫৮৩৫.০০ | ১৯২৯২৮.০০ |
| সিডি-২০২০-২১-৪০১৮২৩-০৪ | জন্ম-মৃত্য নিবন্ধন কার্যক্রম গতিশীল ও নিভুলকরণের লক্ষ্যে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান,সদস্য, সচিব এবং গ্রামপুলিশসহ সংশ্লিষ্টদের মৌলিক প্রশিক্ষণ | ১৪১৩৯০.০০ | ৩৫৬৩.০০ | ৫৭২৬.০০ | ১৫০৬৭৯.০০ |
| সিডি-২০২০-২১-৪০১৮২৩-০৫ | বেকার যুবদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়ারিং বিষয়ে প্রশিক্ষণ | ১৭৫৪৬০.০০ | ৪৪০১.০০ | ৫৭৮১.০০ | ১৮৫৬৪২.০০ |
| সিডি-২০২০-২১-৪০১৮২৩-০৬ | নির্মাণ কাজ মানসম্মত এবং টেকসই করার জন্য অদক্ষ রাজমিস্ত্রী ও রংমিস্ত্রীদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ | ১৭১৮৮০.০০ | ৪৪০৬.০০ | ৪৭১৮.০০ | ১৮১০০৪.০০ |
| | মোট | ১০০০০০০.০০ | ৩০৩৯৫.০০ | ৩২৩০৫.০০০০ | ১০৬২৭০০.০০ |

উপস্থাপনকৃত ৬ টি উপ-প্রকল্পের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচোনান্তে প্রকল্পগুলি সঠিক আছে বলে সভায় উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন। এবং প্রস্তাবকৃত ৬ টি উপ-প্রকল্প সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

২০২০-২০২১ অর্থ বছরে ৫ম পর্যায়ে উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের আওতায় ০৬টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প অনুমোদন দেওয়া হলো।

উঃনিঃঅঃ।

**<u>আলোচ্যসূচি-০৫ । উপজেলা নির্বাহী অফিসারগণের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণঃ</u>**

উপজেলা প্রকৌশলী জানান, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ২৯/০৩/২০২১ খ্রিঃ তারিখের ২৭২ নং স্মারকে ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে সংযুক্ত ডিজাইন মোতাবেক উপজেলা নির্বাহী অফিসারগণের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের নির্দেশনা দেওয়া হয়েছে। সভায় উপজেলা চেয়ারম্যান কোন তহবিল হতে অর্থ ব্যয় হবে এ বিষয়ে জানতে চাইলে উপজেলা নির্বাহী অফিসার বলেন, স্থানীয় সরকার বিভাগের ১৭/১১/২০২১ খ্রি. তারিখের ৯১৯ নং স্মারকে উপজেলা রাজস্ব তহবিলের অর্থ দ্বারা আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের নির্দেশনা দেওয়া হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল দ্বারা সংযুক্ত ডিজাইন ও প্রাক্কলণ অনুযায়ি ১৫,০০,০০০.০০ ( পনের লক্ষ) টাকা ব্যয়ে আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের ব্যপারে সকলে একমত পোষণ করেন।

উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে ১৫.০০ লক্ষ টাকা ব্যয়ে আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো এবং টেন্ডার প্রক্রিয়া যতদ্রুত সম্ভব সম্পন্ন করে প্রকল্পের কাজ আরম্ভ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো।

উপজেলা প্রকৌশলী।

**<u>আলোচ্যসূচি-০৬ । উপজেলা পরিষদের মোটর/ সাইকেল গ্যারেজ সংক্রান্ত ঃ</u>**

সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিষদের হস্তান্তরিত বিভিন্ন দপ্তরের সেবাগ্রহীতা সহ দপ্তরের কর্মকর্তা কর্মচারীরা তাদের মটর সাইকেল, বাইসাইকেল যত্রতত্র অবস্থায় রাখেন ফলে বিভিন্ন সময় চুরির ঘটনা ঘটে, এতে উপজেলা পরিষদের সার্বিক আইন শৃংখলার অবনতি হওয়া সহ পরিষদের ভাবমূর্তি নষ্ট হয়। এজন্য তিনি উপজেলা পরিষদের পশ্চিম পার্শ্বে উপজেলা পরিষদের জামে মসজিদ সংলগ্ন গ্যারেজে বিনামূল্যে টোকেন সিস্টেমে সাইকেল, মটর সাইকেল রাখার প্রস্তাব করেন। এবং একজন লোক নিয়োগ করে ১৭ টি হস্তান্তরিত দপ্তর থেকে ৩৫০/- করে চাঁদা তুলে বেতন দেওয়ার প্রস্তাব করেন। তিনি বলেন, এতে পরিষদের সার্বিক সৌন্দর্য বৃদ্ধি পাওয়া সহ নিরাপত্তা নিশ্চিত হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সভায় উপস্থিত সকল সদস্য এ প্রস্তাবে সর্বসম্মতভাবে একমত পোষণ করেন।

উপজেলা পরিষদের গ্যারেজে বিনামূল্যে টোকেন সিস্টেমে সাইকেল, মটর সাইকেল রাখার সিদ্ধান্ত গৃহীত হলো এবং ১৭ টি দপ্তর প্রধানকে মাসিক সভার দিন ৩৫০/- টাকা করে জমা দেওয়ার অনুরোধ করা হলো।

উঃনিঃঅঃ

<table>
<tr>
<td><u>আলোচ্যসূচি-০৭ । চুয়াডাঙ্গা সদর অফিসার্স ক্লাব সংক্রান্ত ঃ</u><br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, এ উপজেলায় অফিসারদের বসার জন্য কোন অফিসার্স ক্লাব নাই। তিনি অফিসারদের বসার জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অফিসের ২য় তলায় একটি কক্ষ অফিসার্স ক্লাব হিসাবে ব্যবহারের প্রস্তাব সভায় উপস্থাপন করলে সকলে একমত পোষণ করেন। এজন্য অস্থায়ীভাবে জনস্বাস্থ্যের ১ টি কক্ষ ব্যবহারের জন্য উপজেরা জনস্বাস্থ্য প্রকৌশলীকে পত্র দেওয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিসের ২য় তলার একটি কক্ষ অফিসার্স ক্লাব হিসাবে ব্যবহারের অনুমতি চেয়ে উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী বরাবর পত্র প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হলো।</td>
<td>উঃনিঃঅঃ</td>
</tr>
<tr>
<td><u>আলোচ্যসূচি-০৮। উপজেলা পরিষদের সম্মুখে শিশু পার্ক,বঙ্গবন্ধুর ম্যুরালে দৃষ্টিনন্দন ফোয়ারা, আনসারদের গার্ডরুম সহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ১ টি কক্ষ সম্প্রসারণ প্রকল্প বাস্তবায়ন প্রসঙ্গেঃ</u>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিষদের সম্মুখে শিশু পার্ক, বঙ্গবন্ধুর ম্যুরালে দৃষ্টিনন্দন ফোয়ারা  আনসারদের গার্ডরুম সহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ১ টি কক্ষ সম্প্রসারণ প্রকল্প বাস্তবায়ন করা প্রয়োজন। তিনি জানান, উক্ত প্রকল্পগুলো অনুমোদনের প্রস্তাব সভায় উপস্থান করলে সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং উক্ত প্রকল্প বাস্তবায়নে কত টাকার প্রয়োজন হবে তার প্রাক্কলন প্রস্তুত পূর্বক পরবর্তী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে দায়িত্ব দেওয়া হয়।</td>
<td>গৃহীত ৪ টি প্রকল্পের প্রাক্কলণ প্রস্তুত পূর্বক পরবর্তী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে দায়িত্ব দেওয়া হলো।</td>
<td>উপজেলা প্রকৌশলী।</td>
</tr>
<tr>
<td><u>আলোচ্যসূচি-০৯। উপজেলা পরিষদের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ প্রসঙ্গেঃ</u><br>সভায় জানানো হয় উপজেরা পরিষদের ৪ টি মিটারে ৯১,৬৬১ টাকা বকেয়া আছে। উক্ত বিল পরিশোধ করা দরকার বলে সভায় জানানো হলে বকেয়া বিদ্যুৎ বিল উপজেলা রাজস্ব তহবিল হতে বিধি মোতাবেক পরিশোধ করার যেতে পারে বলে সভায় জানানো হয়।</td>
<td>রাজস্ব তহবিল হতে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের সিদ্ধান্ত গিৃহতি হলো।</td>
<td>উঃনিঃঅঃ</td>
</tr>
<tr>
<td><u>আলোচ্যসূচি-১০। মহান বিজয় দিবস-২০২১ উদযাপন প্রসঙ্গেঃ</u>সভায় জানানো হয় , প্রতিবছরের ন্যায় এ বছরও মহান বিজয় দিবস ২০২১ উদযাপন করা হবে। সে লক্ষে উপজেলা পরিষদ হতে অনুদান দেওয়ার প্রস্তাব সভায় উপস্থাপন করা হলে উপজেলা নির্বাহী অফিসার বলেন, জেলা অফিস হতে পত্র প্রাপ্তি স্বাপেক্ষে প্রতি বারের  ন্যায় ৪০,০০০/- ( চল্লিশ হাজার) টাকা অনুদান দেওয়া যেতে পারে । সকলে এ বিষয়ে একমত পোষন করেন।</td>
<td>উপজেলা রাজস্ব তহবিল হতে নেজারত ডেপুটি কালেক্টর বরাবর ৪০,০০০/- টাকা অনুদান প্রদান করতে হবে।</td>
<td>উঃনিঃঅঃ</td>
</tr>
<tr>
<td><u>আলোচ্যসূচি-১১। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অর্থ ব্যয়ের অনুমোদন ও নতুন প্রকল্প গ্রহন</u><br>ক) সভায় উপজেলা নির্বাহী জানান,নিম্ন বর্নিত খাত সমুহে নীতিমালা অনুয়ায়ি তাৎক্ষনিকভাবে ব্যয় করার নির্দেশনা দেওয়া  হয়েছে  যার বিল বকেয়া আছে। বিদ্যমান নীতিমালার আলোকে মাসিক সভায় অনুমোদন হবার পর দাখিলকৃত বকেয়া বিল পরিশোধ করা হবে।<br>১) চলতি মাসের ০৩ টি মডেমের ইন্টারনেট ব্যয়-৩৪৭১/-<br>২) চলতি মাসের সংবাদপত্রের বিল-১৫৫০/<br>সভায় ১-২ নং ক্রমিকে বর্নিত ব্যয় পরিশোধের অনুমোদন গ্রহণের জন্য ব্যয় বিবরণী/বিল ভাউচার দাখিল করা হয়। সভায় জানানো হয় দাখিলকৃত বিল ভাউচার সঠিক আছে। এ বিষয়ে বিস্তারিত আলোচোনান্তে দাখিলকৃত ব্যয় সমুহ উপজেলা পরিশোধের রাজস্ব তহবিল হতে পরিশোধের ব্যপারে সকলে একমত পোষণ করেন।<br>এছাড়া সভায় জানানো হয় উপজেলা পরিষদের হলরুম, অফিসার্স ক্লাব , উপজেলা শিল্পকলা একাডেমি মেরামত সহ অফিস দ্রব্যাদি খাতে রাজস্ব তহবিল হতে কিছু প্রকল্প বাস্তবায়ন কারা প্রয়োজন  বলে সভায় জানানো হলে সর্বসম্মতিক্রমে প্রস্তাব অনুমোদন করা হয় এবং উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মোঃ মাসুদুর রহমানকে সভাপতি করে ২,০০,০০০/- টাকার এবং মহিলা ভাইস চেয়ারম্যানকে সভাপতি করে ২,০০,০০০ টাকার মোট ৪,০০,০০০.০০ টাকা  নিম্নরুপ ২ টি প্রকল্প অনুমোদন করা হয়।
<table>
<tr><th>ক্র</th><th>প্রকল্পের নাম</th><th>বরাদ্দ</th><th>বাস্তবায়ন পদ্ধতি</th></tr>
<tr><td>১</td><td>বঙ্গবন্ধু ম্যুরালে আলোকসজ্জা করণ, চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের হলরুম মেরামত, মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস মেরামত, কমন টয়লেট,উপজেলা প্রকৌশলীর টয়লেট, আনসারদের টয়লেট, শিল্পকলার টয়লেট মেরামত সহ উপজেলা পরিষদের মূল ফটক ও গ্যারেজে সিসি ক্যামেরা স্থাপন এবং কিছু আসবাবপত্র মেরামত ।</td><td>১,৫০,০০০/-<br>২০,০০০/-<br><u>৩০,০০০/-</u><br>২,০০,০০০/-</td><td>১।মোছাঃ সাহাজাদি, মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ প্রকল্প সভাপতি।<br>২  তালহা জুবাইর মাশরুর, উপজেলা কৃষি অফিসার- সদস্য সচিব<br>৩। উত্তম কুমার কুন্ডু,উপজেলা শিক্ষা অফিসার-সদস্য।<br>৪। বিকাশ কুমার সাহা, মাধ্যমিক শিক্ষা  অফিসার -সদস্য সচিব<br>৫। মোঃ আব্দুল হান্নান,পরিবার পরিকল্পনা কর্মকর্তা -সদস্য<br>৬। মোঃ জাহাঙ্গীর আলম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা-সদস্য<br>৭। মোঃ রেজাউল করিম ঈমাম-সদস্য</td></tr>
<tr><td>১</td><td>উপজেলা অফিসার্স ক্লাব মেরামত সহ টয়লেট নির্মান এবং উপজেলা ট্রেনিং সেন্টার মেরামত।</td><td>২,০০,০০০/-</td><td>১।মোঃমাসুদুর রহমান,ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ প্রকল্প সভাপতি।<br>২  তালহা জুবাইর মাশরুর, উপজেলা কৃষি অফিসার- সদস্য সচিব<br>৩। উত্তম কুমার কুন্ডু,উপজেলা শিক্ষা অফিসার-সদস্য।<br>৪। বিকাশ কুমার সাহা, মাধ্যমিক শিক্ষা  অফিসার -সদস্য সচিব<br>৫। মোঃ আব্দুল হান্নান,পরিবার পরিকল্পনা কর্মকর্তা -সদস্য<br>৬। মোঃ জাহাঙ্গীর আলম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা-সদস্য<br>৭। মোঃ রেজাউল করিম ঈমাম-সদস্য</td></tr>
</table>
</td>
<td>ক) অনুমোদিত ২ প্রকল্পের প্রাক্কলণ প্রস্তুত পূর্বক বাস্তবায়নের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা প্রকৌশলীকে  অনুরোধ করা হলো।</td>
<td>উপজেলা প্রকৌশলী।</td>
</tr>
</table>

**১২।বিবিধঃ১। উপজেলা ভাইস চেয়ারম্যানঃ** সভায় উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, মোঃ মাসুদুর রহমান উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি বলেন,আমরা জনপ্রতিনিধি আপনাদের সহযোগিতা নিয়ে কাজ করতে চাই। তিনি সভায় উপস্থিত সকল দপ্তর প্রধানকে উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করতে অনুরোধ করেন।

**২। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানঃ** সভায় উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান, মোছাঃ সাহাজাদী বলেন,হস্তান্তরিত দপ্তরপ্রধানগন উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করলে ভাল হয়। তিনি উপজেলা কমিটি সমুহের সভা আয়োজনে আরো বেশি আন্তরিক হতে সভায় উপস্থিত বিভিন্ন দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন। তিনি জানান, উপজেলা পরিষদের সিদ্ধান্ত মোতাবেক প্রতি মাসের **১ম** বৃহঃবার উপজেলা কমিটির সভা করা হবে।

**৩। উপজেলা নির্বাচন অফিসঃ** সভায় উপজেলা নির্বাচন অফিসার বলেন, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৪। উপজেলা পরিসংখ্যান অফিসঃ** সভায় উপজেলা পরিসংখ্যান অফিসার বলেন, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন (পজীপ)ঃ** প্রকল্প কর্মকর্তা পজীপ সভায় জানান, এ দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৬। পল্লীসঞ্চয় ব্যাংকঃ** আমার বাড়ী আমার খামার উপজেলা সমন্বয়কারী সভায় জানান, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৭। পল্লীবিদ্যুৎঃ** সভায় উপস্থিত পল্লীবিদ্যুৎ চুয়াডাঙ্গা জোনাল অফিসের এজিএম জানান, বিদ্যুৎ বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভায় উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন।

**৮। জঙ্গীবাদ/ সন্ত্রাসবাদ এর কুফল সম্পর্কে উদ্বুদ্ধকরণঃ**

এ উপজেলায় আলোচ্য মাসে কোন জঙ্গী তৎপরতা পরিলক্ষিত হয়নি। ইউপি চেয়ারম্যানগণ জানান যে, জঙ্গীবাদের কুফল সম্পর্কে মসজিদে জুম্মার দিন খুৎবার সময় আলোচনা করা হয়ে থাকে। এ ছাড়া ইউনিয়ন পরিষদে অনুষ্ঠিত সভা সমূহেও বিষয়টির ওপর আলোচনা করা হয়ে থাকে।

০৯। **উপজেলা ডিজিটাল সেন্টারঃ** উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা ডিজিটাল সেন্টারের সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। ডিজিটাল সেন্টার চালু হওয়ার পর থেকে জনসাধারনের এ অফিস থেকে সেবা পাওয়া অধিকতর সহজলভ্য হয়েছে। এছাড়া সরকারী **১৭** টি দপ্তর উপজেলা ডিজিটাল সেন্টার হতে বিভিন্ন ধরনের ই-সেবা গ্রহন করছে।

সভাপতি আলোচনায় সক্রিয় অংশ গ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্সন করে বলেন, আমাদেরকে পূর্বের মত সুশৃংখল ভাবে কাজ করতে হবে ও দায়িত্ব পালনে আরো যত্নশীল হতে হবে। উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করতে হবে। গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহনে আরো বেশি যত্নবান হতে সকলকে তিনি অনুরোধ জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আসাদুল হক বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চুয়াডাঙ্গা সদর,চুয়াডাঙ্গা।

উপজেলা পরিষদ কার্যালয়
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ঃ ৪৬.৪৪.১৮২৩.০০০.০৬.০০২.২১- ৮৩ (৪০) । ৩০/১১/২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলঃ-

১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-১/২ ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা সদর ।
৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৮। উপজেলা...............................................অফিসার, চুয়াডাঙ্গা সদর ।
৯। চেয়ারম্যান, আলুকদিয়া, মোমিনপুর, কুতুবপুর, শংকরচন্দ্র,বেগমপুর,তিতুদহ,পদ্মবিলা,গড়াইটুপি ইউপি।
১০। জনাব.....................................................................................
১১। সহকারী প্রগ্রামার পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধ সহ।

(শামীম ভূঁইয়া)
উপজেলা নির্বাহী অফিসার
চুয়াডাঙ্গা সদর,চুয়াডাঙ্গা।

সভা নং ঃ ০৬/২০২১-২২ অর্থবছর।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ ঃ ০৯.১২.২০২১ খ্রিঃ।
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভাপতি ঃ জনাব মোঃ আসাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "ক"

সভায় উপস্থিত মাননীয় সভাপতি মহোদয় সভার সকল সদস্যকে শুভেচ্ছা জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার জনাব শামীম ভূইয়া সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করেন।

**সভার আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **আলোচ্যসূচি-১। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ ও অনুমোদন।**<br>১। গত নভেম্বর/২১ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। | সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | - |
| **আলোচ্যসূচি-২। উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা।**<br>**মৎস্য ও প্রাণি সম্পদ বিষয়ক উপজেলা কমিটি ঃ** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান, তার দপ্তরের উপজেলা কমিটির সভা বিগত ০২/১২/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে। তিনি উক্ত সভার কার্যচিত্র উপস্থাপন করে বলেন, বিভিন্ন ইউনিয়নে ০৭ টি মৎস্য প্রদর্শনী পুকুরে মাছ চাষ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া চলতি মাসে ২৪ টি খামার পরিদর্শন সহ মৎস্য চাষী/ মৎস্যজীবি ও উদ্যোক্তাকে পরামর্শ প্রদান করা হয়েছে। শেষে তিনি মৎস্য আইন বাস্তবায়নে উপজেলা প্রশাসনের সহযোগিতা কামনা করেন। | মৎস্য খামার পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা। |
সভায় উপস্থিত উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মাসুদুর রহমান বলেন, উপজেলা পরিষদের সন্নিকটে চুয়াডাঙ্গা পাসপোর্ট অফিসের অবস্থান হওয়ায়, উক্ত অফিসের নানাবিধ অসংগতির অভিযোগ পাওয়া যাচ্ছে। তিনি এসকল অনিয়মের প্রতিকার চেয়ে সভার দৃষ্টি আকর্ষন করলে, উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান ও সভার সভাপতি মহোদয় বলেন, অভিযোগের সত্যতা আছে। তিনি বলেন, পাসপোর্ট অফিসকে কেন্দ্র করে একটি দালাল চক্র সক্রিয় আছে আর এসকল দালালদের সহযোগিতায় আছে খোদ পাসপোর্ট অফিসের কিছু অসাদু কর্মকর্তা- কর্মচারী। এ বিয়য়ে বিস্তারিত আলোচনা শেষে উপজেলা নির্বাহী অফিসার বলেন, বিষয়টি কার্যবিবরনীতে অন্তর্ভুক্ত করে এর কপি ডিডি পাসপোর্টকে পত্র মারফত অবহিত করতে হবে এবং এর অনুলিপি জেলা প্রশাসক বরাবর প্রেরণ করতে হবে।

**২। উপজেলা নির্বাহী অফিসারঃ**

সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিষদের গুরুত্বপূর্ন মাসিক সভায় সকল সদস্যকে নিয়মিত উপস্থিত হবার অনুরোধ করেন। এছাড়া তিনি জানান, হস্তান্তরিত ১৭ টি দপ্তরের উপজেলা কমিটির সভা নিয়মিত করা সহ চলমান কার্যক্রমের চিত্র মাসিক সভার পূর্বে এ অফিসে প্রদান করলে সভার আলোচনা প্রানবন্ত হবে এজন্য তিনি আবশ্যিকভাবে উপজেলা কমিটির সভা সম্পন্ন করে উপজেলা পরিষদের মাসিক সভার পূর্বে কার্যবিবরনী প্রেরণ করতে দপ্তর প্রধানদেরকে অনুরোধ করেন। এছাড়া তিনি জানান, উপজেলা শিল্পকলা ববনের পাশে একটি ট্রেনিং সেন্টার করা হয়েছে। কোন দপ্তরের প্রয়োজন হলে এটি ব্যবহার করার আহবান জানান।

**৩। উপজেলা ভাইস চেয়ারম্যানঃ**  সভায় উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, মোঃ মাসুদুর রহমান উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি বলেন,আমরা জনপ্রতিনিধি আপনাদের সহযোগিতা নিয়ে কাজ করতে চাই। তিনি সভায় উপস্থিত সকল দপ্তর প্রধানকে উদ্দেশ্য করে বলেন,সরকার প্রতিটি দপ্তরের মাধ্যমে নানাবিধ উন্নয়নমূলক কাজ করে থাকে যা উপজেলা পরিষদকে অবহিত করা হয় না্ তিনি ১৭ টি দপ্তরের মাধ্যমে যেকোন উন্নয়ন মূলক কাজ করা হোক না কেন তা উপজেলা পরিষদকে অবহিত করতে অনুরোধ করেন।

**৪। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানঃ**

সভায় উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান, মোছাঃ সাহাজাদী বলেন,হস্তান্তরিত দপ্তরপ্রধানগন উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করলে ভাল হয়। তিনি উপজেলা কমিটি সমুহের সভা আয়োজনে আরো বেশি আন্তরিক হতে সভায় উপস্থিত বিভিন্ন দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন। তিনি জানান, উপজেলা পরিষদের সিদ্ধান্ত মোতাবেক প্রতি মাসের ১ম বৃহঃবার উপজেলা কমিটির সভা করা হবে।

**৫। উপজেলা নির্বাচন অফিসঃ**

সভায় উপজেলা নির্বাচন অফিসার বলেন, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৬। উপজেলা পরিসংখ্যান অফিসঃ**

সভায় উপজেলা পরিসংখ্যান অফিসার বলেন, বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন (পজীপ)ঃ**

প্রকল্প কর্মকর্তা পজীপ সভায় জানান, এ দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৮। পল্লীসঞ্চয় ব্যাংকঃ**

আমার বাড়ী আমার খামার উপজেলা সমন্বয়কারী সভায় জানান, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৯। পল্লীবিদ্যুৎঃ**

সভায় উপস্থিত পল্লীবিদ্যুৎ চুয়াডাঙ্গা জোনাল অফিসের এজিএম জানান, বিদ্যুৎ বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভায় উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন।

**১০। জঙ্গীবাদ/ সন্ত্রাসবাদ এর কুফল সম্পর্কে উদ্বুদ্ধকরণঃ**

এ উপজেলায় আলোচ্য মাসে কোন জঙ্গী তৎপরতা পরিলক্ষিত হয়নি। ইউপি চেয়ারম্যানগণ জানান যে, জঙ্গীবাদের কুফল সম্পর্কে মসজিদে জুম্মার দিন খুৎবার সময় আলোচনা করা হয়ে থাকে। এ ছাড়া ইউনিয়ন পরিষদে অনুষ্ঠিত সভা সমূহেও বিষয়টির ওপর আলোচনা করা হয়ে থাকে।

**১১। উপজেলা ডিজিটাল সেন্টারঃ**

উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা ডিজিটাল সেন্টারের সার্বিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। ডিজিটাল সেন্টার চালু হওয়ার পর থেকে জনসাধারনের এ অফিস থেকে সেবা পাওয়া অধিকতর সহজলভ্য হয়েছে। এছাড়া সরকারী ১৭ টি দপ্তর উপজেলা ডিজিটাল সেন্টার হতে বিভিন্ন ধরনের ই-সেবা গ্রহন করছে।

সভাপতি আলোচনায় সক্রিয় অংশ গ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্সন করে বলেন, সকল দপ্তরের চলমান কার্যক্রমের চিত্র সভা আরম্ভ হবার পূর্বে এ দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। তিনি জানান, আমাদেরকে পূর্বের মত সুশৃংখল ভাবে কাজ করতে হবে ও দায়িত্ব পালনে আরো যত্নশীল হতে হবে। উপজেলা কমিটি সমূহের সভা নিয়মিত করতে হবে। গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহনে আরো বেশি যত্নবান হতে সকলকে তিনি অনুরোধ জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আসাদুল হক বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চুয়াডাঙ্গা সদর,চুয়াডাঙ্গা।

উপজেলা পরিষদ কার্যালয়
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ঃ ৪৬.৪৪.১৮২৩.০০০.০৬.০০২.২১- ১১০ (৪০) ।                    ২০/০২/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলঃ–

১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-১/২ ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর ।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৭। উপজেলা.................................................অফিসার, চুয়াডাঙ্গা সদর ।
৮। চেয়ারম্যান, আলুকদিয়া, মোমিনপুর, কুতুবপুর, শংকরচন্দ্র,বেগমপুর,তিতুদহ,পদ্মবিলা,গড়াইটুপি ইউপি।
০৯। জনাব..................................................................................
১০। সহকারী প্রোগ্রামার পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধ সহ।

(শামীম ভূইয়া)
উপজেলা নির্বাহী অফিসার
চুয়াডাঙ্গা সদর,চুয়াডাঙ্গা।
unochuadanga@mopa.gov.bd

সভা নং ঃ ০৯/২০২১-২২ অর্থবছর।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

**তারিখ ঃ ১০.০৩.২০২২ খ্রিঃ।**

**সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।**

সভাপতি ঃ জনাব মোঃ আসাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট “ক”

সভায় উপস্থিত মাননীয় সভাপতি মহোদয় সভার সকল সদস্যকে শুভেচ্ছা জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার জনাব শামীম ভূইয়া সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করেন।

**সভার আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **আলোচ্যসূচি-১। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ ও অনুমোদন।** | সঠিক ভাবে লিপিবদ্ধ | - |

| | | |
|---|---|---|
| ১। গত ফেব্রুয়ারি/২২ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। | হয়েছে মর্মে সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | |
| <u>**আলোচ্যসূচি-২। উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা।**</u><br>**কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটিঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, বিগত ০৩/০৩/২০২২ খ্রিঃ তারিখে কৃষি ও সেচ বিষয়ক উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, চুয়াডাঙ্গা সদর উপজেলায় শিলাবৃষ্টিতে ৩০০ কোটি টাকার কৃষি ক্ষয়ক্ষতি হয়েছে। তিনি উপজেলা পরিষদ হতে সহযোগিতা করার অনুরোধ করেন। এছাড়া তিনি জানান, চলতি ২০২১-২২ অর্থবছরে রবি মওসুমে ৩৪৮৫ জন কৃষকের মাঝে বিভিন্ন ফসলের উপর প্রণোদনা ও ২০০০ জন কৃষকের মাঝে বোরো হাইব্রিড ধানবীজ সহায়তা কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এছাড়া চলতি রবি মওসুমে বোরো ৬৯৩৫ হেক্টর, আলু ৮৭০ হেক্টর, ভূট্টা ১৪,২৫০ হেক্টর, মরিচ ২৩০ হেক্টর সহ শাকসবজি ৩৭৫০ হেক্টর অর্জিত হয়েছে। এছাড়া তিনি জানান, অত্র উপজেলায় উইরিয়া সার ৩৫২ মে.টন, টিএসপি সার ৩২৫ মে. টন, এমওপি সার ২০ মে. টন ও ডিএপি সার ৪৩৫ মে.টন মজুদ রয়েছে। চলতি মৌসুমে কৃষক পর্যায়ে সার সহজলভ্যতার জন্য ডিলার পর্যায়ে সারের মনিটরিং জোরদার করা হচ্ছে। | ডিলার পর্যায়ে সারের মনিটরিং অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| **স্বাস্থ্য ও পরিবার কল্যান বিষয়ক উপজেলা কমিটিঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বিগত ০৩/০৩/২০২২ খ্রিঃ তারিখে তার দপ্তরের উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি তার দপ্তরের চলতি মাসের নিম্নরুপ কাজের চিত্র তুলে ধরেন; পরিবার পরিকল্পনা সামগ্রী ব্যবহারকারীর হার ৮৩.১৯%। এছাড়া চলতি মাসে নরমাল ডেলিভারী সেবা ৬৭ জন, গর্ভবতী সেবা ১৩৭৫ জন এবং ৬২৪ জনকে প্রসবোত্তর সেবা প্রদান করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| **পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক উপজেলা কমিটিঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, বিগত ০৩/০৩/২০২২ খ্রিঃ তারিখে তার দপ্তরের উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, চলতি মাসে তার দপ্তরের লক্ষ্যমাত্রা অনুযায়ী সমিতি গঠন ০,সদস্য ভর্তি ৬, পুঁজি গঠন ০.৬৪ লক্ষ, ঋণ বিতরণ ৪৫.৯৮ লক্ষ ও আদায় ১৬.৮১ লক্ষ। | ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা। |
| সমবায়ঃ উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, এ দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা। |
| <u>**আলোচ্যসূচি-৩। হস্তান্তরিত দপ্তর সমূহের বিভাগীয় চলমান কার্যক্রম পর্যালোচনা।**</u><br><u>**০১। উপজেলা স্বাস্থ্য বিভাগঃ**</u><br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, ২৭ টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে চলতি মাসে **১৯৬৯১** জন রুগীকে স্বাস্থ্য সেবা ও স্বাস্থ্য শিক্ষা প্রদান করা হয়েছে । ৩৭৬ জন রুগির উন্নত চিকিৎসার জন্য অন্যত্র রেফার্ড করা হয়েছে। কমিউনিটি ক্লিনিকে আগত মা এবং শিশুদের পুষ্টি | ২৭ টি কমিউনিটি ক্লিনিকের সেবার মান বৃদ্ধিতে পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা । |

| | | |
|---|---|---|
| বিষয়ে স্বাস্থ্য শিক্ষা প্রদান অব্যাহত আছে। চলতি মাসে কোন অপুষ্টিজনিত শিশু পাওয়া যায় নাই। তিনি জানান, চুয়াডাঙ্গা সদর হাসপাতালে করোনার টিকা কার্যক্রম স্বাভাবিক আছে। সমগ্র দেশে করোনা ভাইরাসের টিকা কার্যক্রমে চুয়াডাঙ্গার অবস্থান ৫ম বলে স্বাস্থ্য বিভাগের কর্মকর্তা সভাকে অবহিত করেন। | | |
| **০২। উপজেলা মৎস্য বিভাগঃ**<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, ধারাবাহিক কাজের অংশ হিসাবে এ মাসে ২৭ টি মৎস্য খামার পরিদর্শন, ০৭ টি মৎস্য প্রদর্শনী পুকুর নির্বাচন কাজ চলমান রয়েছে। তিনি বলেন, মৎস্য সংরক্ষণ আইন-১৯৫০ এর আওতায় বাজারে মাছে ফরমালিন পরীক্ষা অব্যাহত আছে। মাঠ পর্যায়ে টেস্ট কিটের মাধ্যমে চাষীর পুকুরে মাটি ও পানি পরীক্ষা পূর্বক পরামর্শ প্রদান অব্যাহত আছে । এছাড়া তিনি জানান, ভান্ডারদহ বাওড়ে ১ টি অভয়াশ্রম স্থাপন করা হয়েছে এবং আরো ১টির কাজ চলমান রয়েছে । অন্যান্য দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে সভাকে অবহিত করেন। | মৎস্য খামার পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| **০৩। উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, চলতি মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ নাই, টিকা প্রদান সম্প্রসারণ গবাদী পশু ৫০৮০ মাত্রা, হাঁস-মুরগী ৬৭১০০ মাত্রা। এছাড়া তিনি জানান, এ মাসে ২৮১২ টি গবাদি পশু এবং ১৭৮৭৮ টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এছাড়াও ডিম উৎপাদন- ৩৯১৫০০০ টি, দুধ উৎপাদন-১৭৯৪.৫ মেঃ টন, মাংশ উৎপাদন-১৯৫৬.৫ মেঃটন। ঘাষ চাষ সম্প্রসারণ-০.৪৫ একর, খামার পরিদর্শন- ১২ টি। এছাড়া অন্যান্য বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | খামার পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| **০৪। উপজেলা প্রকৌশল বিভাগঃ** উপজেলা প্রকৌশলী জানান, ২০২১-২২ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি তহবিলের ১৫০ টি প্রকল্পের টেন্ডার কার্যক্রম শেষ হয়েছে। উপজেলা চেয়ারম্যান বলেন, ঠিকাদারেরা যাতে দ্রুত প্রকল্পের কাজ শুরু করে তার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে উপজেলা প্রকৌশলীকে দায়িত্ব দেন। সভায় উপস্থিত গড়াইটুপি ইউপি চেয়ারম্যান বলেন, বর্তমানে এলজিইডির মাধ্যমে বাস্তবায়িত কাজেরগুনগত মান সন্তোষজনক নয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন, প্রকল্পের কাজ চলাকালীন প্রাক্কলন অনুযায়ি কাজ বুঝে নেওয়ার দায়িত্ব প্রকৌশলীর। তিনি জানান, কাজের গুনগত মান বৃদ্ধিতে পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | প্রকল্পের কাজ আরম্ভ হলে তদারকি অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী। |
| **০৫। মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, ২০২২ শিক্ষাবর্ষে বিনামূল্যের পাঠ্যপুস্তক গ্রহণ ও বিতরণ সম্পন্ন হয়েছে। শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা-২০২২ এর প্রস্তুতি মূলক সভা সম্পন্ন করা হয়েছে। এছাড়া মাধ্যমিক পর্যায়ের ১২-১৭ বয়সি ২৬১৩০ জন শিক্ষার্থীর টিকা প্রদান সম্পন্ন হয়েছে। তিনি জানান, ৫০ তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা-২০২২ সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| **০৬। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, বর্তমানে ১ম-৫ম শ্রেনী পর্যন্ত পূর্নাঙ্গ পাঠদান কার্যক্রম গত ১ মার্চ,২০২২ তারিখ হতে শুরু হয়েছে। শিক্ষার্থী উপস্থিতির হার ৯৭% প্রায়। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| **০৭। সমাজসেবা বিভাগ ঃ** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, বয়স্ক, বিধবা, প্রতিবন্ধিসহ সকল ভাতার ডিজিটালাইজেশনের লক্ষে ভাতাভোগিদের বিকাশ এ্যাকাউন্ট খোলার কার্যক্রম শেষ হয়েছে। বয়স্ক, বিধবা ও অস্বচ্ছল প্রতিবন্ধি ভাতাভোগীদের মৃত্যুজনিত প্রতিস্থাপনের কাজ সম্পন্ন হয়েছে । তিনি সভায় উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, সরকার সামাজিক নিরাপত্তা বেস্টনির আওতায় সদর উপজেলায় ১২,১২৩ জনকে ৫০০ টাকা হারে বয়স্ক ভাতা, ৫৫৪৮ জনকে ৫০০ টাকা হারে বিধবা ভাতা এবং ৪৫৭৯ জনকে ৭৫০ টাকা হারে প্রতিবন্ধি ভাতা প্রদান করছে। তিনি জানান, ভিক্ষুক পুনর্বাসন বাবদ সদর উপজেলায় ২ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলন, বরাদ্দকৃত অর্থ দিয়ে ২০ জন ভিক্ষুককে পুনর্বাসন করা যেতে পারে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| **০৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি জানান, ২০২১-২২ অর্থবছরে টিআর মোট = ৪৭,৫৭,৫৫৩/- টাকার বিপরীতে ৬১ টি প্রকল্প নেওয়া হয়েছে যার শতভাগ কাজ সম্পন্ন হয়েছে। কাবিটা = ৫৯৮৬৫৫১/- টাকার বিপরীতে ৪১ টি প্রকল্প নেওয়া হয়েছে। কাজ শতভাগ বাস্তায়িত হয়েছে। ইজিপিপি ১ম পর্যায়ে ১২৫৪ জনের বিপরীতে ১০ টি ইউনিয়নের প্রকল্প গ্রহণ করা হয়েছে গত ১২/০২/২০২২ খ্রি তারিখে কাজ শুরু করা হয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | কাজ শতভাগ বাস্তবায়নে তদারকি অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| **০৯। উপজেলা জনস্বাস্থ্য বিভাগঃ** উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় চুয়াডাঙ্গা সদর উপজেলায় ২৫০ টি অগভির তারা নলকূপ ও ১০ টি অগভির সাবমার্সিবল পাম্প সহ স্থাপন কাজ এবং পিডিপি-৪ প্রকল্পের আওতায় ৪ টি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। | কাজের গুনগত মান নিশ্চিত করতে হবে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী। |
| **১০। উপজেলা মহিলা বিষয়ক দপ্তরঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, এ অফিসের সার্বিক কাজ স্বাভাবিক ভাবে চলছে। | ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উঃ মহিলা বিষয়ক কর্মকর্তা। |
| **১১। উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, চলতি অর্থবছরে তার দপ্তরের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ, ঋণ বিতরণ ও আদায় শতভাগ অর্জন সম্ভব হয়েছে। তিনি আরো জানান, এ দপ্তরের ঋণ কার্যক্রম এবং যুব ও যুব মহিলাদের মাঝে প্রশিক্ষণ প্রদান অব্যাহত আছে। এ দপ্তরের কোন ঋণ খেলাপি নেই,আদায়ের হার ১০০%। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| **১২। পরিবেশ বন বিভাগঃ** ভারপ্রাপ্ত কর্মকর্তা এসএফএনটিসি চুয়াডাঙ্গা, সামাজিক বন বিভাগ, কুষ্টিয়া জানান, বেলগাছি হতে মাখালডাঙ্গা ভায়া দীননাথপুর ৬.০ কিঃমিঃ বনায়ন গাছ ২০২১ সনে | ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা |

<table>
<tr><td>মার্কিং পূর্বক বিক্রয় কার্যক্রম গ্রহন করা হয়েছে।</td><td></td><td>SFNTC চুয়াডাঙ্গা।</td></tr>
<tr><td><u>আলোচ্যসূচি-০৪। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিয়মিত ব্যয় অনুমোদন ও নতুন প্রকল্প গ্রহনঃ</u><br>ক) সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান, নিম্নবর্নিত খাত সমুহে নীতিমালা অনুযায়ি তাৎক্ষনিকভাবে ব্যয় করার নির্দেশনা দেওয়া হয়েছে যার বিল বকেয়া আছে। বিদ্যমান নীতিমালার আলোকে মাসিক সভায় অনুমোদন হবার পর দাখিলকৃত বকেয়া বিল পরিশোধ করা হবে। বকেয়া বিলঃ<br>১) চলতি মাসের ০৩ টি মডেমের ইন্টারনেট ব্যয়-৩,০০০/-<br>২) চলতি মাসের সংবাদপত্রের বিল-১,৫৫০/<br>৩) বৈদ্যুতিক সংযোগ মেরামত, ফাইল তৈরি, স্ট্যান্ড ও তোয়ালে ইত্যাদি ক্রয়-২৫,০০০/-<br><br>সভায় ১-৩ নং ক্রমিকে বর্নিত ব্যয় পরিশোধের অনুমোদন গ্রহণের জন্য ব্যয় বিবরণী/বিল ভাউচার দাখিল করা হয়। সভায় জানানো হয় দাখিলকৃত বিল ভাউচার সঠিক আছে। এ বিষয়ে বিস্তারিত আলোচোনান্তে দাখিলকৃত ব্যয় সমূহ উপজেলা পরিশোধের রাজস্ব তহবিল হতে পরিশোধের ব্যপারে সকলে একমত পোষণ করেন।<br><br>সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় বলেন, গত ২৭ ফেব্রুয়ারি চুয়াডাঙ্গা সদর উপজেলায় শিলাবৃষ্টিতে কৃষি সহ মানুষের বাড়ীর চালের যে ক্ষতি হয়েছে তা অপূরনীয়। তিনি উপজেলা পরিষদ হতে সদর উপজেলার ক্ষতিগ্রস্থদের সহযোগিতা করার প্রস্তাব করেন।<br>এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩/ঘ অনুচ্ছেদে অপ্রত্যাশিত খাতে বছরে সর্বচ্চ ৫,০০,০০০/- টাকা ব্যয়ের সুযোগ রয়েছে। সভায় তিনি বলেন, যেহেতু মাত্রাতিরিক্ত শিলা বৃষ্টি হয়েছে এবং ব্যপক ক্ষয়ক্ষতি সাধিত হয়েছে তাই এটি প্রাকৃতিক দুর্যোগের শামিল। তিনি কিভাবে জনগণকে সাহায্য করা যায় এর উপর মতামত জানতে চাইলে সভায় জানানো হয় উপজেলা পরিষদের অর্থে ঢেউটিন ক্রয় করে ক্ষতিগ্রস্থদের মাঝে দেওয়া যায়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ৪,১৫,০০০/- বরাদ্দ অনুমোদন করে নিম্নরূপ গ্রহণ করা হয়ঃ<br><table><tr><th>ক্র</th><th>প্রকল্পের নাম</th><th>বরাদ্দ</th><th>বাস্তবায়ন পদ্ধতি</th></tr><tr><td>১</td><td>চুয়াডাঙ্গা সদর উপজেলায় আকস্মিক ঘূর্ণিঝড় ও শিলাবৃষ্টিতে ক্ষতিগ্রস্থদের মাঝে সরবরাহের নিমিত্তে ঢেউটিন ক্রয় প্রকল্প। (অপ্রত্যাশিত খাত)</td><td>৪,১৫,০০০/-</td><td>RFQ</td></tr></table>গৃহীত প্রকল্পের প্রাক্কলণ প্রস্তুত করে জরুরী ভিত্তিতে বাস্তবায়নের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা প্রকৌশলীকে দায়িত্ব দেওয়া হয়।</td><td>১-৩ নং ক্রমিকে বর্নিত বকেয়া ব্যয় সমুহ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হলো এবং ঢেউটিনক্রয় প্রকল্পের প্রাক্কলণ প্রস্তুতপূর্বক RFQ পদ্ধতিতে বাস্তাবয়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>উপজেলা প্রকৌশলী/ উপজেলা নির্বাহী অফিসার।</td></tr>
</table>

**<u>আলোচ্য সূচি-০৫ বিবিধঃ</u>**

**<u>১। উপজেলা নির্বাহী অফিসারঃ</u>**

সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিষদের গুরুত্বপূর্ণ মাসিক সভায় সকল সদস্যকে নিয়মিত উপস্থিত থাকতে হবে। এছাড়া তিনি জানান, হস্তান্তরিত ১৭

টি দপ্তরের উপজেলা কমিটির সভা নিয়মিত করা সহ চলমান কার্যক্রমের চিত্র মাসিক সভার পূর্বে এ অফিসে প্রদান করলে সভার আলোচনা প্রানবন্ত হবে। এজন্য তিনি আবশ্যিকভাবে উপজেলা কমটির সভা সম্পন্ন করে উপজেলা পরিষদের মাসিক সভার পূর্বে কার্যবিবরনী প্রেরণ করতে দপ্তর প্রধানদেরকে অনুরোধ করেন।

**২। উপজেলা ভাইস চেয়ারম্যানঃ** সভায় উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, মোঃ মাসুদুর রহমান উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি বলেন,আমরা জনপ্রতিনিধি আপনাদের সহযোগিতা নিয়ে কাজ করতে চাই। তিনি সভায় উপস্থিত সকল দপ্তর প্রধানকে উদ্দেশ্য করে বলেন,সরকার প্রতিটি দপ্তরের মাধ্যমে নানাবিধ উন্নয়নমূলক কাজ করে থাকে যা উপজেলা পরিষদকে অবহিত করা হয় না। তিনি ১৭ টি দপ্তরের মাধ্যমে যেকোন উন্নয়ন মূলক কাজ করা হোক না কেন তা উপজেলা পরিষদকে অবহিত করতে অনুরোধ করেন। এছাড়া তিনি বলেন, উপজেলা পরিষদের সর্বচ্চ গুরুরত্তপূর্ন মাসিক সভায় অনেক দপ্তর প্রধান প্রতিনিধি প্রেরণ করেন যা কাম্য নয়। এব্যপারে পদক্ষেপ নিতে তিনি উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষন করেন। তিনি চুয়াডাঙ্গা সদর হাসপাতালের অনিয়ম তুলে ধরে বলেন, সরকারি ভাবে হাসপাতালে বিভিন্ন ধরনের অপারেশনের ব্যবস্থা থাকলেও হাসপাতাল কর্তৃপক্ষ সপ্তাহিক অপারেশনের ব্যবস্থা রেখেছে এতে গরীব গ্রামের অসহায় রুগিদের চরম ভোগান্তি হচ্ছে। তিনি এ বিষয়ে ব্যবস্থা নিতে স্বাস্থ্য বিভাগের প্রতিনিধিকে অনুরোধ করেন।

**৩। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানঃ**

সভায় উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান, মোছাঃ সাহাজাদী বলেন,হস্তান্তরিত দপ্তরপ্রধানগন উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করলে ভাল হয়। তিনি উপজেলা কমিটি সমূহের সভা আয়োজনে আরো বেশি আন্তরিক হতে সভায় উপস্থিত বিভিন্ন দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন। তিনি জানান, উপজেলা পরিষদের সিদ্ধান্ত মোতাবেক প্রতি মাসের ১ম বৃহঃবার উপজেলা কমিটির সভা করা হবে।

**৪। গড়াইটুপি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ঃ** গড়াইটুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ শফিকুর রহমান বলেন, গড়াইটুপি ইউপির বাটিকাডাঙ্গা গ্রামে খুবই নিম্নমানের ব্লক দিয়ে এলজিইডির মাধ্যমে রাস্তা নির্মিত হচ্ছে। এ বিষয়ে ব্যবস্থা নিতে তিনি সভার দৃষ্টি আকর্ষণ করলে, সভায় উপজেলা প্রকৌশলীকে বিষয়টি দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশনা দেওয়া হয়।

**৫। কুতুবপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ঃ** কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব আলী আহম্মেদ হাসানুজ্জামান বলেন, কুতুবপুর ইউপির সরোজগঞ্জ থেকে ধুতুরহাট রোডে শাহপুর খালের ব্রীজ ভেঙ্গে গেছে। এ বিষয়ে জরুরী ভিত্তিতে ব্যবস্থা নিতে তিনি সভার দৃষ্টি আকর্ষণ করলে, সভায় উপজেলা প্রকৌশলীকে বিষয়টি দেখে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশনা দেওয়া হয়।

**৬। উপজেলা নির্বাচন অফিসঃ**

সভায় উপজেলা নির্বাচন অফিসার বলেন, অতি সম্প্রতি তিতুদহ ইউনিয়ন পরিষদ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। এছাড়া বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন।

**৭। উপজেলা পরিসংখ্যান অফিসঃ**

সভায় উপজেলা পরিসংখ্যান অফিসার বলেন, আগামী মে/২২ মাসে জনশুমারীর কাজ শুরু হবে। এছাড়া বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন (পজীপ)ঃ**

প্রকল্প কর্মকর্তা পজীপ সভায় জানান, এ দপ্তরের সকল  কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৯। পল্লীসঞ্চয় ব্যাংকঃ**

আমার বাড়ী আমার খামার উপজেলা সমন্বয়কারী সভায় জানান, তার দপ্তরের সকল  কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**১০। পল্লীবিদ্যুৎঃ**

সভায় উপস্থিত পল্লীবিদ্যুৎ চুয়াডাঙ্গা জোনাল অফিসের এজিএম  জানান, বিদ্যুৎ বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভায় উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন।

**১১। জঙ্গীবাদ/ সন্ত্রাসবাদ এর কুফল সম্পর্কে উদ্বুদ্ধকরণঃ**

এ উপজেলায় আলোচ্য মাসে কোন জঙ্গী তৎপরতা পরিলক্ষিত হয়নি। ইউপি চেয়ারম্যানগণ জানান যে, জঙ্গীবাদের কুফল সম্পর্কে মসজিদে জুম্মার দিন খুৎবার সময় আলোচনা করা হয়ে থাকে। এ ছাড়া ইউনিয়ন পরিষদে অনুষ্ঠিত সভা সমূহেও বিষয়টির ওপর আলোচনা করা হয়ে থাকে।

**১২। উপজেলা ডিজিটাল সেন্টারঃ**

উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা ডিজিটাল সেন্টারের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। ডিজিটাল সেন্টার চালু হওয়ার পর থেকে জনসাধারনের এ অফিস থেকে সেবা পাওয়া অধিকতর সহজলভ্য হয়েছে। এছাড়া সরকারী ১৭ টি দপ্তর উপজেলা ডিজিটাল সেন্টার হতে বিভিন্ন ধরনের ই-সেবা গ্রহন করছে।

সভাপতি আলোচনায় সক্রিয় অংশ গ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি  সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্সন করে বলেন, সকল দপ্তরের চলমান কার্যক্রমের চিত্র সভা আরম্ভ হবার পূর্বে এ দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। তিনি জানান, আমাদেরকে পূর্বের মত সুশৃংখল ভাবে কাজ করতে হবে ও দায়িত্ব পালনে আরো যত্নশীল হতে হবে। উপজেলা কমিটি সমূহের সভা নিয়মিত করতে হবে। গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহনে আরো বেশি যত্নবান হতে সকলকে তিনি অনুরোধ জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আসাদুল হক বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চুয়াডাঙ্গা সদর,চুয়াডাঙ্গা।

উপজেলা পরিষদ কার্যালয়
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ঃ ৪৬.৪৪.১৮২৩.০০০.০৬.০০২.২১- ১১৭ (৪০) ।  ২০/০৩/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলঃ-

১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-১/২ ।

২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,

ঢাকা।

৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।

৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর ।

৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

৭। উপজেলা................................................অফিসার, চুয়াডাঙ্গা সদর ।

৮। চেয়ারম্যান, আলুকদিয়া, মোমিনপুর, কুতুবপুর, শংকরচন্দ্র,বেগমপুর,তিতুদহ,পদ্মবিলা,গড়াইটুপি ইউপি।

০৯। জনাব.................................................................................

১০। সহকারী প্রোগ্রামার পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধ সহ।

(শামীম ভূইয়া)
উপজেলা নির্বাহী অফিসার
চুয়াডাঙ্গা সদর,চুয়াডাঙ্গা।
unochuadanga@mopa.gov.bd

সভা নং ঃ ১০/২০২১-২২ অর্থ

স্থান ঃ উপজেলা পরিষদ

তারিখ ঃ ১৩.০৪.২০২২ খ্রিঃ।

সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভাপতি ঃ জনাব মোঃ আসাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট “ক”

সভায় উপস্থিত মাননীয় সভাপতি মহোদয় সভার সকল সদস্যকে শুভেচ্ছা জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার জনাব শামীম ভূইয়া সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করেন।

**সভার আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **আলোচ্যসূচি-১। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ ও অনুমোদন।**<br>**১। গত মার্চ/২২ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়।** | সঠিক ভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | - |

| | | |
|---|---|---|
| **আলোচ্যসূচি-২। উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা।**<br>**মৎস্য ও প্রাণি সম্পদ বিষয়ক উপজেলা কমিটি ঃ**<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান, তার দপ্তরের উপজেলা কমিটির সভা উপজেলা পরিষদের সিদ্ধান্ত অনুসারে বিগত ০৭/০৪/২০২২ খ্রিঃ তারিখে মাসের ১ম বৃহস্পতিবার অনুষ্ঠিত হয়েছে। তিনি উক্ত সভার কার্যচিত্র উপস্থাপন করে বলেন, ভান্ডারদহ বাওড়ে ০১ টি অভয়াশ্রম স্থাপন করা হয়েছে এবং কুকিয়া চাঁদপুর ০১ টি অভয়াশ্রমের কাজ চলমান রয়েছে। এছাড়া চলতি মাসে ২৭ টি খামার পরিদর্শন সহ মৎস্য চাষী/ মৎস্যজীবি ও উদ্যোক্তাকে পরামর্শ প্রদান করা হয়েছে। | মৎস্য খামার পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| **সমাজ কল্যান বিষয়ক উপজেলা কমিটি ঃ**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের উপজেলা কমিটির সভা উপজেলা পরিষদের সিদ্ধান্ত অনুসারে বিগত ০৭/০৪/২০২২ খ্রিঃ তারিখে মাসের ১ম বৃহস্পতিবার অনুষ্ঠিত হয়েছে। তিনি উক্ত সভার কার্যচিত্র উপস্থাপন করে বলেন, বয়স্ক, বিধবা, প্রতিবন্ধিসহ সকল ভাতার ডিজিটালাইজেশনের লক্ষে ভাতাভোগিদের বিকাশ এ্যাকাউন্ট খোলার কার্যক্রম শেষ হয়েছে। ভাতাভোগিদের ব্যাংক বিকাশ এ্যাকাউন্টে জানুয়ারি/২২-মার্চ/২২) মাসের অর্থ ছাড় করা হয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা। |
| **পরিবেশ ও বন বিষয়ক উপজেলা কমিটিঃ** ভারপ্রাপ্ত কর্মকর্তা এসএফএনটিসি চুয়াডাঙ্গা, সামাজিক বন বিভাগ, কুষ্টিয়া জানান, তার দপ্তরের উপজেলা কমিটির সভা উপজেলা পরিষদের সিদ্ধান্ত অনুসারে বিগত ০৭/০৪/২০২২ খ্রিঃ তারিখে মাসের ১ম বৃহস্পতিবার অনুষ্ঠিত হয়েছে। তিনি উক্ত সভার কার্যচিত্র উপস্থাপন করে বলেন, এ অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিষদ চত্তরে দক্ষিন-পশ্চিম কোনে ১ টি শিশু গাছ মরে ঝুকিপূর্ন অবস্থায় বিরাজ করছে। তিনি গাছটি অপসারণ করার লক্ষ্যে বন কর্মকর্তাকে মূল্য নির্ধারণের অনুরোধ করেন । | মরা শিশু গাছটির মূল্য নির্ধারণ পূর্বক পরবর্তী মাসিক সভায় উপস্থাপন করতে ভারপ্রাপ্ত কর্মকর্তা এসএফএনটিসি চুয়াডাঙ্গা কে অনুরোধ করা হলো। | ভারপ্রাপ্ত কর্মকর্তা এসএফএনটিসি চুয়াডাঙ্গা। |
| **আলোচ্যসূচি-৩। হস্তান্তরিত দপ্তর সমূহের বিভাগীয় চলমান কার্যক্রম পর্যালোচনা।**<br>**০১। উপজেলা স্বাস্থ্য বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, ২৭ টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে চলতি মাসে ১৯৬৯১ জন রুগীকে স্বাস্থ্য সেবা ও স্বাস্থ্য শিক্ষা প্রদান করা হয়েছে । ৩৭৬ জন রুগির উন্নত চিকিৎসার জন্য অন্যত্র রেফার্ড করা হয়েছে। কমিউনিটি ক্লিনিকে আগত মা এবং শিশুদের পুষ্টি বিষয়ে স্বাস্থ্য শিক্ষা প্রদান অব্যাহত আছে। চলতি মাসে কোন অপুষ্টিজনিত শিশু পাওয়া যায় নাই। উপজেলা নির্বাহী অফিসার করোনা টিকার বুস্টার ডোজ সদর হাসপাতালে দেওয়া হচ্ছে কিনা জানতে চাইলে, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, চুয়াডাঙ্গা সদর হাসপাতালে করোনার টিকার বুস্টার ডোজ সহ সকল টিকা কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। এছাড়া সমগ্র দেশে করোনা ভাইরাসের টিকা কার্যক্রমে চুয়াডাঙ্গার অবস্থান ৫ম বলে স্বাস্থ্য বিভাগের কর্মকর্তা সভাকে অবহিত করেন। | ২৭ টি কমিউনিটি ক্লিনিকের সেবার মান বৃদ্ধিতে পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা । |
| **০২। উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, চলতি ২০২১-২২ অর্থবছরে | আউষ প্রোণোদনায় | উপজেলা |

<table>
<tr><td>আউষ প্রোণোদনায় সদর উপজেলায় ৩৯৫০ জন কৃষকের মাঝে ১ বিঘা জমি চাষের জন্য ধানবীজ ও সার সহায়তা দেওয়া হবে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপকারভোগী কৃষক নির্বাচনের ক্ষেত্রে ইউপি চেয়ারম্যানদের সাথে সমন্বয় করে তালিকা করার জন্য উপজেলা কৃষি অফিসারকে নির্দেশনা দেন। সভায় কৃষি অফিসার অত্র সদর উপজেলার খরিপ-১ মওসুমে নিম্নরূপ কৃষি আবাদের চিত্র তুলে ধরেন। যথাঃ পাট ১৫০ হেক্টর, মুগ ৭০ হেক্টর, তরমুজ ১২০ হেক্টর, মরিচ ৬০ হেক্টর ও শাকসবজি ১২৫০ হেক্টর। এছাড়া তিনি অত্র উপজেলার নিম্নরুপ সার পরিস্থিতির চিত্র উপস্থাপন করেন। উইরিয়া সার ৩৮৩ মে.টন, টিএসপি সার ৪৭৩ মে. টন, এমওপি সার ১৫ মে. টন ও ডিএপি সার ৫৬৩ মে.টন মজুদ রয়েছে। চলতি মৌসুমে কৃষক পর্যায়ে সার সহজলভ্যতার জন্য ডিলার পর্যায়ে সারের মনিটরিং জোরদার করা হচ্ছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন।</td><td>উপকারভোগী কৃষক নির্বাচনের ক্ষেত্রে ইউপি চেয়ারম্যানদের সাথে সমন্বয় করে তালিকা প্রস্তুত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।</td><td>কৃষি কর্মকর্তা</td></tr>
<tr><td><u>০৩। উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ</u> উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, চলতি মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ নাই, টিকা প্রদান সম্প্রসারণ গবাদী পশু ৩৮৭৬ মাত্রা, হাঁস-মুরগী ৭১৬০০ মাত্রা। এছাড়া তিনি জানান, এ মাসে ২৯৪০টি গবাদি পশু এবং ১৯২৭১ টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এছাড়াও ডিম উৎপাদন- ৩৮১৫০০০ টি, দুধ উৎপাদন-১৭০৩.৫ মেঃ টন, মাংশ উৎপাদন- ২১৯৮.৪ মেঃটন। ঘাষ চাষ সম্প্রসারণ-০.০৫ একর, খামার পরিদর্শন-১২ টি।</td><td>খামার পরিদর্শন অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা।</td></tr>
<tr><td><u>০৪। উপজেলা প্রকৌশল বিভাগঃ</u><br>উপজেলা নির্বাহী অফিসার উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের বর্তমান চিত্র সম্পর্কে জানতে চেয়ে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষন করলে তিনি জানান, ২০২১-২২ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি তহবিলের ৩০ টি প্যাকেজের মধ্যে ৯ টি প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে এবং অবশিষ্ট ২১ টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। সভায় উপস্থিত উপজেলা প্রকৌশলী বলেন, ২০২১-২২ অর্থবছরে গৃহীত প্রকল্পের কিছু কিছু প্রকল্পের সাইডে কাজ করতে গিয়ে ঠিকাদারেরা নানাবিধ সমস্যার সম্মুখিন হচ্ছে। তিনি ঠিকাদারের লিখিত সমস্যগুলো মাসিক সভায় তুলে ধরলে উপজেলা চেয়ারম্যান বলেন, প্রকল্প দেওয়ার সময় অধিকতর সচেতনতা অবলম্বন করতে হবে। তিনি ভবিষ্যতে এ ধরনের প্রকল্প প্রস্তাব না করতে ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্সন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে উপস্থিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যাগণ নিজ নিজ ইউনিয়নের নিম্নরুপ প্রকল্পের সংশোধনী প্রস্তাব উপস্থাপন করেন।<br>
<table>
<tr><th>ক্রঃ</th><th>ইউনিয়ন</th><th>পূর্বের প্রকল্প</th><th>সংশোধীত প্রকল্প প্রস্তাব</th></tr>
<tr><td>০১</td><td>বেগমপুর</td><td>১। প্যাকেজ নং ইউডিএফ /২০২১-২২/১০ এর প্রকল্প নং-৮ (হিজলগাড়ী বুড়োর বাড়ী হতে বলদিয়া রাস্তা পর্যন্ত ফ্লাট সোলিং করণ)</td><td>১। ভূলবষতঃ ফ্লাট সোলিং লিপিবদ্ধ হয়েছে। উক্ত স্থানে হিজলগাড়ী বুড়োর বাড়ী হতে বলদিয়া রাস্তা পর্যন্ত এইচবিবি করণ প্রকল্প হবে।</td></tr>
<tr><td>০২।</td><td>কুতুবপুর</td><td>১। প্যাকেজ নং এডিপি /২০২১-২২/০৮ এর প্রকল্প নং-১ (সরোজগঞ্জ বাজারের বাসস্টান্ড থেকে বোয়ালিয়া রাস্তা অভিমুখে সিসি ক্যামেরা স্থাপন)</td><td>১। ভূলবষতঃ সরোজগঞ্জ বাজার লিখিত হওয়ায় উক্ত স্থানে দশমাইল বাজারে সিসি ক্যামেরা স্থাপন প্রকল্প হবে।</td></tr>
<tr><td>০৩।</td><td>শংকরচন্দ্র</td><td>১। প্যাকেজ নং ইউডিএফ /২০২১-২২/০২ এর প্রকল্প নং-২ (উক্ত হঠাৎ পাড়া দরাপের বাড়ীর নিকট হতে মসজিদ অভিমুখে রাস্তা ফ্লাট সোলিং)<br>২। প্যাকেজ নং ইউডিএফ /২০২১-২২/০২</td><td>১। পূর্বের রাস্তাটি জেলা পরিষদ কর্তৃকনির্মিত হওয়ায় উক্ত স্থানে উক্ত নতুন পাড়া সোরাপের বাড়ী হতে মাহাতাব মন্ডলের বাড়ী পর্যন্ত রাস্তা ফ্লাট সোলিং প্রকল্প হবে।</td></tr>
</table>
</td><td>সংশোধীত প্রকল্পগুলো সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো এবং এ অনুযায়ি প্রাক্কলণ প্রস্তুত পূর্বক প্রকল্পের কাজ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা প্রকৌশলীকে দায়িত্ব দেওয়া হলো।</td><td>উপজেলা প্রকৌশলী।</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | | এর প্রকল্প নং-৬ (মাখালডাঙ্গা স্কুল পাড়ায় মতিয়ারের দোকান থেকে আপানের বাড়ী পর্যন্ত রাস্তা ফ্লাট সোলিং)<br>৩।প্যাকেজ নং ইউডিএফ /২০২১-২২/০৭ এর প্রকল্প নং-১(ডিঙ্গেদহ বাজার মসজিদের বিপরীত পাশের রাস্তায় ডাঃ হান্নানের বাড়ী থেকে পিচ রাস্তা পর্যন্ত রাস্তা ফ্লাট সোলিং) | ২। মাখালডাঙ্গা স্কুল পাড়ায় মতিয়ারের দোকান থেকে আপানের বাড়ী পর্যন্ত রাস্তা ফ্লাট সোলিং প্রকল্পটি ৬ মিটার কম হওয়ায়, একই প্যাকের প্রকল্প নং ৭ (মাখালডাঙ্গা মঙ্গলমন্ডল বাড়ী নিকট রাস্তা ফ্লাট সোলিং প্রকল্পটি ৬ মিটার বেশি হবে )<br>৩। ডিঙ্গেদহ বাজার মসজিদের বিপরীত পাশের রাস্তায় ডাঃ হান্নানের বাড়ী থেকে পিচ রাস্তা পর্যন্ত রাস্তা ফ্লাট সোলিংপ্রকল্পটি ২৮ মিটার কম হওয়ায়, একই প্যাকের প্রকল্প নং৩ বহালগাছী আশ্রয়ন প্রকল্পের রাস্তা সোলিং প্রকল্পটি ২৮ মিটার বেশি হবে ) |
| ০৪ | গড়াইটুপি | প্যাকেজ নং ইউডিএফ /২০২১-২২/১৭ এর প্রকল্প নং-২ (কালুপোল পাঠান পাড়ায় বীর মুক্তিযোদ্ধা খোকনের বাড়ী থেকে কালুপোল বাজার অভিমুখে রাস্তা ফ্লাট সোলিং)<br>২। প্যাকেজ নং ইউডিএফ /২০২১-২২/১ এর প্রকল্প নং-৪ (তেঘরি পুকুর পাড়ায় আজগরের বাড়ী থেকে আলমের বাড়ী পর্যন্ত রাস্তা ফ্লাট সোলিং) | ১। পূর্বের রাস্তাটি ব্যক্তিগত জমিতে হওয়ায় বাস্তবায়ন করা যায়নি ফলে উক্ত স্থানে কালুপোল নুর ইসলামের বাড়ী থেকে কবর স্থান অভিমূখে রাস্তা ফ্লাট সোলিং করণ হবে।<br>২। পূর্বের রাস্তাটি ব্যক্তিগত জমিতে হওয়ায় বাস্তবায়ন করা যায়নি ফলে উক্ত স্থানে তেঘরি ইসলামের বাড়ী হতে আমিরুলের বাড়ীর শেষ পর্যন্ত ফ্লাট সোলিং করণ হবে। |
| ০৫ | মোমিনপুর | ১। প্যাকেজ নং এডিপি /২০২১-২২/০৫ এর প্রকল্প নং-১ (কবিখালি ব্রীজ হতে মুনজিলের বাড়ী পর্যন্ত রাস্তা ফ্লাট সোলিং)<br>২। প্যাকেজ নং এডিপি /২০২১-২২/০৬ এর প্রকল্প নং-১ (সরিষাডাঙ্গা গ্রামের মোহাম্মদ আলির বাড়ী হতে ওয়াবদা ব্রীজ অভিমূখে রাস্তায় ড্রেণ নির্মান । | ১। পূর্বের রাস্তাটি প্রকল্প বাস্তবায়ন অফিস কর্তৃক বাস্তবায়িত হওয়ায় উক্ত স্থানে কবিখালি আয়ুবের বাড়ী হতে নিদেনের বাড়ী পর্যন্ত রাস্তা ফ্লাট সোলিংকরণ হবে।<br>২। পূর্বের রাস্তাটি খালের ভিতর ড্রেন দেওয়ায় বাস্তবায়ন সম্ভব হয়নি উক্ত স্থানে বোয়ালমারি বটতলার এনামুলের বাড়ী হতে মুক্তার জোয়ার্দার এর বাড়ী অভিমূখে ড্রেন নির্মাণ হবে। |

সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে প্রস্তাবিত প্রকল্প সমুহ অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| | | |
|---|---|---|
| **০৫। মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, ২০২২ শিক্ষাবর্ষে বিনামূল্যের পাঠ্যপুস্তক গ্রহণ ও বিতরণ সম্পন্ন হয়েছে। শিক্ষার্থীদের ইউনিক আইডি সংক্রান্ত তথ্য ছক পূরণ ও আপলোড বিদ্যালয় পর্যায়ে চলমান আছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| **০৬। প্রাথমিক ও গণশিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, বর্তমানে ১ম-৫ম শ্রেনী পর্যন্ত পূর্নাঙ্গ পাঠদান কার্যক্রম গত ১ মার্চ,২০২২ তারিখ হতে শুরু হয়েছে। শিক্ষার্থী উপস্থিতির হার ৯৭% প্রায়। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| **০৭। পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, চলতি মাসে পরিবার পরিকল্পনা সামগ্রী ব্যবহারকারীর হার ৮৩.১৮%। এছাড়া চলতি মাসে নরমাল ও সিজারিয়ান ডেলিভারী সেবা ৫১ জন , গর্ভবতী সেবা ১৪৭৩ জন এবং ৫৫৯ জনকে প্রসবোত্তর সেবা প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| **০৮। উপজেলা জনস্বাস্থ্য বিভাগঃ** উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় চুয়াডাঙ্গা সদর উপজেলায় ২৫০ টি অগভীর তারা নলকূপ ও ১০ টি অগভীর সাবমার্সিবল পাম্প সহ স্থাপন কাজ এবং পিডিপি-৪ প্রকল্পের আওতায় ৪ টি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। | কাজের গুনগত মান নিশ্চিত করতে হবে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী। |
| **০৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি জানান, ২০২১-২২ অর্থবছরে টিআর মোট = ৪৭,৫৭,৫৫৩/- টাকার বিপরীতে ৬১ টি প্রকল্প নেওয়া | কাজ শতভাগ বাস্তবায়নে তদারকি অব্যাহত রাখতে | উপজেলা প্রকল্প বাস্তবায়ন |

| | | |
|---|---|---|
| হয়েছে যার শতভাগ কাজ সম্পন্ন হয়েছে। কাবিটা = ৫৯৮৬৫৫১/- টাকার বিপরীতে ৪১ টি প্রকল্প নেওয়া হয়েছে। কাজ শতভাগ বাস্তায়িত হয়েছে। ইজিপিপি ১ম পর্যায়ে ১২৫৪ জনের বিপরীতে ১০ টি ইউনিয়নের প্রকল্প গ্রহণ করা হয়েছে গত ১২/০২/২০২২ খ্রি তারিখে কাজ শুরু করা হয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | হবে। | কর্মকর্তা। |
| **১০। <u>উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ</u>** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, চলতি অর্থবছরে তার দপ্তরের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ, ঋণ বিতরণ ও আদায় শতভাগ অর্জন সম্ভব হয়েছে। তিনি আরো জানান, এ দপ্তরের ঋণ কার্যক্রম এবং যুব ও যুব মহিলাদের মাঝে প্রশিক্ষণ প্রদান অব্যাহত আছে। এ দপ্তরের কোন ঋণ খেলাপি নেই,আদায়ের হার ১০০%। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| **<u>১১। উপজেলা মহিলা বিষয়ক দপ্তরঃ</u>** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, এ অফিসের সার্বিক কাজ স্বাভাবিক ভাবে চলছে। | ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উঃ মঃ বিঃ কর্মকর্তা। |
| **<u>১২। পল্লী উন্নয়ন বিভাগঃ</u>** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা। |
| **<u>১৩। সমবায়ঃ</u>** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, এ দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা। |
| **<u>আলোচ্যসূচি-৪। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে ৫ টি প্রকল্প বাস্তবায়ন প্রসঙ্গেঃ</u>**<br>সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, স্থানীয় সরকার বিভাগ , উপজেলা-১ শাখার ১৪/০৩/২০২২ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৩৪.১২-১৭২/১(৬) নং স্মারকে ২৯,৭৮,৭৫৭/- টাকা ব্যয়ে ৫ টি প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন প্রদান করেছে। তিনি জানান, অত্র উপজেলার বিভিন্ন দপ্তর প্রধানদের সংযুক্ত টয়লেট না থাকায় দাপ্তরিক কাজে বিভিন্ন বিঘ্ন ঘটে। দাপ্তরিক কাজকর্ম সুচারুরুপে সম্পন্ন করার জন্য বাথরুম নির্মান সহ প্রকল্পগুলি বাস্তবায়নের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা দরকার। উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করে বলেন, যেহেতু সময় স্বল্প সেহেতু প্রকল্পগুলো অনুমোদিত প্রাক্কলণ অনুযায়ি দ্রুততম সময়ের মধ্যে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। উপজেলা প্রকৌশলী বলেন, টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করতে অনেক সময়ের প্রয়োজন হবে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় জানানো হয় দ্রুত সময়ের ব্যবধানে প্রকল্পগুলো বাস্তবায়ন করতে হলে আরএফকিউ পদ্ধতিতে প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে। সভায় উপস্থিত উপজেলা পরিষদের সম্মানিত সভাপতি ও উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন, যেহেতু প্রকল্পগুলো বাস্তবসম্মত এবং মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে, সেহেতু যত দ্রুত সম্ভব আরএফকিউ ও প্রকল্প কমিটির মাধ্যমে প্রকল্পগুলি বাস্তবায়ন করা যেতে পারে। এ বিষয়ে সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দদের মতামত জানতে চাইলে সকলে এ প্রস্তাবে সম্মতি জ্ঞাপন করেন। সবশেষে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদিত প্রাক্কলণ অনুযায়ি বাস্তবায়নের নিমিত্ত নিম্নরুপ প্রকল্প ও প্রকল্প কমিটি অনুমোদন করা হয়। | ১। অনুমোদিত প্রাক্কলণ মোতাবেক গৃহীত প্রকল্পগুলি RFQ এবং প্রকল্প কমিটির মাধ্যমে দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা প্রকৌশলী কে দায়িত্ব দেওয়া হলো। | উপজেলা প্রকৌশলী। |

| | | |
|---|---|---|
| অনুমোদিত প্রকল্পের তালিকা পরিশিষ্ট “খ” তে দেখানো হলো।<br><br>এছাড়া সভায় সর্বনিম্ন দরদাতা চিহ্নিত করার নিমিত্তে ৬ সদস্য বিশিষ্ট নিম্নরূপ দরপত্র মূল্যায়ন কমিটি গঠন করা হয়। যথা:<br>১) উপজেলা নির্বাহী কর্মকর্তা — আহবায়ক<br>২) উপজেলা কৃষি কর্মকর্তা — সদস্য<br>৩) উপজেলা শিক্ষা কর্মকর্তা — সদস্য<br>৪) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা — সদস্য<br>৫) মোছাঃ হালিমা খাতুন, সংরক্ষিত সদস্য, উপঃ — সদস্য<br>৬) উপজেলা প্রকৌশলী — সদস্য সচিব<br><br>সভায় উক্ত দরপত্র মূল্যায়ন কমিটিকে দাখিলকৃত দরপত্রের মধ্যে সর্বনিম্ন দরদাতা চিহ্নিত করার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করা হয় এবং পরবর্তীতে উপজেলা পরিষদের মাসিক সভায় দরপত্র মূল্যায়ন কমিটি গঠিত না হওয়া পর্যন্ত উক্ত দরপত্র মূল্যায়ন কমিটি উপজেলা দরপত্র মূল্যায়ন কমিটি হিসাবে কাজ করবে মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ২। পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত গঠিত দরপত্র মূল্যায়ন কমিটি উপজেলা দরপত্র মূল্যায়ন কমিটি হিসাবে বিবেচিত হবে মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| **আলোচ্যসূচি-৫। ২০২১-২২ অর্থবছরে সিডিউল বিক্রয়লব্ধ আয় হতে বিভিন্ন পত্রিকার বিজ্ঞপ্তি বিল, অন্যান্য আনুসাংগিক বিল পরিশোধ এবং অবশিষ্ট অর্থ সরকারি কোষাগারে জমাকরণঃ**<br>সভায় উপজেলা প্রকৌশলী জানান, ২০২১-২২ অর্থবছরে সিডিউল বিক্রয়ের সর্বমোট ৯,৫৬,২৮৯/- টাকা উপজেলা রাজস্ব তহবিলে জমা হয়েছে। তিনি উক্ত অর্থ হতে পরিশোধের জন্য নিম্নরূপ বিল দাখিল করেন।<br>১। টেন্ডর বিজ্ঞপ্তি নং-১ও ২ (২০২১-২২) এর টেন্ডার কার্য বাস্তবায়নের ফটোকপি ও আনুসাংগিক মালমাল ক্রয় বাবদ উপজেলা প্রকৌশলী কর্তৃক দাখিলকৃত বিল- ৯৭,৯৫০/-<br>২। টেন্ডার বিজ্ঞপ্তি নং-১ও ২(২০২১-২২) এর টেন্ডার বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ বাবদ “দৈনিক পশ্চিমাঞ্চল” পত্রিকা কর্তৃক দাখিলকৃত বিজ্ঞপ্তি বিল- ৫৮,৯৯৫/-<br>৩। টেন্ডার বিজ্ঞপ্তি নং-১ও ২(২০২১-২২) এর টেন্ডার বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ বাবদ “দৈনিক ইত্তেফাক” পত্রিকা কর্তৃক দাখিলকৃত বিজ্ঞপ্তি বিল- ৯১,০৮০/-<br>৪। টেন্ডার বিজ্ঞপ্তি নং-১ও ২(২০২১-২২) এর টেন্ডার বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ বাবদ “দি ডেইলি স্টার ” পত্রিকা কর্তৃক দাখিলকৃত বিজ্ঞপ্তি বিল- ৬৭,৩৩৪/-<br>৫। টেন্ডার বিজ্ঞপ্তি নং-৩ ও ৪(২০২১-২২) এর টেন্ডার বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ বাবদ “দৈনিক আমার সংবাদ ” পত্রিকা কর্তৃক দাখিলকৃত বিজ্ঞপ্তি বিল- ৩৭,২৬০/-<br>৬। টেন্ডার বিজ্ঞপ্তি নং-৩ ও ৪(২০২১-২২) এর টেন্ডার বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ বাবদ “দি বিজনেস স্টান্ডার ” পত্রিকা কর্তৃক দাখিলকৃত বিজ্ঞপ্তি বিল- ১৮,৭১২/-<br><br>সভায় জানানো হয় সিডিউল বিক্রয়ের সর্বমোট ৯,৫৬,২৮৯/- টাকা হতে দাখিলকৃত | দাখিকৃত ১ নং ক্রমিকের ফটোকপি ও আনুসাংগিক বিল তাৎক্ষনিক পরিশোধকারী উপজেলা প্রকৌশলীর অনুকুলে এবং ২-৬ নং ক্রমিকের পত্রিকার বিজ্ঞপ্তি বিল সংশ্লিস্ট পত্রিকার অনূকুলে উপজেলা রাজস্ব তহবিলে জমাকৃত সিডিউল বিক্রয়ের অর্ত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার। |

<table>
<tr>
<td>বিল=৩,৭১,৩৩১/- টাকা পরিশোধ করা হলে ৫,৮৪,৯৫৮/- অবশিষ্ট থাকবে। অবশিষ্ট অর্থ নীতিমালা অনুযায়ি ১-৩৭৩১-০০০০-২৩৬৬ নং কোডে সরকারি কোষাগারে ফেরত দিতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা শেষে উপজেলা রাজস্ব তহবিলে জমাকৃত সিডিউল বিক্রয়ের অর্থ হতে দাখিলকৃত বিল পরিশোধ পূর্বক অবশিষ্ট অর্থ সরকারি কোষাগারে জমা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td><u>আলোচ্যসূচি-০৬। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিয়মিত ব্যয় অনুমোদন ও নতুন প্রকল্প গ্রহনঃ</u><br>ক) সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান, নিম্নবর্নিত খাত সমুহে নীতিমালা অনুযায়ি তাৎক্ষনিকভাবে ব্যয় করার নির্দেশনা দেওয়া হয়েছে যার বিল বকেয়া আছে। বিদ্যমান নীতিমালার আলোকে মাসিক সভায় অনুমোদন হবার পর দাখিলকৃত বকেয়া বিল পরিশোধ করা হবে। বকেয়া বিলঃ<br><br>১) চলতি মাসের ০৩ টি মডেমের ইন্টারনেট ব্যয়-৩,০০০/-<br>২) চলতি মাসের সংবাদপত্রের বিল-১,৫৫০/-<br>৩) হাটবাজার ইজারা-১৪২৯ এর আনুসাংগিক ব্যয়- ৯,৯৭৫/-<br>৪) হাটবাজার ইজারা-১৪২৯ এর “দৈনিক পশ্চিমাঞ্চল” পত্রিকার দাখিকৃত বিজ্ঞপ্তি বিল- ৩২,০৮৫/-<br>সভায় ১-৩ নং ক্রমিকে বর্নিত ব্যয় পরিশোধের অনুমোদন গ্রহণের জন্য ব্যয় বিবরণী/বিল ভাউচার দাখিল করা হয়। সভায় জানানো হয় দাখিলকৃত বিল ভাউচার সঠিক আছে। এ বিষয়ে বিস্তারিত আলোচোনান্তে দাখিলকৃত ব্যয় সমূহ উপজেলা পরিশোধের রাজস্ব তহবিল হতে পরিশোধের ব্যাপারে সকলে একমত পোষণ করেন। এছাড়া ৪ নং ক্রমিকে বর্নিত পত্রিকার বিজ্ঞপ্তি বিলের অর্থ সংশ্লিষ্ট পত্রিকার অনুকূলে চেক প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br><br>সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান,অফিস ও তার বাসার আইপিএস, এসির মেরামত কাজ করা এবং অফিসের জন্য সাউন্ড সিস্টেম, বৈদ্যুতিক তার, লাইট সহ কিছু মালামাল ক্রয় করা প্রয়োজন। এ বিষয়ে তিনি জানান, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩/চ অনুচ্ছেদে অফিস সরঞ্জাম ক্রয় খাতে বছরে সর্বচ্চ ৩,০০,০০০/- টাকা ব্যয়ের বিধান রয়েছে। তিনি জানান, ইতোমধ্যে এ খাতে ২,০০,৫৯২/- টাকা ব্যয় করা হয়েছে এবং ৯৯,৪০৮/- অবশিষ্ট আছে। তিনি অফিসের দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে সম্পাদনের জন্য বর্নিত মালামাল গুলো ক্রয়োর নিমিত্ত এ খাত হতে প্রকল্প গ্রহণের প্রস্তাব সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ৩/চ অনুচ্ছেদের অফিস সরঞ্জাম ক্রয় খাত হতে ৯৯,০০০/- বরাদ্দ অনুমোদন করে নিম্নরূপ গ্রহণ করা হয়ঃ<br><br>
<table>
<tr><th>ক্র</th><th>প্রকল্পের নাম</th><th>বরাদ্দ</th><th>বাস্তবায়ন পদ্ধতি</th></tr>
</table>
</td>
<td>১। ১-৩ নং ক্রমিকে বর্নিত বকেয়া ব্যয় সমুহ ভাউচারে এবং ৪ নং ক্রমিকের পত্রিকার বিজ্ঞপ্তি বিল সংশ্লিষ্ট পত্রিকার অনূকুলে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হলো ।<br><br>২। গৃহীত প্রকল্পের প্রাক্কলণ মোতাবেক প্রকল্পটি বাস্তবায়নের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা প্রকৌশলীকে দায়িত্ব দেওয়া হলো।</td>
<td>উপজেলা প্রকৌশলী/ উপজেলা নির্বাহী অফিসার।</td>
</tr>
</table>

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১ | উপজেলা নির্বাহী অফিসারের অফিস ও উপজেলা চেয়ারম্যানের অফিসের এসি ও আইপিএস এর যন্ত্রাংশ, অফিসের সাউন্ড সিস্টেম, বৈদ্যুতিক তার, লাইট সহ কিছু অফিস সরঞ্জামাদী ক্রয় ।<br>( অফিস সরঞ্জামাদী ক্রয় খাত) | ৯৯,০০০/- | ১। মোছাঃ সাহাজাদি, মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, প্রকল্প সভাপতি।<br>২ তালহা জুবাইর মাশরুর, উপজেলা কৃষি অফিসার- সদস্য<br>৩। উত্তম কুমার কুন্ডু,উপজেলা শিক্ষা অফিসার-সদস্য।<br>৪। বিকাশ কুমার সাহা, মাধ্যমিক শিক্ষা অফিসার -সদস্য<br>৫। মোঃ কাজি বাবুল, উপজেলা সমবায় কর্মকর্তা -সদস্য<br>৬। মোঃ রেজাউল করিম ঈমাম-সদস্য<br>৭। মোঃ জাহাঙ্গীর আলম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সদস্য সচিব | | |
| গৃহীত প্রকল্পের প্রাক্কলণ প্রস্তুত করে জরুরী ভিত্তিতে বাস্তবায়নের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা প্রকৌশলীকে দায়িত্ব দেওয়া হয়। | | | | | |

**আলোচ্য সূচি-০৭ বিবিধঃ**

**১। উপজেলা নির্বাহী অফিসারঃ**

সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিষদের গুরুত্বপূর্ন মাসিক সভায় সকল সদস্যকে নিয়মিত উপস্থিত থাকতে হবে। এছাড়া তিনি জানান, হস্তান্তরিত ১৭ টি দপ্তরের উপজেলা কমিটির সভা নিয়মিত করা সহ চলমান কার্যক্রমের চিত্র মাসিক সভার পূর্বে এ অফিসে প্রদান করলে সভার আলোচনা প্রানবন্ত হবে। এজন্য তিনি আবশ্যিকভাবে উপজেলা কমটির সভা সম্পন্ন করে উপজেলা পরিষদের মাসিক সভার পূর্বে কার্যবিবরনী প্রেরণ করতে দপ্তর প্রধানদেরকে অনুরোধ করেন।

**২। উপজেলা ভাইস চেয়ারম্যানঃ**

সভায় উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, মোঃ মাসুদুর রহমান উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি বলেন,আমরা জনপ্রতিনিধি আপনাদের সহযোগিতা নিয়ে কাজ করতে চাই। তিনি সভায় উপস্থিত সকল দপ্তর প্রধানকে উদ্দেশ্য করে বলেন,সরকার প্রতিটি দপ্তরের মাধ্যমে নানাবিধ উন্নয়নমূলক কাজ করে থাকে যা উপজেলা পরিষদকে অবহিত করা হয় না। তিনি ১৭ টি দপ্তরের মাধ্যমে যেকোন উন্নয়ন মূলক কাজ করা হোক না কেন তা উপজেলা পরিষদকে অবহিত করতে অনুরোধ করেন। এছাড়া তিনি বলেন, উপজেলা পরিষদের সর্বচ্চ গুরুত্তপূর্ন মাসিক সভায় অনেক দপ্তর প্রধান প্রতিনিধি প্রেরণ করেন যা কাম্য নয়। এব্যপারে পদক্ষেপ নিতে তিনি উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষন করেন।

**৩। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানঃ**

সভায় উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান, মোছাঃ সাহাজাদী বলেন,হস্তান্তরিত দপ্তরপ্রধানগন উপজেলা কমিটি সমুহের সভা নিয়মিত করলে ভাল হয়। তিনি উপজেলা কমিটি সমূহের সভা আয়োজনে আরো বেশি আন্তরিক হতে সভায় উপস্থিত বিভিন্ন দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন। তিনি জানান, উপজেলা পরিষদের সিদ্ধান্ত মোতাবেক প্রতি মাসের ১ম বৃহঃবার উপজেলা কমিটির সভা করা হবে।

**৪। গড়াইটুপি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ঃ**

গড়াইটুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ শফিকুর রহমান বলেন, গড়াইটুপি ইউপির বাটিকাডাঙ্গা গ্রামে এলজিইডির মাধ্যমে বাস্তবায়িত রাস্তার কাজের মান অভিযোগ দেওয়ার পর অনেক ভালো হয়েছে। তিনি কাজের গুনগত মান নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করায় এলজিইডি বিভাগ সাধুবাদ জানান ।

**৫। উপজেলা নির্বাচন অফিসঃ**

সভায় উপজেলা নির্বাচন অফিসার বলেন, অতি সম্প্রতি ইউনিয়ন পরিষদ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। এছাড়া বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন।

**৬। উপজেলা পরিসংখ্যান অফিসঃ**

সভায় উপজেলা পরিসংখ্যান অফিসার বলেন, আগামী মে/২২ মাসে জনশুমারীর কাজ শুরু হবে। এছাড়া বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন (পজীপ)ঃ**

প্রকল্প কর্মকর্তা পজীপ সভায় জানান, এ দপ্তরের সকল  কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৮। পল্লীসঞ্চয় ব্যাংকঃ**

আমার বাড়ী আমার খামার উপজেলা সমন্বয়কারী সভায় জানান, তার দপ্তরের সকল  কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**০৯। পল্লীবিদ্যুৎঃ**

সভায় উপস্থিত পল্লীবিদ্যুৎ চুয়াডাঙ্গা জোনাল অফিসের এজিএম  জানান, বিদ্যুৎ বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভায় উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন।

**১০। জঙ্গীবাদ/ সন্ত্রাসবাদ এর কুফল সম্পর্কে উদ্বুদ্ধকরণঃ**

এ উপজেলায় আলোচ্য মাসে কোন জঙ্গী তৎপরতা পরিলক্ষিত হয়নি। ইউপি চেয়ারম্যানগণ জানান যে, জঙ্গীবাদের কুফল সম্পর্কে মসজিদে জুম্মার দিন খুৎবার সময় আলোচনা করা হয়ে থাকে। এ ছাড়া ইউনিয়ন পরিষদে অনুষ্ঠিত সভা সমূহেও বিষয়টির ওপর আলোচনা করা হয়ে থাকে।

**১১। উপজেলা ডিজিটাল সেন্টারঃ**

উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা ডিজিটাল সেন্টারের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। ডিজিটাল সেন্টার চালু হওয়ার পর থেকে জনসাধারনের এ অফিস থেকে সেবা পাওয়া অধিকতর সহজলভ্য হয়েছে। এছাড়া সরকারী ১৭ টি দপ্তর উপজেলা ডিজিটাল সেন্টার হতে বিভিন্ন ধরনের ই-সেবা গ্রহন করছে।

সভাপতি আলোচনায় সক্রিয় অংশ গ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি  সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্সন করে বলেন, সকল দপ্তরের চলমান কার্যক্রমের চিত্র সভা আরম্ভ হবার পূর্বে এ দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। তিনি জানান, আমাদেরকে পূর্বের মত সুশৃংখল ভাবে কাজ করতে হবে ও দায়িত্ব পালনে আরো যত্নশীল হতে হবে। উপজেলা কমিটি সমূহের সভা নিয়মিত করতে হবে। গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহনে আরো বেশি যত্নবান হতে সকলকে তিনি অনুরোধ জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আসাদুল হক বিশ্বাস)<br>
চেয়ারম্যান<br>
উপজেলা পরিষদ<br>
চুয়াডাঙ্গা সদর,চুয়াডাঙ্গা।

উপজেলা পরিষদ কার্যালয়<br>
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

উন্নয়নের গণতন্ত্র<br>
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ঃ ৪৬.৪৪.১৮২৩.০০০.০৬.০০২.২১- ১২২ (৪০) ।　　　　১১/০৫/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলঃ–

১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-১/২ ।

২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।

৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর ।

৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

৭।	উপজেলা................................................অফিসার, চুয়াডাঙ্গা সদর ।

৮।	চেয়ারম্যান, আলুকদিয়া, মোমিনপুর, কুতুবপুর, শংকরচন্দ্র,বেগমপুর,তিতুদহ,পদ্মবিলা,গড়াইটুপি ইউপি।

০৯।	জনাব.................................................................................

১০।	সহকারী প্রোগ্রামার পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধ সহ।

(শামীম ভূইয়া)
উপজেলা নির্বাহী অফিসার
চুয়াডাঙ্গা সদর,চুয়াডাঙ্গা।
unochuadanga@mopa.gov.bd

সভা নং ঃ ১১/২০২১-২২ অর্থবছর।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

**তারিখ ঃ ২৬.০৫.২০২২ খ্রিঃ।**

**সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।**

সভাপতি ঃ জনাব মোঃ আসাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "ক"

সভায় উপস্থিত মাননীয় সভাপতি মহোদয় সভার সকল সদস্যকে শুভেচ্ছা জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার জনাব শামীম ভূইয়া সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করেন।

**সভার আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **আলোচ্যসূচি-১। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ ও অনুমোদন।**<br>**১। গত এপ্রিল/২২ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়।** | সঠিক ভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | - |
| **আলোচ্যসূচি-২। উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা।**<br>**যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক উপজেলা কমিটিঃ**<br>সভায় উপ-সহকারী প্রকৌশলী জানান, উক্ত দপ্তরের উপজেলা কমিটির সভা বিগত ০৫/০৫/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে। তিনি উক্ত সভার কার্যচিত্র উপস্থাপন করে বলেন, ২০২১-২২ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি তহবিলের বিপরীতে গৃহীত প্রকল্পের কাজ চলমান আছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | প্রকল্পের কাজ তদারকি অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী। |

| | | |
|---|---|---|
| **মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক উপজেলা কমিটিঃ**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, বিগত ০৫/০৫/২০২২ খ্রিঃ তারিখে তার দপ্তরের উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, ২০২২ শিক্ষাবর্ষে বিনামূল্যের পাঠ্যপুস্তক গ্রহণ ও বিতরণ সম্পন্ন হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| **প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক উপজেলা কমিটিঃ**<br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, বিগত ০৫/০৫/২০২২ খ্রিঃ তারিখে তার দপ্তরের উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ইউনিয়ন পর্যায়ে আগামী ০৪.০৬.২২ তারিখ থেকে শুরু হবে। এছাড়া স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন প্রক্রিয়া চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা। |
| **<u>আলোচ্যসূচি-৩। হস্তান্তরিত দপ্তর সমূহের বিভাগীয় চলমান কার্যক্রম পর্যালোচনা।</u>**<br>**<u>০১। উপজেলা স্বাস্থ্য বিভাগঃ</u>**<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, ২৭ টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে চলতি মাসে ১৮২২৪ জন রুগীকে স্বাস্থ্য সেবা ও স্বাস্থ্য শিক্ষা প্রদান করা হয়েছে । ৩৩৬ জন রুগির উন্নত চিকিৎসার জন্য অন্যত্র রেফার্ড করা হয়েছে। কমিউিনিটি ক্লিনিকে আগত মা এবং শিশুদের পুষ্টি বিষয়ে স্বাস্থ্য শিক্ষা প্রদান অব্যাহত আছে। চলতি মাসে কোন অপুষ্টিজনিত শিশু পাওয়া যায় নাই। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জাতীয় এ প্লাস ক্যাম্পেইন এ ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা চান। এছাড়া তিনি আর্সেনিকের ভয়াবহতা সভায় আলোকপাত করে বলেন, অত্র সদর উপজেলা ৫৮৫ জন আর্সেনিক আক্রান্ত রোগী পাওয়া গেছে। তিনি আর্সেনিক মুক্ত নলকূপ স্থাপনে উপজেলা পরিষদের সহযোগিতা চান। | আর্সেনিকমুক্ত নিরাপদ পানির ব্যবস্থা করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ও জনস্বাস্থ্য প্রকৌশলী। |
| **<u>০২। উপজেলা কৃষি বিভাগঃ</u>**<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, চলতি ২০২১-২২ অর্থবছরে খরিপ-১ মওসুমে সদর উপজেলায় ৩৯৫০ জন কৃষকের মাঝে ১ বিঘা জমি চাষের জন্য ধানবীজ ও সার সহায়তা দেওয়া হয়েছে। এছাড়া সভায় কৃষি অফিসার অত্র সদর উপজেলার খরিপ-১ মওসুমে নিম্নরূপ কৃষি আবাদের চিত্র তুলে ধরেন। যথাঃ পাট ১৫২০ হেক্টর, তরমুজ ১৯০ হেক্টর, মরিচ ৯০ হেক্টর ও শাকসবজি ২২৮০ হেক্টর। এছাড়া তিনি অত্র উপজেলার নিম্নরুপ সার পরিস্থিতির চিত্র উপস্থাপন করেন। উইরিয়া সার ৪৪০ মে.টন, টিএসপি সার ৪২৫ মে. টন, এমওপি সার ৩৭ মে. টন ও ডিএপি সার ৬১৬ মে.টন মজুদ রয়েছে। চলতি মৌসুমে কৃষক পর্যায়ে সার সহজলভ্যতার জন্য ডিলার পর্যায়ে সারের মনিটরিং জোরদার করা হচ্ছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | কৃষক পর্যায়ে সার সহজলভ্যতার জন্য ডিলার পর্যায়ে সারের মনিটরিং অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| **০৩। উপজেলা মৎস্য বিভাগঃ**<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, ধারাবাহিক কাজের অংশ হিসাবে এ মাসে ২৭ টি মৎস্য খামার পরিদর্শন, ০৭ টি মৎস্য প্রদর্শনী পুকুর নির্বাচন কাজ চলমান রয়েছে। তিনি বলেন, মৎস্য সংরক্ষণ আইন-১৯৫০ এর আওতায় বাজারে মাছে ফরমালিন পরীক্ষা অব্যাহত আছে। মাঠ পর্যায়ে টেস্ট কিটের মাধ্যমে চাষীর পুকুরে মাটি ও পানি পরীক্ষা পূর্বক পরামর্শ প্রদান অব্যাহত আছে । এছাড়া তিনি জানান, ভান্ডারদহ বাওড়ে ১ টি এবং কুকিয়াচাঁদপুরে ১টি অভয়াশ্রম স্থাপনের কাজ চলমান রয়েছে । উপজেলা নির্বাহী অফিসার বলেন, পাকশীর বিল নিয়ে ৩ টি পক্ষ মুখমুখি অবস্থান করছে। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে মৎস্য অফিসারকে অনুরোধ করেন। | মৎস্য খামার পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা। |
| **০৪। উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, চলতি মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ নাই, টিকা প্রদান সম্প্রসারণ গবাদী পশু ৫১১৬ মাত্রা, হাঁস-মুরগী ১০৩০০০ মাত্রা। এছাড়া তিনি জানান, এ মাসে ২৯৮০টি গবাদি পশু এবং ১৬২৩৫টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এছাড়াও ডিম উৎপাদন- ৪২৯০০০০ টি, দুধ উৎপাদন-১৫৯০ মেঃ টন, মাংশ উৎপাদন- ২১১০.১০ মেঃটন। ঘাষ চাষ সম্প্রসারণ-১ একর, খামার পরিদর্শন- ১০ টি। | খামার পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা। |
| **০৫। সমাজসেবা বিভাগ ঃ**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, সকল ভাতার ডিজিটালাইজেশনের লক্ষে ভাতাভোগিদের বিকাশ এ্যাকাউন্ট খোলার কার্যক্রম শেষ হয়েছে। তিনি সভায় উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, সরকার সামাজিক নিরাপত্তা বেস্টনির আওতায় সদর উপজেলায় ১২,১২৩ জনকে ৫০০ টাকা হারে বয়স্ক ভাতা, ৫৫৪৮ জনকে ৫০০ টাকা হারে বিধবা ভাতা এবং ৪৫৭৯ জনকে ৭৫০ টাকা হারে প্রতিবন্ধি ভাতা প্রদান করছে এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলন, স্থানীয় জনপ্রতিনিধিদের সঙ্গে সমন্বয় করে ভাতা সংক্রান্ত সকল কাজ করতে হবে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা। |
| **০৬। পরিবেশ বন বিভাগঃ**<br>ভারপ্রাপ্ত কর্মকর্তা এসএফএনটিসি চুয়াডাঙ্গা, সামাজিক বন বিভাগ, কুষ্টিয়া জানান, তার দপ্তরের সকল কাজ সঠিক ভাবে চলছে। তিনি উপজেলা পরিষদের বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের ১ টি মরা শিশু গাছের ৭৯৮৬/-দর নির্ধারণ পূর্বক সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন, গাছটি যেহেতু জীবিত অবস্থায় নেই, মরে ঝূকিপূর্ন অবস্থায় রয়েছে। আকস্মিক দূর্ঘটনা এড়াতে তিনি গাছটি কেটে নাম্বারিং করে রেখে দিয়ে টেন্ডার প্রক্রিয়া করার প্রস্তাব দেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে উপজেলা নির্বাহী অফিসারের প্রস্তাবে সকলে ঐক্যমত পোষণ করেন। | ঝূকিপূর্ণ মরা শিশুগাছ কেটে নাম্বারিং করে রেখে দিয়ে পরবর্তীতে টেন্ডারের মাধ্যমে বিক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার। |
| **০৭। পরিবার পরিকল্পনা বিভাগঃ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, চলতি মাসে পরিবার পরিকল্পনা সামগ্রী ব্যবহারকারীর হার ৮৩.১৮%। এছাড়া চলতি মাসে নরমাল ও সিজারিয়ান ডেলিভারী সেবা ৪১ জন গর্ভবতী সেবা ১১৮৩ জন এবং ৩৬৪ জনকে প্রসবোত্তর সেবা প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| **০৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরঃ** | কাজ শতভাগ | উপজেলা |

| | | |
|---|---|---|
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি জানান, ২০২১-২২ অর্থবছরে টিআর মোট = ৯৪,৩৫,০৪৩/- টাকা বরাদ্দ পাওয়া গেছে, যার কাজ চলমান রয়েছে। এছাড়া কাবিটা/কাবিখা= ১২,৮৬,৮০৪ টাকা ও ১৭.১৩৯৫ মে.টন চালের প্রকল্প চেয়ে ইউপি চেয়ারম্যানদেরকে পত্র দেওয়া হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। উপজেলা নির্বাহী অফিসার বলেন, সকল কাজে ইউপি চেয়ারম্যানদের সম্পৃক্ত করতে হবে।**০৮।** | বাস্তবায়নে তদারকি অব্যাহত রাখতে হবে। । | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| **উপজেলা জনস্বাস্থ্য বিভাগঃ**<br>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় চুয়াডাঙ্গা সদর উপজেলায় ২৫০ টি অগভীর তারা নলকূপ ও ১০ টি অগভীর সাবমার্সিবল পাম্প সহ স্থাপন কাজ এবং পিডিপি-৪ প্রকল্পের আওতায় ৪ টি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। তিনি বলেন, ৪ কি.মি. পানির পাইপ লাইনের কাজ আলুকদিয়া ইউনিয়নে প্রাথমিক ভাবে স্থান নির্বাচন করা হয়েছে। জমিদাতা পাওয়া গেছে, রেজিস্ট্রি করে নেওয়ার প্রয়োহজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া তিনি জানান, অন্যান্য বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ৪ কি.মি. পানির পাইপ লাইনের কাজ যতদ্রুত সম্ভব আরম্ভ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী। |
| **১০। উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, চলতি অর্থবছরে তার দপ্তরের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ, ঋণ বিতরণ ও আদায় শতভাগ অর্জন সম্ভব হয়েছে। তিনি আরো জানান, এ দপ্তরের ঋণ কার্যক্রম এবং যুব ও যুব মহিলাদের মাঝে প্রশিক্ষণ প্রদান অব্যাহত আছে। এ দপ্তরের কোন ঋণ খেলাপি নেই,আদায়ের হার ১০০%। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| **১১। উপজেলা মহিলা বিষয়ক দপ্তরঃ**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, এ অফিসের সার্বিক কাজ স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উঃ মঃ বিঃ কর্মকর্তা। |
| **১২। পল্লী উন্নয়ন বিভাগঃ**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা। |
| **১৩। সমবায়ঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, এ দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা। |
| **আলোচ্যসূচি-০৪ । উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের আওতায় নিম্নরুপ ৩ টি অবকাঠামো উন্নয়ন প্রকল্প অনুমোদন এবং ২০১৯-২০ অর্থবছরে ১ টি অবকাঠামো উন্নয়ন প্রকল্পের বিল অনুমোদনঃ** উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে ৫ম পর্যায়ে উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়নের নিমিত্তে বিগত ২৫/০৫/২০২২ খ্রিঃ তারিখের উপজেলা প্রকল্প বাছাই কমিটির সভায় নিম্নবর্ণিত ০৩ টি অবকাঠামো উন্নয়ন প্রকল্প বাছাই করা | ক) ২০২০-২০২১ অর্থ বছরে (৫ম পর্যায়) উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের আওতায় গৃহীত ০৩টি অবকাঠামো উন্নয়ন প্রকল্প অনুমোদন | উপজেলা প্রকৌশলী। |

হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরনী উপস্থাপন করে বলেন, বিধিমতে প্রকল্প কমিটির বাছাই করা প্রকল্প গুলো পরিষদের সভায় অনুমোদন নিতে হবে । সে মতে তিনি বাছাইকৃত ০৩ টি অবকাঠামো উন্নয়ন প্রকল্পর প্রস্তাব বাজেট সহ সভায় উপস্থাপন করেনঃ

**ক) প্রস্তাবিত বাজেটসহ অবকাঠামো উন্নয়ন প্রকল্প সমূহের তালিকা ঃ**

| উপপ্রকল্পের আইডি নং | উপ-প্রকল্পের শিরোনাম | প্রাস্তাবিত বাজেট (ভ্যাট ও কর ছাড়া) | আয়কর | ভ্যাট | প্রস্তাবিতবাজেট (ভ্যাট ও কর সহ) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| আইএনএফ-২০২০-২১ ৪০১৮২৩-০১ | চুয়াডাঙ্গা টাউনফুটবল মাঠের সিমানা প্রাচীর নির্মাণ | ১০,৩৩,৮৯৫.০০ | ৩৪৬৫৬.০০ | ৮৬৬৩৯.০০ | ১১,৫৫,১৯০.০০ |
| আইএনএফ-২০২০-২১ ৪০১৮২৩-০২ | চুয়াডাঙ্গা সদর উপজেলার বিভিন্ন হাইস্কুলে মাল্টিমিডিয়া প্রজেক্টর ও ল্যাপটপ সরবরাহ | ১০,০২,৮৫৮.০০ | ৩৩,৬১৫.০০ | ৮৪,০৩৮.০০ | ১১,২০,৫১২.০০ |
| আইএনএফ-২০২০-২১ ৪০১৮২৩-০২ | চুয়াডাঙ্গা সদর উপজেলার আলুকদিয়া ইউপির আমিনা খাতুন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ভবণ নির্মাণ। | ১৯,৫৯,৭৫৬.০০ | ৬৫৬৯০.০০ | ১৬৪২২৫.০০ | ২১,৮৯,৬৭২.০০ |
| | মোট | ৩৯,৯৬,৫০৯.০০ | ১,৩৩,৯৬১.০০ | ৩,৩৪,৯০২.০০ | ৪৪,৬৫,৩৭৪.০০ |

খ) **<u>২০১৯-২০ অর্থবছরে ১ টি অবকাঠামো উন্নয়ন প্রকল্পের বিল অনুমোদনঃ</u>**

| উপপ্রকল্পের আইডি নং | উপ-প্রকল্পের শিরোনাম | ঠিকারদার কর্তৃক দাবীকৃত বিল(ভ্যাট ও আয়কর ব্যতিত) (টাকা) | ঠিকাদারের নীট প্রাপ্য (ভ্যাট ও আয়কর ব্যতিত) | আয়কর | ভ্যাট | ভ্যাট ও আয় কর সহ মোট টাকা) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| আইএনএফ-২০১৯-২০ ৪০১৮২৩-০২ | চুয়াডাঙ্গা সদর উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় প্লাস্টিক বেঞ্চ সরবরাহ | ৮৮১৪০০.০০ | ৭২২৭৪৮.০০ | ২৬৪৪২.০০ | ১৩২২১০.০০ | ৮৮১৪০০.০০ |
| | মোট | ৮৮১৪০০.০০ | ৭২২৭৪৮.০০ | ২৬৪৪২.০০ | ১৩২২১০.০০ | ৮৮১৪০০.০০ |

উপস্থাপনকৃত ২০২০-২১ অর্থবছরে ( ৫ম পর্যায়) ৩ টি অবকাঠামো উন্নয়ন প্রকল্পের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচোনান্তে প্রকল্পগুলি সঠিক আছে বলে সভায় উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন। এবং প্রস্তাবকৃত ৩ টি অবকাঠামো উন্নয়ন-প্রকল্প সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া ২০১৯-২০ অর্থবছরে ( ৪র্থ পর্যায় ) চুয়াডাঙ্গা সদর উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় তালিকা মোতাবেক প্লাস্টিক বেঞ্চ সঠিক ভাবে সরবরাহ করা হয়েছে মর্মে জানানো হয়। সরবরাহকৃত প্লাস্টিক বেঞ্চের মান সনোষজনক হওয়ায় বিল পরিশোধ করা যেতে পারে মর্মে সভায় সকলে একমত পোষণ করেন।

দেওয়া হলো।

খ) ২০১৯-২০ অর্থবছরে (৪র্থ পর্যায়) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় চুয়াডাঙ্গা সদর উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় প্লাস্টিক বেঞ্চ সরবরাহ উপপ্রকল্পের বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন দেওয়া হলো এবং অনুমোদিত বিল এর অনুকূলে অর্থছাড়করণের জন্য প্রকল্প পরিচালক, ইউজিডিপি, ঢাকা মহোদয়কে অনুরোধ করা হলো।

| | | | |
|---|---|---|---|
| **<u>আলোচ্যসূচি-০৫। উপজেলা পরিষদের ২০২২-২৩ অর্থবছরের বাজেট অনুমোদন ঃ</u>**<br>উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ৩৮ ধারা অনুসারে চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের ২০২২-২৩ অর্থ সনের বাজেটের খসড়া প্রস্তুত পূর্বক বিগত ১৭/০৫/২০২২ খ্রিঃ তারিখে উন্মুক্ত বাজেট সভার মাধ্যমে সর্বসাধারনের মতামত নেওয়া হয়। তিনি জানান, সভার মতামত এবং উপজেলার সার্বিক চাহিদার উপর ভিত্তি করে ২০২২-২৩ অর্থবছরে চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের জন্য ৪,৮৬,৭৫,৭৫৭/- (চার কোটি ছিয়াশি লক্ষ পঁচাত্তর হাজার সাতশত সাতান্ন ) টাকার বাজেট প্রনয়ন করা হয়েছে। তিনি অনুমোদনের জন্য নির্ধারিত ফরম্যাটে প্রস্তুতকৃত বাজেটের অনুলিপি সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি মহোদয় সকলের উদ্দ্যেশ্যে বলেন, কোন আপত্তি বা পরামর্শ থাকলে তা উপস্থাপন করুন। কোন আপত্তি নেই এবং প্রস্তাবকৃত বাজেট অনুমোদন দেওয়া যায় বলে সভায় সকলে একমত পোষন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে প্রস্তাবকৃত বাজেট অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়<br><br>২০২২-২৩ অর্থবছরের অনুমোদিত বাজেট নির্ধারিত ফরম্যাটে পরিশিষ্ট “খ” তে দেখানো হলো। | চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের ২০২২-২৩ অর্থবছরের প্রস্তাবিত বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদন দেওয়া হলো এবং অনুমোদিত বাজেটের কপি সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বলা হলো। | উপজেলা নির্বাহী অফিসার। | **<u>আলোচ্যসূচি-০৭ বিবিধঃ ১। বাংলা ১৪২৮ সনের হাট বাজার খাস আদায় ১০% অর্থের বিপরী</u>** |
| **<u>আলোচ্যসূচি-০৬। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিয়মিত ব্যয় অনুমোদন ও নতুন প্রকল্প গ্রহনঃ</u>**<br>ক) সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান, নিম্নবর্নিত খাত সমুহে নীতিমালা অনুযায়ি তাৎক্ষনিকভাবে ব্যয় করার নির্দেশনা দেওয়া হয়েছে যার বিল বকেয়া আছে। বিদ্যমান নীতিমালার আলোকে মাসিক সভায় অনুমোদন হবার পর দাখিলকৃত বকেয়া বিল পরিশোধ করা হবে। বকেয়া বিলঃ<br>১) চলতি মাসের ০৩ টি মডেমের ইন্টারনেট ব্যয়=৩,০০০/-<br>২) চলতি মাসের সংবাদপত্রের বিল=১,৫৫০/-<br>৩) ১% আদায় বাবদ সাব রেস্ট্রি অফিসে মালামাল দেওয়া বাবদ ব্যয়= ১৫,০০০/-<br>৪) ২ টি কম্পিউটার মেরামত ব্যয়=১৫,০০০/-<br>৫) ২০২২-২৩ অর্থবছরের বাজেট সংক্রান্ত ব্যয়=২৫,০০০/-<br>৬) বকেয়া পানির বিল =১,৩৯,৮৭৫/-<br>৭) বকেয়া বিদ্যুৎ বিল =৬০,৫৩১/-<br>৮) বকেয়া ভূমি উন্নয়ন কর=২৪,৫৪৪/-<br><br>সভায় ১-৫ নং ক্রমিকে বর্নিত ব্যয় পরিশোধের অনুমোদন গ্রহণের জন্য ব্যয় বিবরণী/বিল ভাউচার দাখিল করা হয়। সভায় জানানো হয় দাখিলকৃত বিল ভাউচার সঠিক আছে। এ বিষয়ে বিস্তারিত আলোচোনান্তে দাখিলকৃত ব্যয় সমূহ উপজেলা পরিশোধের রাজস্ব তহবিল হতে পরিশোধের ব্যাপারে সকলে একমত পোষণ করেন। এছাড়া ৬-৮ নং ক্রমিকে বর্নিত পানির বিল,বিদ্যুৎ বিল ও ভূমি উন্নয়ন করের বিলের অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুকূলে চেক প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। ১-৫ নং ক্রমিকে বর্নিত বকেয়া ব্যয় সমুহ ভাউচারে এবং ৬-৮ নং ক্রমিকের পানির বিল,বিদ্যুৎ বিল ও ভূমি উন্নয়ন করের বিলের চেক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনূকুলে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হলো । | উপজেলা নির্বাহী অফিসার। | **<u>তে দাখিলকৃত প্রকল্প অনুমোদন</u>** : বাংলা ১৪২৮ সনের হাট বাজার খাস আদায়কৃত অর্থ হতে উপজেলার কুতুবপুর |

ইউনিয়নের নয়মাইল সাপ্তাহিক হাটের উন্নয়নের জন্য প্রাপ্ত ১০% অর্থ কুতুবপুর ইউনিয়ন পরিষদের হাট বাজার ব্যবস্থাপনা কমিটি কর্তৃক দাখিলকৃত প্রকল্পগুলি উপজেলা হাট বাজার ব্যবস্থাপনা কমিটির গত ১৯/০৫/২০২২ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ উপস্থাপন করা হলো। বিষয়টি বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত প্রকল্পগুলি বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় ।

**২। উপজেলা নির্বাহী অফিসারঃ** সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিষদের গুরুত্বপূর্ন মাসিক সভায় সকল সদস্যকে নিয়মিত উপস্থিত থাকতে হবে। এছাড়া তিনি জানান, হস্তান্তরিত ১৭ টি দপ্তরের উপজেলা কমিটির সভা নিয়মিত করা সহ চলমান কার্যক্রমের চিত্র মাসিক সভার পূর্বে এ অফিসে প্রদান করলে সভার আলোচনা প্রানবন্ত হবে। এছাড়া তিনি বলেন, উপজেলা পরিষদের যাবতীয় উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে উপজেলা প্রৌকশল বিভাগের ভূমিকা অগ্রগন্য। কিন্তু অনেক সময় দেখা যায় উপজেলা পরিষদ কর্তৃক উন্নয়ন প্রকল্প গ্রহণের পরেও পকৌশল বিভাগ কর্তৃক প্রাক্কলণ প্রস্তুত সহ অন্যান্য কারিগরী সহযোগিায় দির্ঘসূত্রতার কারনে উপজেলা  সার্বিক উন্নয়ন কিছুটা হলেও বাধাগ্রস্থ হচ্ছে। এজন্য তিনি উপজেলা পরিষদের অর্গানোগ্রামে ১ টি উপ-সহকারী প্রকৌশলী এবং ১ টি সহকারী প্রকৌশলীর পদ সৃজন করার প্রস্তাব সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় বলেন, যেহেতু প্রকৌশল বিভাগের নিজস্ব নানাবিধ উন্নয়ন কর্মকান্ড পরিচালিত করতে হয় সেজন্য উপজেলা পরিষদের জন্য পৃথক কারিগরী পদ সৃষ্টির প্রস্তাব অত্যন্ত বাস্তবসম্মত। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে উত্থাপিত প্রস্তাব সর্বসম্মত্রিক্রমে অনুমোদিত হয়।

**৩। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানঃ** সভায় উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান, মোছাঃ সাহাজাদী বলেন,হস্তান্তরিত দপ্তরপ্রধানগন উপজেলা কমিটি সমূহের সভা নিয়মিত করলে ভাল হয়। তিনি উপজেলা কমিটি সমূহের সভা আয়োজনে আরো বেশি আন্তরিক হতে সভায় উপস্থিত বিভিন্ন দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন। তিনি জানান, উপজেলা পরিষদের সিদ্ধান্ত মোতাবেক প্রতি মাসের ১ম বৃহঃবার উপজেলা কমিটির সভা করা হবে।

**৪। গড়াইটুপি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ঃ** গড়াইটুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ শফিকুর রহমান বলেন, উপজেলা পরিষদ হতে এডিপি এবং ইউডিএফ তহবিলের বিপরীতে যেসকল প্রকল্প গ্রহণ করা হয়ে থাকে, সেগুলো ইউপি চেয়ারম্যানদের সাথে সমন্বয় না করার কারনে দেখা যায় অধিকতর গুরুত্বপূর্ণ প্রকল্প অপেক্ষা কম গুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণ হচ্ছে। এজন্য তিনি উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় সহ ২ জন ভাইস চেয়ারম্যান প্রকল্প দেওয়ার সময় ইউপি চেয়ারম্যানদেরকে একটু অবহিত করার অনুরোধ করেন। এছাড়া তিনি বলেন, গড়াইটুপি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবণ নির্মানের জায়গা নির্ধারণ পূর্বক রেজিস্ট্রি করা হলেও অদ্যবধি কমপ্লেক্স ভবণ বরাদ্দ পাওয়া যায়নি। এজন্য দাপ্তরিক কার্যক্রম পরিচালনায় বিঘ্ন ঘটছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা শেষে গড়াইটুপি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবণের বরাদ্দ চেয়ে জেলা প্রশাসক মহোদয় বরাবর প্রস্তাব প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**৫। কুতুবপুর  ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ঃ** কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব আলি আহম্মেদ হাসানুজ্জামান বলেন, কুতুবপুর ইউপিতে ২ বছর আগের ১ টি কাজ আজ ও শেষ হয়নি, একই ঠিকাদার নতুন ১ টি কাজ শুরু করেছে। তিনি এলজিইডির মাধ্যমে বাস্তবায়িত এসকল প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে ব্যবস্থা নিতে উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। এছাড়া তিনি জানান, সরোজগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১ টি পুকুর আছে যেখানে মাটি ভরাট সহ বিদ্যালয়টি প্রাচীর দেওয়া দরকার। তিনি এসকল কাজে উপজেলা পরিষদ হতে বরাদ্দ করার অনুরোধ করেন।

**৬। বেগমপুর  ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ঃ** বেগমপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব আলি হোসেন বলেন, সামনে জুন মাস এডিপি ও ইউডিএফ এর অনেক প্রকল্প এখনও বাস্তবায়ন হয়নি। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন  নির্ধারিত সময়ের মধ্যে কাজ শেষ করতে হবে। এ বিষয়ে ব্যবস্থা নিতে তিনি উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষন করেন। বেগমপুর ইউপি চেয়ারম্যান বলেন, মৎস্য অফিসের মাধ্যমে বেগমপুর ইউপিতে মাটি কাটছে যা আমি জানি না। তিনি যে কোন ধরনের উন্নয়ন কাজে ইউপি চেয়ারম্যানদের অবহিত করতে সভায় উপস্থিত বিভিন্ন দপ্তর প্রধানকে অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন, বিভিন্ন দপ্তরের মাধ্যমে যে সকল উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন হয়, সেগুলোতে অবশ্যই ইউপি চেয়ারম্যানদেরকে সম্পৃক্ত করতে হবে।

**৭। উপজেলা নির্বাচন অফিসঃ** সভায় উপজেলা নির্বাচন অফিসার বলেন, অতি সম্প্রতি ইউনিয়ন পরিষদ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। এছাড়া বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন।

**৮। উপজেলা পরিসংখ্যান অফিসঃ** সভায় উপজেলা পরিসংখ্যান অফিসার বলেন, আগামী মে/২২ মাসে জনশুমারীর কাজ শুরু হবে। এছাড়া বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন (পজীপ)ঃ** প্রকল্প কর্মকর্তা পজীপ সভায় জানান, এ দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**১০। পল্লীসঞ্চয় ব্যাংকঃ** আমার বাড়ী আমার খামার উপজেলা সমন্বয়কারী সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**১১। পল্লীবিদ্যুৎঃ** সভায় উপস্থিত পল্লীবিদ্যুৎ চুয়াডাঙ্গা জোনাল অফিসের এজিএম জানান, বিদ্যুৎ বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভায় উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন।

**১২। তথ্য আপাঃ** সভায় উপস্থিত তথ্যসেবা কর্মকর্তা জানান, এ বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভায় উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন।

**১৩। জঙ্গীবাদ/ সন্ত্রাসবাদ এর কুফল সম্পর্কে উদ্বুদ্ধকরণঃ** এ উপজেলায় আলোচ্য মাসে কোন জঙ্গী তৎপরতা পরিলক্ষিত হয়নি। ইউপি চেয়ারম্যানগণ জানান যে, জঙ্গীবাদের কুফল সম্পর্কে মসজিদে জুম্মার দিন খুৎবার সময় আলোচনা করা হয়ে থাকে। এ ছাড়া ইউনিয়ন পরিষদে অনুষ্ঠিত সভা সমুহেও বিষয়টির ওপর আলোচনা করা হয়ে থাকে।

**১৪। উপজেলা ডিজিটাল সেন্টারঃ** উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা ডিজিটাল সেন্টারের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। ডিজিটাল সেন্টার চালু হওয়ার পর থেকে জনসাধারনের এ অফিস থেকে সেবা পাওয়া অধিকতর সহজলভ্য হয়েছে। এছাড়া সরকারী **১৭** টি দপ্তর উপজেলা ডিজিটাল সেন্টার হতে বিভিন্ন ধরনের ই-সেবা গ্রহন করছে।

সভাপতি আলোচনায় সক্রিয় অংশ গ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করে বলেন, সকল দপ্তরের চলমান কার্যক্রমের চিত্র সভা আরম্ভ হবার পূর্বে এ দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। তিনি জানান, আমাদেরকে পূর্বের মত সুশৃংখল ভাবে কাজ করতে হবে ও দায়িত্ব পালনে আরো যত্নশীল হতে হবে। উপজেলা কমিটি সমূহের সভা নিয়মিত করতে হবে। গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহনে আরো বেশি যত্নবান হতে সকলকে তিনি অনুরোধ জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আসাদুল হক বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চুয়াডাঙ্গা সদর,চুয়াডাঙ্গা।

উপজেলা পরিষদ কার্যালয়
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ঃ ৪৬.৪৪.১৮২৩.০০০.০৬.০০২.২১- ১৩১ (৪০) ।　　৩০/০৫/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলঃ-

১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-১/২ ।

২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।

৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর ।

৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

৬।	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

৭।	উপজেলা...............................................অফিসার, চুয়াডাঙ্গা সদর ।

৮।	চেয়ারম্যান, আলুকদিয়া, মোমিনপুর, কুতুবপুর, শংকরচন্দ্র,বেগমপুর,তিতুদহ,পদ্মবিলা,গড়াইটুপি ইউপি।

০৯।	জনাব..........................................................................

১০।	সহকারী প্রোগ্রামার পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধ সহ।

(শামীম ভূইয়া)
উপজেলা নির্বাহী অফিসার
চুয়াডাঙ্গা সদর,চুয়াডাঙ্গা।
unochuadanga@mopa.gov.bd

চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদের জুন-২০২২

সভা নং ঃ ১৩/২০২১-২২ অর্থবছর।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

তারিখ ঃ ০৯.০৬.২০২২ খ্রিঃ।

সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভাপতি ঃ জনাব মোঃ আসাদুল হক বিশ্বাস
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "ক"

সভায় উপস্থিত মাননীয় সভাপতি মহোদয় সভার সকল সদস্যকে শুভেচ্ছা জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার জনাব শামীম ভূইয়া সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করেন।

**সভার আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **আলোচ্যসূচি-১। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ ও অনুমোদন।**<br>**১। গত মে/২২ মাসের সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়।** | সঠিক ভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে সর্বসম্মতি ক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | - |
| **আলোচ্যসূচি-২। উপজেলা কমিটির সুপারিশ পর্যালোচনা।**<br>**জনস্বাস্থ্য,স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক উপজেলা কমিটিঃ** উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান, তার দপ্তরের উপজেলা কমিটির সভা বিগত ০২/০৬/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে। তিনি উক্ত সভার কার্যচিত্র উপস্থাপন করে বলেন, ২০২১-২২ অর্থবছরে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২৫০ টি অগভীর তারা নলকূপ ও ১০ টি অগভীর সাবমার্সিবল পাম্পসহ স্থাপন কাজ চলছে। এছাড়া ৪ কি.মি. পানির পাইপ লাইন কাজ আলুকদিয়া ইউনিয়নে স্থান নির্বাচন করা হয়েছে। সত্বর কাজ শুরু হবে। | ৪ (চার) কি. মি. পানির পাইপ লাইনের কাজের গুনগত মান নিশ্চিত করতে হবে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী |
| **মহিলা শিশু উন্নয়ন বিষয়ক উপজেলা কমিটি ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, বিগত ০২/০৬/২০২২ খ্রি: তারিখে তার দপ্তরের উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, এ অফিসের সার্বিক কাজ | ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক |

| | | |
|---|---|---|
| স্বাভাবিক ভাবে চলছে। | | কর্মকর্তা। |
| **যুব ও ক্রীড়া উন্নয়ন  বিষয়ক উপজেলা কমিটিঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, বিগত ০৩/০২/২০২২ খ্রিঃ তারিখে তার দপ্তরের উপজেলা কমিটির সভা সম্পন্ন করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরণী উপস্থাপন করে বলেন, চলতি অর্থবছরে তার দপ্তরের লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ, ঋণ বিতরণ ও আদায় শতভাগ অর্জন সম্ভব হয়েছে। তিনি আরো জানান, এ দপ্তরের ঋণ কার্যক্রম এবং যুব ও যুব মহিলাদের মাঝে প্রশিক্ষণ প্রদান অব্যাহত আছে। এ দপ্তরের কোন ঋণ খেলাপি নেই,আদায়ের হার ১০০%। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| **আলোচ্যসূচি-৩। হস্তান্তরিত দপ্তর  সমূহের বিভাগীয় চলমান কার্যক্রম পর্যালোচনা।**<br>**০১। উপজেলা স্বাস্থ্য বিভাগঃ**<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, ২৭ টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে চলতি মাসে ১৭৯৫৬ জন রুগীকে স্বাস্থ্য সেবা ও স্বাস্থ্য শিক্ষা প্রদান করা হয়েছে । ৩৫৯ জন রুগির উন্নত চিকিৎসার জন্য অন্যত্র রেফার্ড করা হয়েছে। কমিউিনিটি ক্লিনিকে আগত মা এবং শিশুদের পুষ্টি বিষয়ে স্বাস্থ্য শিক্ষা প্রদান অব্যাহত আছে। চলতি মাসে কোন অপুষ্টিজনিত শিশু পাওয়া যায় নাই। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জাতীয় এ প্লাস ক্যাম্পেইন এ ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা চান। এছাড়া তিনি আর্সেনিকের ভয়াবহতা সভায় আলোকপাত করে বলেন, অত্র সদর উপজেলায় ৫৮৫ জন আর্সেনিক আক্রান্ত রোগী পাওয়া গেছে। তিনি আর্সেনিক মুক্ত নলকূপ স্থাপনে উপজেলা পরিষদের সহযোগিতা চান। | আর্সেনিকমুক্ত নিরাপদ পানির ব্যবস্থা করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ও জনস্বাস্থ্য প্রকৌশলী |
| **০২। উপজেলা কৃষি বিভাগঃ**<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, চলতি ২০২১-২২ অর্থবছরে  খরিপ-১ মওসুমে সদর উপজেলায় ৩৯৫০ জন কৃষকের মাঝে ১ বিঘা জমি চাষের জন্য ধানবীজ ও সার সহায়তা দেওয়া হয়েছে। এছাড়া সভায় কৃষি অফিসার অত্র সদর উপজেলার  খরিপ-১ মওসুমে নিম্নরূপ কৃষি আবাদের চিত্র তুলে ধরেন। যথাঃ পাট ১৫২০ হেক্টর,  তরমুজ ১৯০ হেক্টর, মরিচ ৯০ হেক্টর, মুখিকচু ৬৮৫ হেক্টর ও শাকসবজি ২২৮০ হেক্টর। এছাড়া তিনি অত্র উপজেলার নিম্নরুপ সার পরিস্থিতির চিত্র উপস্থাপন করেন। উইরিয়া সার ১৩১ মে.টন, টিএসপি সার ৫২৪ মে. টন, এমওপি সার ৩২ মে. টন ও ডিএপি সার ৬৬১ মে.টন মজুদ রয়েছে। চলতি মৌসুমে কৃষক পর্যায়ে সার সহজলভ্যতার জন্য ডিলার পর্যায়ে সারের মনিটরিং জোরদার করা হচ্ছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। | কৃষক পর্যায়ে সার সহজলভ্যতার জন্য ডিলার পর্যায়ে সারের মনিটরিং অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| **০৩। উপজেলা মৎস্য বিভাগঃ**<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, ধারাবাহিক কাজের অংশ হিসাবে এ মাসে ২৬ টি মৎস্য খামার পরিদর্শন করা হয়েছে। তিনি বলেন, মৎস্য সংরক্ষণ আইন-১৯৫০ এর আওতায় বাজারে মাছে ফরমালিন পরীক্ষা অব্যাহত আছে। মাঠ পর্যায়ে টেস্ট কিটের মাধ্যমে চাষীর পুকুরে মাটি ও পানি পরীক্ষা পূর্বক পরামর্শ প্রদান অব্যাহত আছে । এছাড়া তিনি জানান, ভান্ডারদহ বাওড়ে ১ টি এবং কুকিয়াচাঁদপুরে ১টি  অভয়াশ্রম স্থাপনের কাজ শেষ করা হয়েছে । এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক বলে তিনি সভাকে অবহিত করেন। | মৎস্য খামার পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| **০৪। উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, চলতি মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ নাই, টিকা প্রদান সম্প্রসারণ গবাদী পশু ৫১১৬ মাত্রা, হাঁস-মুরগী ১০৩০০ মাত্রা। এছাড়া তিনি জানান, এ মাসে ২৯৮০টি গবাদি পশু এবং ১৬২৩৫টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এছাড়াও ডিম উৎপাদন- ৪০৯০০০০ টি, দুধ উৎপাদন-১৫৯০ মেঃ টন, মাংশ উৎপাদন- ২১১০.১০ মেঃটন। ঘাষ চাষ সম্প্রসারণ-১ একর, খামার পরিদর্শন- ১০ টি। | খামার সমূহ পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| **০৫। সমাজসেবা বিভাগ ঃ**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, সকল ভাতার ডিজিটালাইজেশনের লক্ষে ভাতাভোগিদের বিকাশ এ্যাকাউন্ট খোলার কার্যক্রম শেষ হয়েছে। তিনি সভায় উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, সরকার সামাজিক নিরাপত্তা বেস্টনির আওতায় সদর উপজেলায় ১২,১২৩ জনকে ৫০০ টাকা হারে বয়স্ক ভাতা, ৫৫৪৮ জনকে ৫০০ টাকা হারে বিধবা ভাতা এবং ৪৫৭৯ জনকে ৭৫০ টাকা হারে প্রতিবন্ধি ভাতা প্রদান করছে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলন, স্থানীয় জনপ্রতিনিধিদের সঙ্গে সমন্বয় করে ভাতা সংক্রান্ত সকল কাজ করতে হবে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেয কর্মকর্তা। |
| **০৬। পরিবেশ বন বিভাগঃ**<br>ভারপ্রাপ্ত কর্মকর্তা এসএফএনটিসি চুয়াডাঙ্গা, সামাজিক বন বিভাগ, কুষ্টিয়া জানান, তার দপ্তরের সকল কাজ সঠিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | ভাঃ কর্মঃ এসএফএনটিসি চুয়াডাঙ্গা |
| **০৭। পরিবার পরিকল্পনা বিভাগঃ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, চলতি মাসে পরিবার পরিকল্পনা সামগ্রী ব্যবহারকারীর হার ৮৩.১০%। এছাড়া চলতি মাসে নরমাল ও সিজারিয়ান ডেলিভারী সেবা ৫১ জন, গর্ভবতী সেবা ১৪৭০ জন এবং ৪০৯ জনকে প্রসবোত্তর সেবা প্রদান করা হয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা। |
| **০৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তরঃ**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি জানান, ২০২১-২২ অর্থবছরে টিআর মোট = ৯৪,৩৫,০৪৩/- টাকা বরাদ্দ পাওয়া গেছে, যার কাজ চলমান রয়েছে। এছাড়া কাবিটা/কাবিখা= ১২,৮৬,৮০৪ টাকা ও ১৭.১৩৯৫ মে.টন চালের প্রকল্প চেয়ে ইউপি চেয়ারম্যানদেরকে পত্র দেওয়া হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন। উপজেলা নির্বাহী অফিসার বলেন, সকল কাজে ইউপি চেয়ারম্যানদের সম্পৃক্ত করতে হবে। | উন্নয়ন কাজ শতভাগ বাস্তবায়নে তদারকি অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |

<table>
<tr>
<td><u>০৯। উপজেলা প্রকৌশল বিভাগঃ</u> সভায় উপজেলা প্রকৌশলী জানান, ২০২১-২২ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিল (ইউডিএফ) এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি তহবিলের বিপরীতে গৃহীত প্রকল্পের কাজ চলমান আছে। সভায় উপস্থিত ইউপি চেয়ারম্যানগণ বলেন, জুন মাস চলমান, অনেক প্রকল্পের কাজ এখনও আরম্ভ হয়নি। এসকল প্রকল্পের কাজ কবে নাগাদ আরম্ভ হবে এ বিষয়ে জানতে চাইলে উপজেলা প্রকৌশলী জানান, জুনের মধ্যে কাজ শেষ হয়ে যাবে। সভায় উপস্থিত উপজেলা চেয়ারম্যান বলেন, উপজেলা পরিষদের যাবতীয় উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে প্রকৌশল বিভাগের ভূমিকা অগ্রগন্য। কিন্তু অনেক সময় দেখা যায় উপজেলা পরিষদ কর্তৃক উন্নয়ন প্রকল্প গ্রহণের পরেও প্রকৌশল বিভাগ কর্তৃক প্রাক্কলণ প্রস্তুত সহ অন্যান্য কারিগরী সহযোগিতায় দীর্ঘসূত্রিতার কারণে উপজেলার সার্বিক উন্নয়ন কিছুটা হলেও বাধাগ্রস্থ হচ্ছে। এজন্য তিনি উপজেলা পরিষদের অর্গানোগ্রামে ১টি উপ-সহকারী প্রকৌশলী এবং ১টি সহকারী প্রকৌশলীর পদ সৃষ্টির ব্যাপারে নিজের মত ব্যক্ত করেন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন, যেহেতু প্রকৌশল বিভাগের নিজস্ব নানাবিধ উন্নয়ন কর্মকান্ড পরিচালিত করতে হয়, সেজন্য উপজেলা পরিষদের জন্য পৃথক কারিগরী পদ সৃষ্টির প্রস্তাব অত্যন্ত বাস্তবসম্মত। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে উত্থাপিত প্রস্তাবে সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। সভায় তিতুদহ ইউপি চেয়ারম্যান নিম্নরূপ প্রকল্পের সংশোধনী প্রস্তাব উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্রঃ</th><th>ইউনিয়ন</th><th>পূর্বের প্রকল্প</th><th>সংশোধীত প্রকল্প প্রস্তাব</th></tr>
<tr><td>০১</td><td>তিতুদহ</td><td>১। ৬২ আড়িয়া আশ্রয়ণ প্রকল্পের রাস্তার পাশে ঘরের পিছনে ড্রেণ নির্মান।</td><td>ক) হুলিয়ামারী কওমি হাফেজিয়া মাদ্রাসার পিছনে থেকে পাকা রাস্তার ব্রিজ পর্যন্ত ড্রেণ নির্মান প্রকল্পের বর্ধিতকরণ<br>খ) বিশ্বাস পাড়া হাশেমের বাড়ী হতে কাশেমের বাড়ী অভিমূখে পানি নিষ্কাশনের ড্রেন নির্মাণ</td></tr>
<tr><td></td><td></td><td>২। তিতুদহ ইউপির মুকুলের বাড়ী থেকে মহেদ এর বাড়ী পর্যন্ত রাস্তা ফ্লাট ফ্লাট সোলিং।</td><td>ক) তিতুদহ ইউপির বড়শলুয়া উত্তর পাড়া বাবলুর বাড়ী থেকে আপীলের বাড়ী পর্যন্ত রাস্তা ফ্লাট সোলিং।</td></tr>
</table>
দাখিলকৃত প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদন দেওয়া হয়।</td>
<td>চলমান প্রকল্পের কাজ তদারকি অব্যাহত রাখতে হবে।</td>
<td>উপজেলা প্রকৌশলী</td>
</tr>
<tr>
<td><u>১০। মাধ্যমিক শিক্ষা বিভাগঃ</u><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।</td>
<td>বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td><u>১১। প্রাথমিক শিক্ষা বিভাগঃ</u><br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট ইউনিয়ন পর্যায়ে বিগত ০৪.০৬.২২ তারিখ থেকে শুরু হয়েছে। এছাড়া স্টুডেন্টস কাউন্সিল নির্বাচন প্রক্রিয়া চলমান রয়েছে।</td>
<td>বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।</td>
<td>উপজেলা শিক্ষা কর্মকর্তা।</td>
</tr>
<tr>
<td><u>১২। পল্লী উন্নয়ন বিভাগঃ</u><br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td>
<td>বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।</td>
<td>উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা।</td>
</tr>
</table>

<table>
<tr>
<td><u>১৩। সমবায়ঃ</u> উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, এ দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td>
<td>বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা।</td>
</tr>
<tr>
<td><u>আলোচ্যসূচি-০৪ । উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের আওতায় নিম্নরুপ ৩ টি অবকাঠামো উন্নয়ন প্রকল্প অনুমোদন ঃ</u><br>উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে ৫ম পর্যায়ে উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়নের নিমিত্তে বিগত ২৫/০৫/২০২২ খ্রিঃ তারিখের উপজেলা প্রকল্প বাছাই কমিটির সভায় নিম্নবর্ণিত ০৩ টি অবকাঠামো উন্নয়ন প্রকল্প বাছাই করা হয়েছে। তিনি উক্ত সভার কার্যবিবরনী উপস্থাপন করে বলেন, বিধিমতে প্রকল্প কমিটির বাছাই করা প্রকল্প গুলো পরিষদের সভায় অনুমোদন নিতে হবে । সে মতে তিনি বাছাইকৃত ০৩ টি অবকাঠামো উন্নয়ন প্রকল্প প্রস্তাব বাজেট সহ সভায় উপস্থাপন করেনঃ<br>ক) প্রস্তাবিত বাজেটসহ অবকাঠামো উন্নয়ন প্রকল্প সমূহের তালিকা ঃ
<table>
<tr><th>উপপ্রকল্পের আইডি নং</th><th>উপ-প্রকল্পের শিরোনাম</th><th>প্রাস্তাবিত বাজেট (ভ্যাট ও কর ছাড়া)</th><th>আয়কর</th><th>ভ্যাট</th><th>প্রস্তাবিতবাজেট (ভ্যাট ও কর সহ)</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td><td>৬</td></tr>
<tr><td>আইএনএফ-২০২০-২১ ৪০১৮২৩-০১</td><td>চুয়াডাঙ্গা সদর উপজেলাধীন চুয়াডাঙ্গা টাউন ফুটবল মাঠের সিমানা প্রাচীর নির্মাণ</td><td>১০৩৩৮৯৫.০০</td><td>৩৪৬৫৬.০০</td><td>৮৬৬৩৯.০০</td><td>১১৫৫১৯০.০০</td></tr>
<tr><td>আইএনএফ-২০২০-২১ ৪০১৮২৩-০২</td><td>চুয়াডাঙ্গা সদর উপজেলাধীন বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ে, প্রজেক্টর, ল্যাপটপ এবং প্লাস্টিক বেঞ্চ সরবরাহ</td><td>১০০৬৩৪৭.০০</td><td>৩৫২১৩.০০</td><td>১৩২২১১.০০</td><td>১১৭৩৭৭১.০০</td></tr>
<tr><td>আইএনএফ-২০২০-২১ ৪০১৮২৩-০৩</td><td>চুয়াডাঙ্গা সদর উপজেলাধীন আলুকদিয়া ইউপির আমেনা খাতুন মাধ্যমিক বিদ্যালয়ে তিন কক্ষ বিশিষ্ট ভবণ নির্মাণ।</td><td>১৯৫৯৭৫৬.০০</td><td>৬৫৬৯০.০০</td><td>১৬৪২২৫.০০</td><td>২১৮৯৬৭২.০০</td></tr>
<tr><td></td><td>মোট</td><td>৩৯৯৯৯৯৮.০০</td><td>১৩৫৫৫৯.০০</td><td>৩৮৩০৭৫.০০</td><td>৪৫১৮৬৩৩.০০</td></tr>
</table>
উপস্থাপনকৃত ২০২০-২১ অর্থবছরে ( ৫ম পর্যায়) ৩ টি অবকাঠামো উন্নয়ন প্রকল্পের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচোনান্তে প্রকল্পগুলি সঠিক আছে বলে সভায় উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন। এবং প্রস্তাবকৃত ৩ টি অবকাঠামো উন্নয়ন-প্রকল্প সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>ক) ২০২০-২০২১ অর্থ বছরে (৫ম পর্যায়) উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের আওতায় গৃহীত ০৩টি অবকাঠামো উন্নয়ন প্রকল্প অনুমোদন দেওয়া হলো।</td>
<td>উপজেলা প্রকৌশলী</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| **আলোচ্যসূচি-০৫। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিয়মিত ব্যয় অনুমোদন ও নতুন প্রকল্প গ্রহনঃ** ক) সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান, নিম্নবর্নিত খাত সমুহে নীতিমালা অনুযায়ি তাৎক্ষনিকভাবে ব্যয় করার নির্দেশনা দেওয়া হয়েছে যার বিল বকেয়া আছে। এছাড়া কিছু বিল দাখিল হয়েছে। বিদ্যমান নীতিমালার আলোকে মাসিক সভায় অনুমোদন হবার পর দাখিলকৃত বকেয়া বিল পরিশোধ করা হবে। বকেয়া বিলঃ<br>১) চলতি মাসের ০৩ টি মডেমের ইন্টারনেট ব্যয়=৩,০০০/-<br>২) চলতি মাসের সংবাদপত্রের বিল=১,৫৫০/-<br>৩) উপজেলা পরিষদের জীপগাড়ীর তেলের বিল= ১,২৫,০৫২/-<br>৪) উপজেলা পরিষদ চেয়ারম্যানের ভ্রমণ ব্যয় বিল=৪১,২৫০/-<br>৫) উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের ভ্রমণ ব্যয় বিল= ২৭,০০০/-<br>৬) উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানের ভ্রমণ ব্যয় বিল=২৭,০০০/-=<br><br>সভায় ১-২ নং ক্রমিকে বর্ণিত ব্যয় পরিশোধের অনুমোদন গ্রহণের জন্য ব্যয় বিবরণী/বিল ভাউচার দাখিল করা হয়। সভায় জানানো হয় দাখিলকৃত বিল ভাউচার সঠিক আছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত ব্যয় সমূহ উপজেলা পরিশোধের রাজস্ব তহবিল হতে পরিশোধের ব্যপারে সকলে একমত পোষণ করেন। এছাড়া ৩-৬ নং ক্রমিকে বর্নিত জীপগাড়ীর তেলের বিল ও ভ্রমণ ব্যয় বিলের অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ব্যক্তির অনুকূলে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে চেক প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। ১-২ নং ক্রমিকে বর্নিত বকেয়া ব্যয় সমুহ ভাউচারে এবং ৩-৬ নং ক্রমিকের জীপগাড়ীর তেলের বিল ও ভ্রমণ ব্যয় বিলের অর্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ ব্যক্তির অনুকূলে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে চেক প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার। | **আলোচ্যসূচি-০৬ বিবিধঃ**<br>**১। উপজেলা নির্বাহী অফিসারঃ** সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা |

পরিষদের গুরুত্বপূর্ন মাসিক সভায় সকল সদস্যকে নিয়মিত উপস্থিত থাকতে হবে। এছাড়া তিনি জানান, হস্তান্তরিত ১৭ টি দপ্তরের উপজেলা কমিটির সভা নিয়মিত করা সহ চলমান কার্যক্রমের চিত্র মাসিক সভার পূর্বে এ অফিসে প্রদান করলে সভার আলোচনা প্রাণবন্ত হবে। তিনি এ বিষয়ে অধিক সচেতনতা অবলম্বন করতে সভায় উপস্থিত বিভিন্ন দপ্তর প্রধানদের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া তিনি জানান, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, চুয়াডাঙ্গা কে পরিষদের সভায় কো-অপ্ট করা সহ তাদের জন্য উপজেলা পরিষদের কমপ্লেক্স ভবনে কক্ষ বরাদ্দ দেওয়ার নির্দেশনা পাওয়া গেছে। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন কে পরিষদের সভায় কো-অপ্ট করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**২। উপজেলা ভাইস চেয়ারম্যানঃ** সভায় উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান, মোঃ মাসুদুর রহমান উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে তার বক্তব্য শুরু করেন। তিনি বলেন,আমরা জনপ্রতিনিধি আপনাদের সহযোগিতা নিয়ে কাজ করতে চাই। তিনি সভায় উপস্থিত সকল দপ্তর প্রধানকে উদ্দেশ্য করে বলেন,সরকার প্রতিটি দপ্তরের মাধ্যমে নানাবিধ উন্নয়নমূলক কাজ করে থাকে যা উপজেলা পরিষদকে অবহিত করা হয় না। তিনি ১৭ টি দপ্তরের মাধ্যমে যেকোন উন্নয়ন মূলক কাজ করা হোক না কেন তা উপজেলা পরিষদকে অবহিত করতে অনুরোধ করেন। এছাড়া তিনি বলেন, উপজেলা পরিষদের সর্বোচ্চ গুরুত্বপূর্ণ মাসিক সভায় অনেক দপ্তর প্রধান প্রতিনিধি প্রেরণ করেন যা কাম্য নয়। এব্যপারে পদক্ষেপ নিতে তিনি উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি চুয়াডাঙ্গা সদর হাসপাতালের অনিয়ম তুলে ধরে বলেন, সরকারি ভাবে হাসপাতালে বিভিন্ন ধরনের অপারেশনের ব্যবস্থা থাকলেও হাসপাতাল কর্তৃপক্ষ সপ্তাহিক অপারেশনের ব্যবস্থা রেখেছে এতে গরীব, গ্রামের অসহায় রুগিদের চরম ভোগান্তি হচ্ছে। তিনি এ বিষয়ে ব্যবস্থা নিতে স্বাস্থ্য বিভাগের প্রতিনিধিকে অনুরোধ করেন।

**৩। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানঃ** সভায় উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান, মোছাঃ সাহাজাদী বলেন,হস্তান্তরিত দপ্তরপ্রধানগন উপজেলা কমিটি সমূহের সভা নিয়মিত করলে ভাল হয়। তিনি উপজেলা কমিটি সমূহের সভা আয়োজনে আরো বেশি আন্তরিক হতে সভায় উপস্থিত

বিভিন্ন দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন। তিনি জানান, উপজেলা পরিষদের সিদ্ধান্ত মোতাবেক প্রতি মাসের ১ম বৃহঃবার উপজেলা কমিটির সভা করা হবে।

**৪। গড়াইটুপি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ঃ** গড়াইটুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ শফিকুর রহমান বলেন, গড়াইটুপি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবণ নির্মানের জন্য ৯৫ নং গড়াইটুপি মৌজার ৬৯৭ নং খতিয়ানের ১২২০ও ১২২১ দাগে ০.৩৩০০ একর জমি রেজিস্ট্রি পূর্বক প্রস্তাব প্রেরেণ করা হয়। তৎপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ, ইউপি-১ শাখার ১৫/০৯/২০২১ খ্রিঃ তারিখের ৭২৯ নং স্মারকে গড়াইটুপি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবণ নির্মাণের প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলেও অদ্যবধি কমপ্লেক্স ভবন নির্মানের বরাদ্দ পাওয়া যায়নি । এজন্য দাপ্তরিক কার্যক্রম পরিচালনায় বিঘ্ন ঘটছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা শেষে গড়াইটুপি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনের বরাদ্দ চেয়ে জেলা প্রশাসক মহোদয় বরাবর প্রস্তাব প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**৫। উপজেলা নির্বাচন অফিসঃ** সভায় উপজেলা নির্বাচন অফিসার বলেন, অতি সম্প্রতি ইউনিয়ন পরিষদ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। এছাড়া বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে বলে তিনি সভাকে অবহিত করেন।

**৬। উপজেলা পরিসংখ্যান অফিসঃ** সভায় উপজেলা পরিসংখ্যান অফিসার বলেন, আগামী মে/২২ মাসে জনশুমারীর কাজ শুরু হবে। এছাড়া বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন (পজীপ)ঃ** প্রকল্প কর্মকর্তা পজীপ সভায় জানান, এ দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**০৮। পল্লীসঞ্চয় ব্যাংকঃ** আমার বাড়ী আমার খামার উপজেলা সমন্বয়কারী সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

**০৯। পল্লীবিদ্যুৎঃ** সভায় উপস্থিত পল্লীবিদ্যুৎ চুয়াডাঙ্গা জোনাল অফিসের এজিএম জানান, বিদ্যুৎ বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভায় উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন।

**১০। তথ্য আপাঃ** সভায় উপস্থিত তথ্যসেবা কর্মকর্তা জানান, এ বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভায় উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন।

**১১। জঙ্গীবাদ/ সন্ত্রাসবাদ এর কুফল সম্পর্কে উদ্বুদ্ধকরণঃ** এ উপজেলায় আলোচ্য মাসে কোন জঙ্গী তৎপরতা পরিলক্ষিত হয়নি। ইউপি চেয়ারম্যানগণ জানান যে, জঙ্গীবাদের কুফল সম্পর্কে মসজিদে জুম্মার দিন খুৎবার সময় আলোচনা করা হয়ে থাকে। এ ছাড়া ইউনিয়ন পরিষদে অনুষ্ঠিত সভা সমূহেও বিষয়টির ওপর আলোচনা করা হয়ে থাকে।

**১২। উপজেলা ডিজিটাল সেন্টারঃ** উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা ডিজিটাল সেন্টারের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। ডিজিটাল সেন্টার চালু হওয়ার পর থেকে জনসাধারনের এ অফিস থেকে সেবা পাওয়া অধিকতর সহজলভ্য হয়েছে। এছাড়া সরকারী ১৭ টি দপ্তর উপজেলা ডিজিটাল সেন্টার হতে বিভিন্ন ধরনের ই-সেবা গ্রহণ করছে।

সভাপতি আলোচনায় সক্রিয় অংশ গ্রহণের জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন, সকল দপ্তরের চলমান কার্যক্রমের চিত্র সভা আরম্ভ হবার পূর্বে এ দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। তিনি জানান, আমাদেরকে পূর্বের মত সুশৃংখল ভাবে কাজ করতে হবে ও দায়িত্ব পালনে আরো যত্নশীল হতে হবে। উপজেলা কমিটি সমূহের সভা নিয়মিত করতে হবে। গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহনে আরো বেশি যত্নবান হতে সকলকে তিনি অনুরোধ জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আসাদুল হক বিশ্বাস)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
চুয়াডাঙ্গা সদর,চুয়াডাঙ্গা।

উপজেলা পরিষদ কার্যালয়
চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
www.chuadangasadar.chuadanga.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ঃ ৪৬.৪৪.১৮২৩.০০০.০৬.০০২.২২- ১৪২ (৪০) ।  ২০/০৬/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ-

১। মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-১/ মাননীয় সংসদ সদস্য, চুয়াডাঙ্গা-২ ।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর ।
৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা।
৭। উপজেলা.................................................অফিসার, চুয়াডাঙ্গা সদর ।
৮। চেয়ারম্যান, আলুকদিয়া/মোমিনপুর/ কুতুবপুর/ শংকরচন্দ্র/বেগমপুর/তিতুদহ/পদ্মবিলা/গড়াইটুপি ইউপি।

(শামীম ভূইয়া)
উপজেলা নির্বাহী অফিসার
চুয়াডাঙ্গা সদর,চুয়াডাঙ্গা।
unochuadanga@mopa.gov.bd